১৬ পাতার সংখ্যা
দাম : ৫ টাকা
# কর্মসংস্থান
www.karmosangsthan.com
Vol. 35 ■ Issue No. 37 ■ 10th September 2022 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

প্রাইমারী TET
2017 TET-এ সফল 53 জন
Child Study, বাংলা, English, EVS ও Math এর উন্নত স্টাডি, Mock Test, Practice Set
স্কুল সার্ভিস PT + স্কুল সার্ভিস Subject ও হেডমাস্টার
নতুন নিয়ম অনুসারে বাংলো, ইংরাজি, সংস্কৃত, ইতিহাস, ভূগোল, এডুকেশন, কর্মশিক্ষা, রাষ্ট্রবিজ্ঞান, দর্শন, L.Sc., P.Sc., গণিত এর বিষয়ভিত্তিক কোচিং
সোনারপুর, মেচেদা, বারাসাত, বর্ধমান ✆ 9831274056

## ফুড কর্পোরেশনে ৫,০৪৩ অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র ইঞ্জিনিয়ার

**গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য**

**নিজস্ব সংবাদদাতা :** ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়ার পূর্বাঞ্চল জোন, উত্তর-পূর্বাঞ্চল জোন, উত্তরাঞ্চল জোন, দক্ষিণাঞ্চল জোন ও পশ্চিমাঞ্চল জোন 'অ্যাসিস্ট্যান্ট গ্রেড-।।। (জেনারেল)', 'অ্যাসিস্ট্যান্ট গ্রেড-।।। (অ্যাকাউন্টস)', 'অ্যাসিস্ট্যান্ট গ্রেড-।।। (টেকনিক্যাল)', স্টেনো গ্রেড-।।। ও 'অ্যাসিস্ট্যান্ট গ্রেড-।।।(ডিপো)', 'জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল)' ও 'জুনিয়র ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল)' পদে ৫,০৪৩ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড-।।। (জেনারেল) :** যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটারে দক্ষতা থাকতে হবে।

শূন্যপদ : পূর্বাঞ্চল ১৮৫টি (জেনাঃ ৮০, তঃজাঃ ৩৮, তঃউঃজাঃ ১৯, ও.বি.সি. ২৯, উচ্চবর্ণের সংরক্ষিত প্রার্থী ১৯)। এর মধ্যে প্রতিবন্ধী ৭, প্রাঃসঃকঃ ৪২। পশ্চিমাঞ্চল ৯২টি ☞ এরপর ১০ পাতায়

VANIK
Admission open for
Bank / SSC
Rail/WBCS
SLST/TET
7449556677

## প্রাইমারি 'টেট' পুজোর পরই, বিজ্ঞপ্তি এ মাসেই

**রঞ্জিৎ ঘোষ :** প্রাথমিক 'টেট' নেওয়া হবে পুজোর পর। এমনই ইঙ্গিত পাওয়া গেল প্রাথমিক শিক্ষা পর্যদ সূত্রে। রাজ্যের কোথায় কোথায় পরীক্ষা নেওয়া হতে পারে আর কোন জেলায় ক'টি পরীক্ষা কেন্দ্র হবে ও পরীক্ষার্থীর সংখ্যা কত হতে পারে তার তথ্য সংগ্রহ করল রাজ্য প্রাথমিক শিক্ষা পর্ষদ। প্রাথমিক শিক্ষা পর্যদের নতুন চেয়ারম্যান গৌতম পালের নেতৃত্বে অ্যাড হক নিয়োগ কমিটি তৈরি হয়। এই কমিটিতে উচ্চ পর্যায়ের প্রতিনিধিরা আছেন। তাঁদের সিদ্ধান্তেই নতুন করে 'টেট' নেওয়ার পরিকল্পনা চলছে। এই অ্যাড হক কমিটি এ মাসের দ্বিতীয় সপ্তাহেই বৈঠক করে প্রাথমিক 'টেট' নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে।

চেয়ারম্যান গৌতম পাল জানান, প্রাথমিক 'টেট' দ্রুত নেওয়ার জন্য আমরা ☞ এরপর ৪ পাতায়

সরকারি চাকরির প্রস্তুতি
ICE Academy
WBCS SSC PSC
Primary-TET Police
School Service
বালিগঞ্জ কেন্দ্র
9804412898
7044517509

## এখনই ৮৯ হাজার শিক্ষক শিক্ষিকা নেওয়ার নির্দেশ

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** সোমবার বিশ্ববাংলা মেলা প্রাঙ্গণে 'শিক্ষারত্ন' দেওয়ার অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় জানান, শিক্ষক-শিক্ষিকা পদে ৮৯,০৩৫টি পদ খালি রয়েছে। এই পদে শিগগিরই নিয়োগের জন্য শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুকে নির্দেশ দেন। মুখ্যমন্ত্রী জানান, এর মধ্যে এই রাজ্যে ☞ এরপর ১৫ পাতায়

## পুলিশে চাকরির বয়স বেড়ে ৩০ বছর হল

**রঞ্জিৎ ঘোষ :** পুলিশে চাকরির বয়সসীমা বাড়াল রাজ্য সরকার। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ৩১ আগস্ট সাংবাদিক সম্মেলনে জানান, পুলিশে কনস্টেবল পদে চাকরির বয়সসীমা ২৭ বছর থেকে বেড়ে ৩০ বছর করা হয়েছে। পশ্চিমবঙ্গ পুলিশ ও কলকাতা পুলিশে কনস্টেবল পদে বয়স বাড়ানোর জন্য অনেক দিন থেকেই অনুরোধ আসছিল। তাঁদের ট্রেনিংয়ে ☞ এরপর ২ পাতায়

## রৌরকেলা স্টিল প্লান্টে ৩২৫ টেকনিশিয়ান

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারের অধীন সংস্থা স্টিল অথরিটি অফ ইন্ডিয়ার রৌরকেলা স্টিল প্ল্যান্ট 'অপারেটর-কাম-টেকনিশিয়ান-ট্রেনি', 'অ্যাটেন্ড্যান্ট কাম টেকনিশিয়ান (ট্রেনি)', 'সার্ভেয়র', 'ফায়ার অপারেটর', 'ফায়ারম্যান কাম ফায়ার ইঞ্জিন ড্রাইভার', 'অ্যাটেন্ড্যান্ট কাম টেকনিশিয়ান (ট্রেনি) (এইচ.এম.ভি.)' ও 'মাইনিং ফোরম্যান' পদে ৩২৫ জন ছেলেমেয়ে ☞ এরপর ১৫ পাতায়

WB-JEE/NEET-23
আর চিন্তা না করে সাফল্য পেতে হলে, সত্বর যোগাযোগ করুন - Arise
achieve your TARGETS
GNM,B.Sc Nursing এবং Paramedical Course
সরকারী কলেজে ভর্তির প্রস্তুতির জন্য যোগাযোগ করুন
ভোকেশনাল (10+2) স্টুডেন্টরা WBJEE এর মাধ্যমে B-Tech এ ভর্তি হতে পারবে।
Jexpo/Voclet-23
সরকারী পলিটেকনিক কলেজে ভর্তির প্রস্তুতির জন্য যোগাযোগ করুন
WBCS,রেল,ব্যাঙ্ক,পুলিশ এছাড়া সমস্ত সরকারী চাকরীর প্রস্তুতির জন্য Combined কোর্স এ ভর্তি চলছে
Jelet-23 ভালো Rank মানেই Arise
* উচ্চমাধ্যমিক (Science) এবং মাধ্যমিকের (Science Group) এর স্পেশাল ব্যাচ ভর্তি চলছে
* উপরিউক্ত সমস্ত কোর্সের ক্ষেত্রে অঙ্ক না কষে, প্রশ্ন দেখেই উত্তর করার এবং Phys., Chem. মুখস্থ না করে সঠিক পদ্ধতি শিখে উত্তর করতে হলে আজই যোগাযোগ করুন।
Arise-এর Help Desk এ - 9332942455
For Admission Details Contact : 8371917679
চাকদহ- 8759247008, বারাসাত - 7319096710, কৃষ্ণনগর - 8759247332, শ্রীরামপুর - 7319096712
• দমদম • নৈহাটি • সোদপুর • হাবড়া • বসিরহাট • রানাঘাট • জাগুলি • তাহেরপুর • বেথুয়া • বহরমপুর • হাওড়া • কাঁথি • তারকেশ্বর • আরামবাগ • বর্ধমান • কাটোয়া • কালনা • ব্যান্ডেল • মালদা • বালিগঞ্জ
সমস্ত শাখার জন্য Faculty (Math,Phy,Chem,Bio) চাই সত্বর যোগাযোগ করুন।

## পুরসভায় ১২৭ স্বাস্থ্যকর্মী

**নিজস্ব সংবাদদাতা :** কলকাতা পুরনিগম 'অনারারি হেলথ ওয়ার্কার' পদে ১২৭ জন মহিলা নিচ্ছে। মাধ্যমিক পাশ বিবাহিতা, বিধবা বা, আইনত বিবাহবিচ্ছিন্না মহিলারা আবেদন করতে পারেন। উচ্চ শিক্ষাগত যোগ্যতার প্রার্থীরাও যোগ্য। পুরসভা এলাকার বাসিন্দা হতে হবে। বয়স হতে হবে ১-১-২০২২'এর হিসাবে ৩০ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলী আর ও.বি.সি. প্রার্থীদের বেলায় বয়স হতে হবে ২২ থেকে ৪০ বছরের মধ্যে। ১ বছরের চুক্তিতে নেওয়া হবে। তবে কাজে সন্তুষ্ট হলে মেয়াদ বাড়ানো হবে। পারিশ্রমিক মাসে ৪,৫০০ টাকা। শূন্যপদ : ১২৭টি।

প্রার্থী বাছাই হবে মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে। দরখাস্ত দেখে বাছাই প্রার্থীদের মোট শূন্যপদের ১০ গুণ ☞ এরপর ২ পাতায়

**ভেতরের পাতায় আছে :**
- রেলের গ্রুপ 'ডি' পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
- নানান কোর্সের খবরাখবর ও সাধারণ জ্ঞান

## ন্যাবার্ডে ১৭৩ অ্যাসিস্ট্যান্ট

**নিজস্ব সংবাদদাতা :** ন্যাশনাল ব্যাঙ্ক ফর অ্যাগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট (ন্যাবার্ড) রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্কিং সার্ভিসে 'ডেভেলপমেন্ট অ্যাসিস্ট্যান্ট' পদে ১৭৩ জন ☞ এরপর ৪ পাতায়

### উত্তর ২৪ পরগনা জেলায়
## ৭৮০ স্বাস্থ্যকর্মী

**নিজস্ব সংবাদদাতা :** উত্তর ২৪ পরগনা জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি মেডিক্যাল অফিসার, কমিউনিটি হেলথ অ্যাসিস্ট্যান্ট, স্টাফ নার্স, ব্লক ☞ এরপর ৭ পাতায়

SLST PRELIMINARY TEST IX-X & XI-XII
School Service Commission
এছাড়াও SLST-র সমস্ত বিষয়ভিত্তিক বই (IX-X & XI-XII) আলাদাভাবে প্রকাশিত হয়েছে
কলকাতা পুলিশ কনস্টেবল প্র্যাকটিস সেট ও Mock Test
INDIAN POLITY & CONSTITUTION
ENCYCLOPEDIA (English Version)
Chapterwise Solved Pre. Years' Exam Questions upto 2022
ইতিহাস এনসাইক্লোপিডিয়া 7000+ MCQ
২০২২ সাল পর্যন্ত সমস্ত কম্পিটিটিভ পরীক্ষার অধ্যায়ভিত্তিক প্রশ্নোত্তর (ব্যাখ্যা সহ)
তপতী® পাবলিশার্স
৯/৪ টেমার লেন, কোলকাতা-০৯ e.mail: tapatipublishers@gmail.com
Our Books Now Available on Amazon and Flipkart Follow us on
WBCS (MAINS)
আবশ্যিক পত্র বাংলা ও ইংরাজি
68 Practice set
MISSION I'MPOSSIBLE
Mock Test Series for WBCS Exam. (Preli.) 89 Set
ইতিহাস MCQ (8000+) - 2022
বিগত বছরের কেন্দ্র ও রাজ্যের কম্পিটিটিভ পরীক্ষার অধ্যায়ভিত্তিক MCQ প্রশ্নের সমাধান
কলকাতা পুলিশ কনস্টেবল (Guide Book 2022)
EPH EDUCON®
PUBLISHING HOUSE
Our Books Now Available on Amazon and Flipkart Follow us on

## স্বাস্থ্য দফতরে ১৯১ আশা কর্মী

**নিজস্ব সংবাদদাতা :** হাওড়া জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতির অধীন জাতীয় গ্রামীণ মিশন প্রকল্পের অন্তর্গত হাওড়া জেলা সদর ও উলুবেড়িয়া মহকুমার অন্তর্গত বিভিন্ন ব্লকের উপস্বাস্থ্য কেন্দ্রে কাজের জন্য 'আশা' কর্মী পদে ১৯১ জন তরুণী নেওয়া হচ্ছে। কারা আবেদনের যোগ্য :

মাধ্যমিক পাশ বা, মাধ্যমিক অবতীর্ণ বিবাহিতা, বিধবা বা, বিবাহবিচ্ছিন্না মহিলারা আবেদন করতে পারেন। উচ্চশিক্ষাগত যোগ্যতার মহিলারা মাধ্যমিকের সার্টিফিকেট দিয়ে দরখাস্ত করতে পারবেন। বয়স হতে হবে ১-১-২০২২'এর হিসাবে সাধারণ প্রার্থীদের বেলায় ৩০ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীদের বেলায় বয়স হতে হবে ২২ থেকে ৪০ বছরের মধ্যে। প্রার্থীকে সংশ্লিষ্ট গ্রাম ও উপস্বাস্থ্য কেন্দ্রের স্থায়ী বাসিন্দা হতে হবে।

কোন ব্লকে ক'টি শূন্যপদ তা পাবেন এই ওয়েবসাইটে : www.howrahzilaparishad.in এই পদের মেমো নং : ☞ এরপর ৪ পাতায়

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্প লাইন
(০৩৩) ২৪৬০ ৬২১১/ ৬২১২/ ৮২৩৪ ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স, আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

## স্কুল-কলেজ-শিক্ষা

GNM / B.Sc. নার্সিং করুন সরকারী (W.B) কলেজ থেকে। মাধ্যমিক / H.S. / B.A. / M.A. / B.Ed. / D.Ed. / B.Libs. / Pharmacy / Engineering / Ph.D. ডাইরেক্ট সার্টিফিকেটের জন্য যোগাযোগ করুন। M: 9476470958 B

**COMPETITIVE MATHS**
সকল সরকারি চাকরির পরীক্ষার অঙ্ক করানো হয়। মাসিক ফি 201/- মাত্র। M: 9007595993, মধ্যমগ্রাম। S

**Math & Eng সোনারপুর**
WBCS, SSC, ক্লার্ক, Gr–D Rail, ব্যাঙ্ক, প্রাইমারী (Tet), পুলিশ, SI সেকেন্ডে কৌশল-9836045234 SH

## ব্যবসা-বাণিজ্য

যে কোনো পুজো পার্বনে বা, ধর্মীয় অনুষ্ঠানে যাবতীয় পুজোর আনুষাঙ্গিক সরঞ্জাম বা, দশকর্মার যাবতীয় জিনিস নিয়ে ব্যবসা করে প্রচুর টাকা আয় করুন। ফ্রাঞ্চাইজি নিতে যোগাযোগ : 6289242110. S

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## স্কুল-কলেজ-শিক্ষা

WBCS, PSC, IBPS, SSC. Above 80% success for Govt. Service. Mrs. Maity. Ph : 98741 21627. SH(A)

**ভর্তির বিজ্ঞপ্তি**
মহিলাদের সরকারি কারিগরি প্রশিক্ষণ, বালিগঞ্জ ট্রেনিং ইনস্টিটিউট, ফোন নম্বর : 7439325959 (কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার অধীনস্থ) ২০২২ শিক্ষাবর্ষে Boutique Assistant এবং Garment Manufacturing 'STVT Course-এ ভর্তির জন্য শুধুমাত্র মহিলা প্রার্থীদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। এই কোর্সটি WBSCTVESD দ্বারা মান্যতাপ্রাপ্ত। শিক্ষা প্রতিষ্ঠান বালিগঞ্জ ট্রেনিং ইনস্টিটিউট, ২৭০ রাসবিহারী এভিনিউ, কলকাতা-১৯ (বালিগঞ্জ ভারত সেবাশ্রম সঙ্ঘের নিকট), যোগ্যতা- সরকার স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ন্যূনতম Class-VIII বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। SH

**প্রাইমারি TET-এ সফল 57**
নিশ্চিত সাফল্য পেতে শর্টকাট MATH-সহ Spl. কোচিং, বেলঘরিয়া, M : 7003686524 D

NSDC অনুমোদিত ফিজিওথেরাপি, Nursing, X-Ray কোর্সে ভর্তি চলছে। CBMC - 7980637213, 32, Surya Sen St. Kol-9 CM

**ENDEAVOUR**
Medical Representative Training for Graduates. 100% Job. Kolkata : 8961061014, Midnapore : 9038000283, Siliguri : 9875559677 SH(A)

নিশ্চিত চাকুরী সহ
হোটেল ম্যানেজমেন্ট
BCA কোর্স
হোস্টেল ফ্রি
VIMT
M-80173 79747
www.vimt.org

## কর্মখালি

অফিস Job এর জন্য ছেলে/মেয়ে প্রয়োজন। বয়স: 20-26, Qlf.- গ্র্যাজুয়েট। দক্ষতা: Hindi, English speaking. Smart & handsome. বেতন: st-10-15K, স্থায়ী- 25K, মোবাইল: 9836456781(12-4 PM) SH

**পুজোর আগেই জয়েনিং**
ব্যাঙ্ক, DSA-তে M/F নিয়োগ চলছে। যোগ্যতা : ৮ম-স্নাতক, বেতন-(17k-52k), PF, ESI, 9144056473 SP

**ব্যাঙ্ক, এয়ারপোর্ট**
বিনা ডোনেশনে Bank ও এয়ারপোর্টে অষ্টম/স্নাতক M/F কর্মী চাই। বেতন : 22,000/-–42,700/-, PF, ESI, বোনাস-সহ থাকা-খাওয়া ফ্রি। 9434566004 SA

**প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব**
Front & Back office. Age : 18-35, HS & Graduate. Salary :12k-20K. নিজ এলাকা। হাওড়া-হুগলি : 9477762102, 6291125164, 8697616100. R

**জাহাজ ও ডকে চাকরি**
জাহাজে অষ্টম-স্নাতক 107 জন নিয়োগ। খিদিরপুর, হলদিয়া হইতে আন্দামান। বেতন : 27,400/-65,700/- +PF, শীঘ্র যোগাযোগ, M : 9434565014 SA

**প্রাঃ ব্যাঙ্কে জেলাভিত্তিক স্থায়ী জব**
L.C No-KIB49E87 পঃ বাংলার 23টি জেলায় প্রাঃ ব্যাঙ্কে DSA-তে Back Office- সহ যোগ্যতানুযায়ী, অন্যান্য পদে ও বিভিন্ন বেতনে 113 জন M/F-কে জেলাভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। Salary - 17,700/- – 25,500/- MP - স্নাতক। ছুটি, বোনাস, ESI, PF, Insurance অন্যান্য সুবিধা। 7602640505 SA

## কর্মখালি

**সরাসরি নিয়োগ**
প্রতিটি জেলায় গার্ড, SV, ইনচার্জ, ওয়ার্ডবয়, পিওন, অফিসবয়, ক্লার্ক, ATM গার্ড চাই। বেতন : 13500–22500. M : 8961921488 SA

**পুজোর ভ্যাকান্সি**
বিনা ডোনেশনে Airport ও Bank-এ M/F, অষ্টম-স্নাতক 5 দিনে জয়েনিং। বেতন : 22,000–47,000. থাকা-খাওয়া ফ্রি। M : 8902427408 SA

**শীঘ্র নিয়োগ**
অজন্তা (DSA)-তে বিস্কুট, মেডিসিন, চিপস, জল, Co.-তে M/F চাই। থাকা-খাওয়া ফ্রী। বেতন : 12000/—18000/-, M : 8370952035 SA

**Group-D তে নিয়োগ**
পুজোর আগে Airport ও ব্যাঙ্কে ৮ম-স্নাতক M/F কর্মী চাই। বেতন- 22,100-45,300 - থাকা -খাওয়া ফ্রি। M - 9434565155 SA

**হোটেলে চাকরি**
সরাসরি 3 দিনে জয়েনিং। আয় : 10,000 থেকে শুরু সঙ্গে থাকা-খাওয়া ফ্রী + ধাপে ধাপে উন্নতি। বয়স -18-30. গড়িয়া- 9231680651 CM

**BANK-AIRPORT**
Govt. Reg. No.-2248 সমস্ত জেলায় বিনা ডোনেশনে ব্যাঙ্ক, Airport-এ ৮ম/স্নাতক M/F কর্মী চাই। বেতন : (17200–42000) থাকা-খাওয়া ফ্রি। PF, ESI, বোনাস। 9432957601 SA

**আর্জেন্ট ভ্যাকান্সি**
পশ্চিমবঙ্গের প্রাঃ ব্যাঙ্ক (DSA)তে বিভিন্ন পদে M/F স্থায়ী চাকরি। বেতন-১৮,৫০০-৪৮,৭০০ ঊর্ধ্বে। X-Armyদের বিশেষ সুবিধা আছে। Mob : 6289738592 SA

## কর্মখালি

**Urgently Required**
Urgent requirement for Cook (Indian, Chinese, Tandur, Mocktails), waiter and Washerman-cum-Housekeeping, Barasat, Kol-124. "PETUK BABU"- Call/Wapp-9477910091. R

**হোটেলে চাকুরী**
সরাসরি ৭ দিনে জয়েনিং। আয় 8,000 থেকে 10,000 সঙ্গে থাকা-খাওয়া ফ্রী +ধাপে ধাপে উন্নতি। Ph: 8017379747 R

**Airport এ নিয়োগ**
No Donation, সরকারি কন্ট্রাক্টরের অধীনে ৮ম/স্নাতক নিয়োগ। পদ- S/V, G/FS, চেকিং - পোস্টিং দমদম, বর্ধমান, অণ্ডাল, শিলিগুড়ি। বেতন - 17,900/- – 42,400/- . শীঘ্র যোগাযোগ-M : 9434564954 SA

**ব্যাঙ্ক DSA-তে চাকরি**
পশ্চিমবঙ্গের সমস্ত জেলাভিত্তিক ব্যাঙ্কে নিয়োগ চলছে। যোগ্যতা- মাধ্যমিক-স্নাতক। বেতন : 13,500/-–56,000/-, M/F নিয়োগ। Ex-Army দের বিশেষ সুবিধা আছে। M- 8609639553 SA

**জাহাজে ও ডকে স্থায়ী জব**
L.C No-Kol59WB পঃ বাংলার বিভিন্ন জেলার কর্মপ্রার্থীদের যোগ্যতানুযায়ী বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে 87 জন M/F- পঃ বাংলার মধ্যে নিয়োগ করানো হচ্ছে। বেতন- 21,720/- – 47,550/- MP - স্নাতক। 3 মাস 16 দিন জব করার পর 27 দিনের ছুটি with Salary-সহ। থাকা-খাওয়া-সহ ছুটি, বোনাস, ESI, Insurance, PF. এছাড়া অন্যান্য সুবিধা। M : 7477530111 SA

রবীন্দ্র পাঠ ভবন®



ADMISSION OPEN
NURSING TRAINING
- DIPLOMA IN NURSING (DURATION 2 YEARS)
- G.N.M (DURATION 3 YEARS)

All Courses Govt. Recognize & INC Approved Valid India & aboard

Paramedical Course
- DIPLOMA IN MEDICAL LABORATORY TECHNICIAN
- DIPLOMA IN ECG TECHNICIAN
- DIPLOMA IN PATIENTCARE(NURSING ASSOCIATE)
- DIPLOMA IN PHYSIOTHERAPY
- DIPLOMA IN X-RAY TECHNICIAN

Eligibility 12th Pass

১০০% চাকুরির সহায়তা | সরাসরি ভর্ত্তি চলছে

Extra Facilities
Spoken English || Computer class
Hospital Practice || Guest lecturer
Hospital Visit || Educational Loan

Kalyani- 8335066913
Birati - 8335047918
Burdwan - 8336878518

**স্বাস্থ্য পরিষেবায় চাকুরীমুখী কোর্স**
নার্সিং অনুমোদিত Council / UGC & BSS অনুমোদিত GNM, B.Sc, Nursing, P.B.B.Sc (নার্সিং কোর্সের স্কলারশিপ সুবিধা)
Paramedical Course : BMLT / DMLT, Diploma / Bachelor in Radiology & OT, BPT / DPT, D.Optm, ECG, Critical Care, Dental (DDH & T), CSSD, অ্যালোঃ (CMS & ED), আয়ুঃ (DAMS), হোমিওঃ (DHom & DHMS), ফ্লেবোটমি, Dialysis, D.Pharm & B.Pharm কোর্সে ভর্তি চলছে। (Own Campus, Hostel & Hospital)
CENTRAL INSTITUTE OF MEDICAL SCIENCE & TECHNOLOGY
126B, Raja Rammohan Sarani, Near Sealdah Railway St., Kolkata 700 009
9888 295 882 / 9331 062 421

**বিশেষ বিজ্ঞপ্তি**
'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনী সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।
— সম্পাদক, **কর্মসংস্থান**।

## পুরসভায় ১২৭ স্বাস্থ্যকর্মী

১ পাতার পর

প্রার্থীকে ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। মেধা তালিকা তৈরি হবে মাধ্যমিকে পাওয়া নম্বর ও ইন্টারভিউয়ে পাওয়া নম্বর দেখে। এই পদের Memo No. H/L/153/2022-23, Dated : 25/08/2022. দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে।

দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.kmcgov.in পূরণ-করা ফর্মের সঙ্গে দেবেন : (১) বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (২) বাসিন্দা সার্টিফিকেট হিসাবে আধার কার্ড, ভোটার কার্ড বা, রেশন কার্ডের স্ব-প্রত্যয়িত নকল, (৩) বিবাহিতা মহিলাদের বেলায় ম্যারেজ সার্টিফিকেট, বিধবা মহিলাদের বেলায় স্বামীর ডেথ সার্টিফিকেট, ডিভোর্সী প্রার্থীদের বেলায় কোর্টের দেওয়া ডিভোর্স সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (৪) এখনকার তোলা পাশপোর্ট মাপের রঙিন ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে)। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন *'Candidate's Name ......., Address ............ Ward............, Application for the post of ......'*. দরখাস্ত পৌঁছনো চাই ১৫ সেপ্টেম্বরের মধ্যে, এই ঠিকানায় : The Municipal Commissioner, Kolkata Municipal Corporation, 5, S.N. Banerjee Road, Kolkata - 700 013. এছাড়াও দরখাস্ত হাতে-হাতে ওপরের ঠিকানার সি.এম.ও বিল্ডিংয়ের ২৫৪ নম্বর রুমে জমা দিতে পারবেন।

## পুলিশে চাকরির বয়স

১ পাতার পর

অনেকটা সময় যায়। সব দিক ভেবে কনস্টেবল পদের বয়সসীমা বাড়ানো হল। এতদিন পর্যন্ত কনস্টেবল পদে বয়স ছিল ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। এখন রাজ্য পুলিশের কনস্টেবল, কলকাতা পুলিশের কনস্টেবল, এক্সাইজের কনস্টেবল পদের বয়স বেড়ে হল ১৮ থেকে ৩০ বছর। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর বয়সে ছাড় পাবেন। এন.ভি.এফ. ও হোম গার্ডে কর্মরত প্রার্থীরা সরকারি নিয়মানুযায়ী বয়সে ছাড় পাবেন। অন্য রাজ্যের তপশিলী আর ও.বি.সি. সার্টিফিকেটধারীরা বয়সে কোনো ছাড় পাবেন না ও তাঁদের বেলায় 'সাধারণ প্রার্থী' হিসাবে দরখাস্ত করতে হবে। কনস্টেবল পদে বয়স বাড়লেও সাব-ইন্সপেক্টর পদের বয়স আগের মতোই ২০ থেকে ২৭ বছরই থাকছে।

এছাড়াও মুখ্যমন্ত্রী যে যে সুযোগ-সুবিধা ঘোষণা করেছেন সেগুলি হল : (ক) পুলিশে কর্তব্যরত অবস্থায় কারো মৃত্যু হলে ওই পরিবারের কাউকে পুলিশে চাকরির জন্য শারীরিক সক্ষমতা ও বয়সের ক্ষেত্রে ছাড় দেওয়া হবে। (খ) সিভিক ভলান্টিয়ার্স, ভিলেজ পুলিশ, হোমগার্ড, সিভিল ডিফেন্স থেকে পুলিশ কনস্টেবলে পদোন্নতির ক্ষেত্রেও বয়সে ছাড় দেওয়া হবে। পদোন্নতিতে বয়সের ঊর্ধ্বসীমা ২৭-এর পরিবর্তে হল ৩৫ বছর। এবার ৩৫ বছর পর্যন্ত পদোন্নতির আবেদন করা যাবে না। (গ) কলকাতা পুলিশে চুক্তিভিত্তিক গাড়ি চালকদের বেতন ১১,৫০০ টাকা থেকে বেড়ে ১৩,৫০০ টাকা করা হল। (ঘ) রাজ্য পুলিশে চুক্তিভিত্তিক গাড়ি চালকদের বেতন ১৩,৫০০ টাকা থেকে বেড়ে ১৫,০০০ টাকা করা হল। (ঙ) চুক্তিভিত্তিক চালকরা স্থায়ী চাকরির পরীক্ষায় বসলে বিশেষ সুযোগ পাবেন। (চ) কলকাতা পুলিশ ও রাজ্য পুলিশের ওয়্যারলেস অপারেটরদের পদোন্নতির সুযোগ। (ছ) কনস্টেবল পদ থেকে অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর, অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর থেকে সাব-ইন্সপেক্টর পদে পদোন্নতিতে সুযোগ। (জ) মাউন্ট পুলিশের সহিসদেরও পদোন্নতির সুযোগ। (ঝ) পুলিশের সাব-ইন্সপেক্টর, অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর ও কনস্টেবলরা এতদিন ইউনিফর্ম কিট পেতেন। এবার থেকে ইন্সপেক্টররা ১০ হাজার টাকা, সাব-ইন্সপেক্টররা সাড়ে ৭ হাজার, অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টররা ৬ হাজার টাকা আর কনস্টেবলরা ৫ হাজার টাকা ভাতা পাবেন।

উচ্চশিক্ষায় পশ্চিমবঙ্গের একমাত্র নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
**শ্রী রামকৃষ্ণ একাডেমী**
1.5 লাখে D.Pharm | 2.6 লাখে GNM | 3.5 লাখে B.Sc. Nursing | 1.32 লাখে LLB
করে জীবনে প্রতিষ্ঠা লাভ করুন
এছাড়াও এখানে UGC Recognized Private University থেকে B.A., B.Sc., B.Com, MA, M.Sc., M.Com B.Tech, M.Tech, MBA, B.Ed, Ph.D 100% পাশের গ্যারান্টি সহ ভর্তি করা হয়।
542, G.T Road (S), Howrah- 711101 বেনারসী কুঠি বিল্ডিং (৩য় তল)
9477484191 / 9477484192

Ministry of Information and Broadcasting
Government of India

75 Azadi Ka Amrit Mahotsav

# সকল দেশবাসীকে স্বাধীনতা দিবসের আন্তরিক শুভেচ্ছা

## স্বাধীনতার ৭৫তম বর্ষপূর্তি উপলক্ষে

আগামী ২৫ বছর 'অমৃত কাল', প্রত্যেক দেশবাসীর 'কর্তব্য কাল'
আমাদের স্বাধীনতা সংগ্রামীদের স্বপ্ন পূরণ করতে আসুন
আমরা সকলে মিলে উদ্যোগী হই

"স্বাধীনতা দিবসে কৃতজ্ঞ দেশবাসী আমাদের অগণিত স্বাধীনতা সংগ্রামীদের প্রণাম জানায়। যেভাবে দেশের স্বাধীনতা লাভের জন্য সকলে একজোট হয়েছিলেন, একইভাবে দেশের বিকাশের লক্ষ্যে আমাদের ঐক্যবদ্ধ হতে হবে।"

— নরেন্দ্র মোদী



#HarGharTiranga

cbc 22201/13/0101/2223

## প্রাইমারি 'টেট' পুজোর পরই

১ পাতার পর

সবরকম ব্যবস্থা করে রাখছি। তাই বিভিন্ন জেলা থেকে পরীক্ষা কেন্দ্র ও পরীক্ষার্থীর হিসাব নিয়েছি। 'টেট'এর দিনক্ষণ এখনো ঠিক হয়নি।

স্কুল শিক্ষা দফতর সূত্রে জানা গেছে, প্রাথমিক 'টেট' হবে পুজোর পরই। শূন্যপদের সংখ্যা প্রায় ২৫ হাজার। পুজোর আগেই বিজ্ঞপ্তি দিয়ে দরখাস্ত নেওয়া হবে।

এন.সি.টি.ই.'র নিয়মানুযায়ী নিচের যে কোনো একটি যোগ্যতা থাকলে প্রাইমারি টিচার পদের 'টেট' পরীক্ষার জন্য যোগ্য : (১) মোট অন্তত ৫০% নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা এলিমেন্টারি এডুকেশনের ২ বছরের ডিপ্লোমা (ডি.এল.এড.) কোর্স পাশ হলে। (২) মোট অন্তত ৫০% নম্বর পেয়ে যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশরা এলিমেন্টারি এডুকেশনের ৪ বছরের ডিগ্রি (বি.এল.এড.) কোর্স পাশ হলে। (৩) মোট অন্তত ৫০% নম্বর পেয়ে যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশরা ডিপ্লোমা ইন এডুকেশন (স্পেশাল এডুকেশন)'এর ২ বছরের কোর্স পাশ হলে। (৪) যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা এলিমেন্টারি এডুকেশনের ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে। (৫) মোট অন্তত ৫০% নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা বি.এড. কোর্স পাশ হলে। (৬) মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে যে কোনো শাখার পোস্ট-গ্র্যাজুয়েটরা ইন্টিগ্রেটেড বি.এড.-এম.এড. কোর্স পাশ হলে (এক্ষেত্রে এন.সি.টি.ই. নতুন নিয়মানুযায়ী চাকরি পাওয়ার দু'বছরের মধ্যে ৬ মাসের এলিমেন্টারি এডুকেশনের ব্রিজ কোর্স পাশ হতে হবে)। সব ক্ষেত্রেই বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

অন্যদিকে, 'টেট' পরীক্ষার্থীদের দাবি, শেষবার ২০১৭ সালে 'টেট' পরীক্ষা নেওয়া হয়েছিল। তার ফল বেরিয়েছিল এবছর জানুয়ারিতে। কিন্তু ওই 'টেট' পাশ প্রার্থীদের থেকে এখনো নিয়োগ হয়নি। তাঁরাও দ্রুত নিয়োগের দাবি জানান।

"এখন বসিরহাটেও"
পুলিশ, প্রাইমারী, রেল, কম্বাইন্ড
সাকসেস সেন্টার
মালঞ্চখোলা : 9932326566
বনগাঁ : 8337000600
মধ্যমগ্রাম : 8337000900

Join ... I.I.M.S
IMPERIAL
INSTITUTE OF MANAGEMENT STUDIES
HOTEL MANAGEMENT 100% JOB
২০২২ সালের শিক্ষাবর্ষে ভর্তি চলছে
DIPLOMA • DEGREE
CERTIFICATE • SHORT-TERM
কোর্সের জন্য আবেদন করতে পারো ১০+১২ ক্লাশ পাশ করা ছাত্রছাত্রীরা। ভর্তি হওয়া প্রত্যেকটি ছাত্রছাত্রীকে SCHOLARSHIP দেওয়া হচ্ছে। সত্বর যোগাযোগ করো। ভর্তির ফর্ম পাওয়া যাচ্ছে ক্যাম্পাস থেকে।
8876237214
7319233133
কোর্স চলাকালীন ট্রেনিং বাবদ প্রতি মাসে ৪০০০/- থেকে ৫,০০০/- টাকা পর্যন্ত Income করার সুযোগ পেয়ে থাকে IIMS এর Student
A-10/340, Kalyani, Nadia, West Bengal, PIN: 741235, Near Julien Day School

## স্বাস্থ্য দফতরে ১৯১

১ পাতার পর

DHFWS/HOW/2250/22, Dated: 23.08.2022.

দরখাস্ত করবেন সাধারণ কাগজে, নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান-সহ বিস্তারিত তথ্য পাবেন সংশ্লিষ্ট ব্লক অফিসে কিংবা এই ওয়েবসাইটে www.wbhealth.gov.in দরখাস্তের সঙ্গে দেবেন যাবতীয় প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত নকল। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for the post of ASHA for..... Village under....... Health Sub Centre'. দরখাস্ত সরাসরি জমা দেবেন ১৪ সেপ্টেম্বরের মধ্যে, সংশ্লিষ্ট বি.ডি.ও. অফিসে।

## ন্যাবার্ডে ১৭৩

১ পাতার পর

ছেলেমেয়ে নিচ্ছে।

যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে সাধারণভাবে পাশ) নম্বর পেয়ে থাকলে 'ডেভেলপমেন্ট অ্যাসিস্ট্যান্ট' পদের জন্য আবেদন করতে পারেন। কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিংয়ের কাজে জ্ঞান থাকতে হবে। যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন সেই রাজ্যের স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ১-৯-২০২২'র হিসাবে ২১ থেকে ৩৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ (ও.বি.সি.'রা ১৩, তপশিলীরা ১৫) বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ১৩,১৫০-৩৪,৯৯০ টাকা। শুরুতে মাইনে মাসে প্রায় ৩২,০০০ টাকা। শুরুতে ২ বছরের প্রবেশন। তবে আরো ১ বছর প্রবেশনে থাকতে হবে। শূন্যপদ :১৭৩টি।

এরপর ৫ পাতায়

বিজ্ঞাপন


# পরিবহন দফতরে কয়েক হাজার গ্রুপ ডি

(মাধ্যমিক পাস ছেলেমেয়েদের জন্য)


পরিবহন দফতরের অফিস সহ বিভিন্ন জায়গায় চাকরির কোর্সের জন্য আবেদনপত্র জমা নেওয়া হচ্ছে। এই কোর্স (অন-জব ট্রেনিং) সম্পূর্ণ করার পর পরিবহন দফতরে চাকরি করতে পারবেন। ন্যূনতম মাধ্যমিক পাস বা দশম শ্রেণি উত্তীর্ণ ছেলেমেয়েরা আবেদন করতে পারবেন। তবে কোনো ক্ষেত্রেই পার্সেন্টেজ এর কোনো বাধ্যবাধকতা নেই। শূন্যপদের বিবরণ : রিসেপশনিস্ট- ১৭৫০টি, ক্লার্ক- ১১৪৬টি, ইন্সপেক্টর ইনচার্জ- ৪৬৮টি, কোর্স অফিসার- ৫৮৫টি, মাল্টিটাস্কিং স্টাফ- ১৯৫৩টি, অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ ম্যানেজার- ৩১৮টি, পার্সোনাল অ্যাসিস্ট্যান্ট- ১০৭৫টি পিওন- ২০৯২টি, সিম্যান- ১৪২৮টি, কুক- ৮৫৩টি, অয়েলার- ৮৯৩টি ওয়েল্ডার- ৭৬৫টি ইলেক্ট্রিশিয়ান- ১৩৩২টি পেইন্টার- ১৩৫৩টি হাউসকিপার- ১৫৭২টি স্টোরকিপার- ৮২৩টি প্লাম্বার- ১০১৬টি স্টুয়ার্ট- ১৫৩৮টি ওয়াইপার- ১৫৪৩টি এবং ফিটার- ৯৩৭টি। বয়স : ১লা অক্টোবর ২০২২ হিসাবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। ওবিসি-রা বয়সে তিন বছর এবং এসসি ও এসটি প্রার্থীরা বয়সে পাঁচ বছর ছাড় পাবেন। অনলাইন আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ — ১৯শে অক্টোবর ২০২২ পর্যন্ত। সিলেকশন পদ্ধতি : আবেদনপত্রের সমস্ত খুঁটিনাটি তথ্য বাছাই করে প্রার্থী নির্বাচন (শর্ট লিস্ট) করা হবে। নির্বাচিত হলেই- সিলেকশন লেটার পাবেন আপনার রেজিস্টার ইমেল-আইডিতে। তারপর বেসিক ডকুমেন্ট ভেরিফিকেশন করা হবে। ডকুমেন্ট ভেরিফিকেশন সফল হওয়ার পর থাকবে মেডিকেল টেস্ট এবং সবশেষে থাকবে পুলিশ ভেরিফিকেশন, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সার্টিফিকেট সহ সমস্ত নথিপত্রের ভেরিফিকেশন। সমস্ত ধরনের পরীক্ষা ও ভেরিফিকেশন সফল হলে, চূড়ান্ত মেধাতালিকায় নাম প্রকাশিত হবে এবং সেইসঙ্গে চূড়ান্ত মনোনয়ন পত্র দেওয়া হবে। নির্বাচিত প্রার্থীদের ফল প্রকাশ করা হবে ২৬ অক্টোবর ২০২২ তারিখে, বোর্ডের অফিসিয়াল ওয়েবসাইটে, প্রার্থী তার নিজের অ্যাপ্লিকেশন নম্বর এবং জন্মতারিখ দিয়ে অনুসন্ধান করে ফলাফলের বিবরণ দেখতে পারবেন। সমস্ত স্তরের ডকুমেন্ট ভেরিফিকেশন সফল হওয়ার পর কোর্সে (অর্থাৎ ২৪ মাসের অন-জব ট্রেনিং) এ যোগদান করতে পারবেন। ভর্তি বা ট্রেনিং সংক্রান্ত যে কোনো ধরনের যোগাযোগ করতে পারবেন পূর্ব ভারতের এইসব সেন্টারে "কলকাতা এসসিবি ট্রেনিং একাডেমি, সেক্টর 5, সল্টলেক সিটি, কলকাতা- 700091, ফোন নম্বর- 033 3563-4673 এবং 8276980145 এছাড়াও সেন্টার পাবেন বারাসাত, নৈহাটি, বারুইপুর, ডানকুনি, হাওড়া, কল্যাণী, কৃষ্ণনগর, বহরমপুর, হলদিয়া, তমলুক, খড়গপুর, ঝাড়গ্রাম, বর্ধমান, দুর্গাপুর, বাঁকুড়া, সিউড়ি, মালদহ, শিলিগুড়ি, আলিপুরদুয়ার, কোচবিহার, পুরুলিয়া, রায়গঞ্জ, বালুরঘাট জায়গাগুলিতে। অন-জব ট্রেনিং চলাকালীন কোনো ধরনের পরীক্ষা দিতে হয় না এবং এই কোর্স (অন-জব ট্রেনিং) সম্পূর্ণ ভাবে সফল করার পর পাবেন স্থায়ী চাকরি। অন-জব ট্রেনিং হবে ২৪ মাস। ইএমকে কোর্স অর্থাৎ অন-জব ট্রেনিং এর সময় থাকা-খাওয়া, সমস্ত রেশন ব্যবস্থা ও ১০,০০০ টাকা (সমস্ত সুযোগ-সুবিধা সহ) স্টাইপেন পাবেন প্রতি মাসে, এবং তারপর পাবেন সম্পূর্ণ বেতন। আবেদন পদ্ধতি : অনলাইনে আবেদন করার জন্য www.mtdind.org ওয়েবসাইটে গিয়ে অনলাইন অ্যাপ্লিকেশন-এ ক্লিক করুন। অ্যাপ্লিকেশন জমা দেবার পর আপনার রেজিস্টার ইমেল-আইডির ইনবক্সে অথবা স্প্যাম ফোল্ডার থেকে অনলাইন আবেদন এর বিবরণ প্রিন্ট করে নেবেন। একজন প্রার্থী সর্বোচ্চ দুটি ট্রেড এর জন্য আবেদন করতে পারবেন। বিস্তারিত জানার জন্য www.mtdind.org ওয়েবসাইটটি লগইন করুন।

বিজ্ঞাপন


infinite learning
ছায়া প্রকাশনী
সরকারি চাকরি পাওয়ার স্বপ্ন সফল করতে আজই পড়তে হবে
CHHAYA CAREER BOOKS
for all Competitive Examinations




বাংলা ভাষায় Competitive English বই
MCQ Based ও Descriptive উভয় ধরনের পরীক্ষার জন্য




সম্পূর্ণ Concept-এর সাথে পর্যাপ্ত MCQ ও সেগুলির Explanation
মনে রাখার সুবিধার জন্য Tabular ও Info-graphic Format-এ উপস্থাপনা



Constable (Preliminary ও Main) এবং SI & Sergeant (Preliminary) পরীক্ষার উপযোগী
সহজে মনে রাখার জন্য Tabular ও Info-graphic Format-এ উপস্থাপনা



Rail-এর সবধরনের পরীক্ষার Complete Study Material
100% Solution-সহ বিগত বছরের (2006-2021) প্রশ্ন ও Mock Test Papers



বাহুল্যবর্জিত Tabular Format-এ Exam Oriented তথ্য
সহজে মনে রাখার জন্য Current Affairs-নির্ভর Latest Pattern-এর প্রশ্নের উপস্থাপনা



প্রাকৃতিক, ভারত, পশ্চিমবঙ্গ ও বিশ্বের ভূগোল — এই চারটি অংশে সব পরীক্ষার উপযোগী Latest তথ্য
Table, Info-graphic ও Map-এর পর্যাপ্ত ব্যবহার

## ন্যাবার্ডে ১৭৩

৪ পাতার পর

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে দু'টি ধাপে : প্রিলিমিনারি পরীক্ষা ও মেন পরীক্ষা। প্রিলিমিনারি পরীক্ষা হবে সেপ্টেম্বর-অক্টোবরে। ১ ঘন্টার ১০০ নম্বরের পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। এই ৩ বিষয়ের : (১) টেস্ট অফ রিজনিং, (২) টেস্ট অফ ইংলিশ ল্যাঙ্গোয়েজ, (৩) টেস্ট অফ নিউমেরিক্যাল এবিলিটি।

মেন পরীক্ষায় ৯০ মিনিটের ১৫০ নম্বরের পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) টেস্ট অফ রিজনিং, (২) টেস্ট অফ কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট, (৩) টেস্ট অফ জেনারেল অ্যাওয়ারনেস, (৪) টেস্ট অফ কম্পিউটার নলেজ।

এছাড়াও ৫০ নম্বরের ডেসক্রিপ্টিভ টাইপের একটি প্রশ্ন হবে ইংলিশ ল্যাঙ্গোয়েজ বিষয়ে। সময় থাকবে ৩০ মিনিট।

অবজেক্টিভ টাইপের পার্টে নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা যাবে। এরপর হবে ইন্টারভিউ।

লিখিত পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস অ্যাডমিট কার্ডের সঙ্গেই দেওয়া হবে। অ্যাডমিট কার্ড অনলাইনেই পাবেন। এছাড়াও বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে : www.nabard.org তপশিলী প্রার্থীদের বিনা খরচে প্রি-এক্সামিনেশন ট্রেনিং দেওয়া হবে কলকাতা, গুয়াহাটি, রাঁচী, পটনা ও শিলংয়ে। লিখিত পরীক্ষার কল লেটার একমাত্র ই-মেলে পাঠানো হবে। ডাকযোগে কোনো কল লেটার পাঠানো হবে না।

দরখাস্ত করবেন অনলাইনে, ১০ অক্টোবরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.nabard.org আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


## স্কুলে শিক্ষক-শিক্ষিকা

দঃ ২৪-পরগনার জয়নগর ২ নং ব্লকের এক বেসরকারি প্রাইমারি স্কুলের জন্যে ন্যূনতম উচ্চমাধ্যমিক পাশ শিক্ষক-শিক্ষিকা দরকার। নাচ, গান, অঙ্কন, ব্রতচারি ও অন্যান্য কৃষ্টিমূলক কাজে দক্ষতা বিশেষ গুরুত্ব পাবে। মাসিক সাম্মানিক : ৩৫০০-৫০০০ টাকা।

এছাড়া মাধ্যমিক পড়ুয়াদের তালিম দিতে সক্ষম বাংলা, ইংরাজি, গণিত, পদার্থবিদ্যা, জীবনবিজ্ঞান ও ভূগোলের শিক্ষক-শিক্ষিকা দরকার। প্রার্থীকে নির্দিষ্ট বিষয়ে সাম্মানিক-সহ স্নাতক হতে হবে। অবসরপ্রাপ্তরাও আবেদন করতে পারেন। ক্লাস প্রতিদিন ৩ ঘণ্টা। মাসিক সাম্মানিক ২৫০০-৯০০০ টাকা। ফোন নম্বর, নাম, বাবা/স্বামীর নাম, ঠিকানা, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা, বাড়তি যোগ্যতার বিবরণ দিয়ে আবেদন করুন। সঙ্গে বয়সের প্রমাণপত্রের, প্রতিটি পরীক্ষার মার্কশিটের ও অতিরিক্ত যোগ্যতার শংসাপত্রের প্রতিলিপি স্ক্যান করে ৩০ সেপ্টেম্বরের মধ্যে পাঠাতে হবে এই ই-মেল আই.ডি'তে : gmssecy71@gmail.com প্রাথমিক বা মাধ্যমিক কোন বিভাগের জন্য আবেদন করছেন, তা ই-মেল'এর 'Subject' এ স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

কোর্স শেষেই চাকরির সুযোগ
২০২২-'২৪ সেশনে ভর্তি হওয়ার শেষ সুযোগ
ITI কলেজে ভর্তি
যোগ্যতা : অষ্টম থেকে মাধ্যমিক পাশ
9831595045, 9831248148
NOVEL PRIVATE ITI
(NCVT & W.B.S.C.V.T Approved)
মগরা, মামুদপুর, দিগসুই, হুগলি- ৭১২১৪৮
– 2 Years Course –
• Electrician • Fitter
1 Year Course Welder | 6 Months Course Smart Phone Technician

PARAMEDICAL COLLEGE DURGAPUR
BMLT Medical Laboratory Technology
HOSPITAL MANAGEMENT OPTOMETRY
PHYSIOTHERAPY NUTRITION B.Sc. & M.Sc.
93337-09950 www.paramedicalcollege.org info@paramedicalcollege.org ADMISSION 2022
Hellen Keller Sarani, Sector - 2A Bidhannagar, Durgapur- 71352, WB

## প্রাথমিকে ২৫ হাজার নিয়োগ পুজোর পরেই

পুজোর পরেই প্রাথমিক শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশের সম্ভাবনা, স্কুল সার্ভিসে ২০ হাজার শিক্ষক নিয়োগ শীঘ্রই। সম্প্রতি প্রকাশিত সরকারি চাকরির একগুচ্ছ পরীক্ষার ফলাফলে GSCE-র ছাত্রছাত্রীদের পাশের হার ৯০%।

প্রথাগত গণ্ডির বাইরে বেরিয়ে যুগোপযোগী পদ্ধতিতে পড়াশোনার মানকে উন্নত করার প্রয়াস স্পষ্টতই GSCE-র ছাত্রছাত্রীদের সাফল্যের প্রধান কারণ। পরীক্ষার হল-কে 'ফেস' করার জন্য নিয়মিত অনলাইন, অফলাইন মকটেস্ট, ইউনিক শর্টকাট টেকনিক প্রয়োগ করে ম্যাথ বা জিআই-এর কঠিন প্রশ্নের এক সেকেন্ডে সমাধান কিংবা দৈনিক গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স– চাকরির পরীক্ষার এই মৌলিক উপাদানগুলিকে অনবরত সমৃদ্ধ তথ্যাবলি সরবরাহ করে চাকরিপ্রার্থীদের পড়াশোনার মানকে উন্নত করে চলেছে। কেন্দ্রে ১০ লাখ শূন্যপদে নিয়োগের আবেদন চলছে। এছাড়া চলছে আরো একাধিক পরীক্ষার আবেদনগ্রহণ।

| আসন্ন পরীক্ষার নাম | শেষ তারিখ | শূন্যপদ |
|---|---|---|
| • ফুড কর্পোরেশন অফ ইন্ডিয়া | ৫ অক্টোবর | ৫,০৪৩ |
| • আর্মি অর্ডিন্যান্স | ২১ সেপ্টেম্বর | ৩,০৬৮ |
| • স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া | ২০ সেপ্টেম্বর | ৭১৪ |
| • স্টিল অথরিটি অফ ইন্ডিয়া লিঃ | ৩০ সেপ্টেম্বর | ৪৭৯ |

Helpline : 9830277100/200/300 Website : www.gsceindia.org

GSCE কেন্দ্র

| | |
|---|---|
| শিয়ালদহ (HO) | 9051040306, 9674087465 |
| কোচবিহার | 9830277023 |
| আলিপুরদুয়ার | 9674033336 |
| দিনহাটা | 9830277698 |
| জলপাইগুড়ি | 9674025600 |
| ধূপগুড়ি | 9830277257 |
| শিলিগুড়ি | 9674087473 |
| কালিম্পং | 9830277171 |
| মালদা | 9674087472 |
| বহরমপুর | 9674087471 |
| কৃষ্ণনগর | 9674087470 |
| রানাঘাট | 9674083508 |
| কল্যাণী | 9674087469 |
| ব্যারাকপুর | 9230056668 |
| ডানলপ | 9230056673 |
| বারাসাত | 9674087467 |
| কোন্নগর | 9230056667 |
| সোনারপুর | 9674087466 |
| পঃ মেদিনীপুর | 9230056671 |
| ঝাড়গ্রাম | 9674087874 |
| বর্ধমান | 9674025700 |
| বোলপুর | 9674012025 |
| ব্যান্ডেল | 9230056669 |
| কাটোয়া | 9830277230 |

GSCE পড়লেই সরকারি চাকরি
George Telegraph • Since 1920

কেরিয়ার গড়ে উঠুক
প্রকৃতির হাতে, প্রযুক্তির সাথে
JIS GROUP Educational Initiatives
ভর্তি চলছে ২০২২ - ২০২৩
উচ্চমাধ্যমিক উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য JIS-এর পাঠ্যক্রমে এক অভিনব সংযোজন। কৃষি প্রযুক্তি বিজ্ঞানের মাধ্যমে ভবিষ্যত উজ্জ্বল করার এক সুবর্ন সুযোগ।
Upto 100% Scholarship Available
Accreditations Affiliations & Approvals
UGC | AICTE
JIS COLLEGE OF ENGINEERING
B. Tech (এগ্রিকালচার ইঞ্জিনিয়ারিং)
(4 বছর) [AICTE দ্বারা স্বীকৃত এবং MAKAUT - এর সাথে সংযুক্ত]
87773 41448 | 84209 34826
যোগ্যতা: পদার্থবিদ্যা, রসায়ন, গণিত / WBJEE/CEE-AMPAI-WB-22 সহ উচ্চমাধ্যমিক পাশ
JIS UNIVERSITY
School of Agricultural Sciences
B.Sc কৃষি বিজ্ঞান (অনার্স)
(4 বছর) [ICAR সিলেবাস অনুযায়ী]
62913 20657 | 72783 57829
যোগ্যতা: বিজ্ঞান ও ভোকেশনাল এগ্রিকালচার কোর্সের সাথে উচ্চমাধ্যমিক পাশ
PLACEMENT TRAINING FROM DAY 1
Block A, Phase-III Kalyani - 741235
APPLY NOW www.jisgroup.org

নার্সিং, ফার্মেসী
(ছেলে ও মেয়ে উভয়ের জন্য)
GNM নার্সিং, B.Sc. নার্সিং
ডি.ফার্ম, বি.ফার্ম
(INC, KNC, WBNC, PCI Approved কলেজ থেকে)
PARAMEDICAL BPT, BMLT, B.Sc., ANAESTHESIA, RADIOLOGY, PHYSIOTHERAPY, HOSPITAL MANAGEMENT & OT TECHNICIAN
ভর্তির জন্য ইচ্ছুক ছাত্রছাত্রী সত্বর যোগাযোগ করুন –
বেঙ্গল কলেজ অফ নার্সিং
(A Unit of Bengal Suggestion Centre)
যোগাযোগ- জোড়া মন্দিরের পিছনে, লক্ষ্মীপুর মাঠ, বর্ধমান
(বর্ধমান রেলস্টেশন থেকে হাঁটা পথ মাত্র ৫ মিনিট)
M: 9635430785, 9002287061
9933100791, 9832175837
ডাইরেক্টর- পবন চৌধুরী, Ph: 9434211612

# এক নজরে সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

২০ আগস্ট সংখ্যার পর

**৫ আগস্ট :** ক্যাবিনেট সেক্রেটারি হিসাবে রাজীব গৌবার কার্যকালের মেয়াদ আরও ১ বছর বাড়ানো হল।

❑ হস্তশিল্পে সেরা নকশার জন্য, পশ্চিমবঙ্গ সরকারের অধীন সংস্থা 'তন্তুজ'কে 'জাতীয় পুরস্কার' (ন্যাশনাল অ্যাওয়ার্ড ফর ডিজাইন ডেভেলপমেন্ট) দিচ্ছে কেন্দ্রীয় সরকার। মূলত, বালুচরি ও জামদানি শাড়িতে সুদৃশ্য নকশা তৈরি করে নজির গড়েছেন বাংলার শিল্পীরা।

❑ বিশিষ্ট বাঙালি বিজ্ঞানী স্যর জগদীশচন্দ্র বসুর নামে এক বিরল প্রজাতির মাকড়শার নামকরণ করা হল। এটির নাম রাখা হয়েছে 'হেলিগমোমেরাস জগদীশচন্দ্র'। ২০২০ সালে কেশপুর বাসস্ট্যান্ড অঞ্চলে ছাত্র-ছাত্রীদের নিয়ে কাজ করার সময় এই মাকড়শা সংগ্রহ করেন 'কেশপুর কলেজ'এর প্রাণীবিদ্যা বিভাগের অধ্যাপক সুমন প্রতিহার। মাকড়শাটি দিল্লির 'ইন্দ্রপ্রস্থ বিশ্ববিদ্যালয়'এর সংগ্রহালয়ে সংরক্ষণ করা হয়েছে। স্যর জগদীশচন্দ্র বসুর নামে এই প্রথম কোনো প্রাণীর নামকরণ করা হল। এই প্রজাতির মাকড়শা মূলত মাটির তলায় বাঙ্কারের মতো গর্ত করে থাকে।

❑ ২০২২ সালে মরণোত্তর 'কর্ণাটক রত্ন' পাচ্ছেন কন্নড় চলচ্চিত্র তারকা পুনিত রাজকুমার। ১ নভেম্বর 'কন্নড় রাজ্যোৎসব' উপলক্ষ্যে এই পুরস্কার পাবেন তিনি। কর্ণাটকের সর্বোচ্চ বেসামরিক সম্মান এটি। ২০২১ সালের ২৯ অক্টোবর, হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যান পুনিত।

❑ বিশ্বের প্রথম ভার্টিক্যাল শহর গড়ে উঠতে চলেছে সৌদি আরবে। সম্প্রতি 'দ্য লাইন' নামে এই শহরটির নকশা উন্মোচন করেছেন সৌদি যুবরাজ মহম্মদ বিন সলমন বিন আব্দুলাজিজ। এটি 'NEOM' প্রকল্পের একটি অংশ। এই শহরে থাকবে না কোনো দূষণ, চলবে না কোনো গাড়িও। ৯০ লাখ মানুষের বসবাসের সুবিধাযুক্ত এই শহরটির 'বোর্ড অফ ডিরেক্টরস'এর প্রধান হবেন সৌদি যুবরাজ। লোহিত সাগর থেকে শুরু হয়ে মরুভূমির মধ্যে দিয়ে বিস্তৃত হবে এই শহর, যেখানে কোনো ধরনের জীবাশ্ম জ্বালানির ব্যবহার হবে না। ২০৩০ সালের মধ্যেই এই শহর তৈরির কাজ শেষ হয়ে যাবে বলে মনে করা হচ্ছে।

❑ ভারতের স্বাধীনতার ৭৫ তম বর্ষপূর্তিতে 'আজাদি কা অমৃত মহোৎসব'এর অংশ হিসাবে, 'ইন্ডিয়া কি উড়ান' নামে এক প্রকল্পের সূচনা করল সফটওয়্যার জায়ান্ট 'গুগল'। 'গুগল আর্টস অ্যান্ড কালচার'এর মাধ্যমে সম্পাদিত এই প্রকল্পটি স্বাধীনতার ৭৫ বছরের নানা ঘটনাকে তুলে ধরবে।

❑ প্রথম ভারতীয় হিসাবে, 'বিশ্ব অনূর্ধ্ব-২০ অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ'এ ২টি পদক জিতে নজির গড়লেন উত্তর প্রদেশের মিরাট জেলার বাসিন্দা ১৭ বছর বয়সি মহিলা দৌড়বিদ রুপল চৌধুরি। ৪×৪০০ মিটার রিলে রেসে রুপোর পদক-সহ মহিলাদের ৪০০ মিটার রেসে ব্রঞ্জ পদক পেয়েছেন তিনি।


❑ উত্তর কাশ্মীরে, স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে প্রথম 'মাছিল মহিলা ক্রিকেট লিগ'এর আয়োজন করল ভারতীয় সেনাবাহিনী। নিয়ন্ত্রণ রেখা বরাবর বসবাসরত সীমান্তবর্তী জেলার যুবকদের ক্রীড়া কার্যক্রমে যুক্ত করার জন্য এই লিগের আয়োজন করেছে সেনাবাহিনী। মাছিল, পুশ্বরী ও দুদি গ্রামের মেয়েরা এই খেলায় অংশ নিয়েছে।

❑ বাংলাদেশের প্রথম ব্যাটসম্যান হিসাবে, একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে ৮,০০০ রানের মাইলফলক পেরোলেন তামিম ইকবাল। জিম্বাবোয়ের বিরুদ্ধে একদিনের আন্তর্জাতিক সিরিজে এই নজির গড়লেন তিনি। ২২৯ ম্যাচের ২২৭টি ইনিংসে তামিমের ব্যক্তিগত সংগ্রহ দাঁড়িয়েছে ৩৭.০৬ গড়ে ৮,০০৫ রান।


## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।


**৬ আগস্ট :** 'কাউন্সিল অফ সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ'এর প্রথম মহিলা ডিরেক্টর জেনারেল হিসাবে মনোনীত হলেন বিজ্ঞানী নাল্লাথাম্বি কালাইসেলভি।




ভারতের উপরাষ্ট্রপতি হিসাবে মনোনীত হলেন জগদীপ ধনকর।

❑ রাজ্যের অর্থনীতির উন্নতির জন্য, 'ডেলয়েট ইন্ডিয়া' সংস্থাকে পরামর্শদাতা হিসাবে নিয়োগ করার সিদ্ধান্ত নিল উত্তর প্রদেশ সরকার। এজন্য 'ডেলয়েট ইন্ডিয়া'র সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করেছে রাজ্য সরকার। এই সিদ্ধান্তের লক্ষ্য, রাজ্যের অর্থনীতিকে ১ ট্রিলিয়ন মার্কিন ডলারে নিয়ে যাওয়ার বিষয়ে পরামর্শ দেবে এই সংস্থা।

❑ লাদাখের সর্বোচ্চ বেসামরিক সম্মান 'dPal rNgam Duston'এ ভূষিত হলেন তিব্বতের আধ্যাত্মিক নেতা দলাই লামা। মানবতার জন্য, বিশেষত কেন্দ্রশাসিত অঞ্চলের প্রতি তাঁর অসামান্য অবদানের জন্য এই সম্মান পেলেন তিনি। লেহর 'লাদাখ অটোনমাস হিল ডেভেলপমেন্ট কাউন্সিল'এর তরফ থেকে এই সম্মান দেওয়া হয়েছে।

❑ ভারতীয় নৌবাহিনীর ইতিহাসে নয়া মাইলফলক ছুঁলেন মহিলারা। ভারতের ৭৫ তম স্বাধীনতা দিবসের আগে, স্বাধীনভাবে ভারতীয় নৌবাহিনীর বিমান নিয়ে সমুদ্রে নজরদারি চালালেন ৫ জন মহিলা নৌসেনা কর্মী। 'ডর্নিয়ার ২২৮' বিমানে চড়ে উত্তর আরব সাগরে সামুদ্রিক পুনরুদ্ধার ও নজরদারি মিশন চালিয়েছেন তাঁরা। গুজরাতের পোরবন্দরের 'ইন্ডিয়ান নেভি এয়ার স্কোয়াড্রন-৩১৪' থেকে উড়ান শুরু করেন তাঁরা। এই উড়ানের ক্যাপ্টেন ছিলেন লেফটেন্যান্ট কম্যান্ডার আঁচল শর্মা। সঙ্গে ছিলেন পাইলট লেফটেন্যান্ট শিবাঙ্গী ও লেফটেন্যান্ট অপূর্বা গীত। এছাড়াও ছিলেন আরও ২ টেকনিক্যাল ও সেন্সর অফিসার পূজা পান্ডা ও পূজা শেখাওয়াত। প্রসঙ্গত উল্লেখ্য, এর আগে কখনও মহিলারা স্বাধীনভাবে নৌবাহিনী বিমানে নজরদারি চালাননি।

❑ বাংলাদেশকে অতিরিক্ত সময়ে ৫-২ ব্যবধানে হারিয়ে, ২০২২ সালে 'সাফ অনূর্ধ্ব-২০ চ্যাম্পিয়নশিপ' জিতল ভারত।



'বার্মিংহাম কমনওয়েলথ গেমস'এ মহিলাদের ৫৩ কেজি ফ্রিস্টাইল কুস্তিতে সোনার পদক পেলেন ভারতের ভিনেশ ফোগত। শ্রীলঙ্কার চামোদ্যা কেশানি মাদুরাভালেজ ডনকে হারিয়েছেন তিনি।


❑ 'বার্মিংহাম কমনওয়েলথ গেমস'এ মহিলাদের ১০,০০০ মিটার রেস ওয়াকে রুপোর পদক পেলেন ভারতের প্রিয়াঙ্কা গোস্বামী। ৪৩ মিনিট ৩৮.৪৩ সেকেন্ড সময় নিয়ে রেস সম্পূর্ণ করেছেন তিনি, যা তাঁর ব্যক্তিগত সেরা সময়। এই প্রথমবার কমনওয়েলথ গেমসে রেস ওয়াক ইভেন্টে কোনো পদক জয় করলেন ভারতের কোনো মহিলা ক্রীড়াবিদ।

❑ 'বার্মিংহাম কমনওয়েলথ গেমস'এ পুরুষদের ৫৭ কেজি ফ্রিস্টাইল কুস্তিতে সোনার পদক পেলেন ভারতীয় কুস্তিগির রবি কুমার দাহিয়া। নাইজেরিয়ান প্রতিপক্ষ ইবাইকেওয়েনিমো ওয়েলসনকে ১০-০ ব্যবধানে হারিয়ে এই খেতাব পেলেন তিনি।

❑ 'বার্মিংহাম কমনওয়েলথ গেমস'এ প্যারা টেবল টেনিসের ৩-৫ বিভাগে মহিলাদের সিঙ্গলসে সোনার পদক পেলেন ভারতীয় প্যারা টেবল টেনিস খেলোয়াড় ভাবিনা প্যাটেল। নাইজেরিয়ার ইফেচুকউদে ক্রিশ্চিয়ানা ইকপিওইকে ১২-১০, ১১-২ ও ১১-৯ ব্যবধানে হারিয়ে এই পদক পেলেন তিনি।

**৭ আগস্ট :** 'ইন্টারন্যাশনাল দাবা ফেডারেশন'এর ডেপুটি প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন ভারতের কিংবদন্তি দাবাড়ু বিশ্বনাথন আনন্দ।

❑ ভারতের স্বাধীনতার ৭৫ বছর পূর্তি উপলক্ষ্যে, 'স্পেস কিডস ইন্ডিয়া' নামে এক মহাকাশ গবেষণা সংস্থার অধীনে, 'আজাদিস্যাট' নামে স্যাটেলাইট তৈরি করেছিল প্রায় ৭৫০ জন স্কুল পড়ুয়া। সেই 'কিউবস্যাট' ও 'আর্থ অবজার্ভেশন স্যাটেলাইট' নিয়ে, এদিন সকাল ৯টা ১৮ মিনিটে অন্ধ্র প্রদেশের শ্রীহরিকোটার 'সতীশ ধাওয়ান স্পেস সেন্টার' থেকে মহাকাশে যাত্রা করে 'ইসরো'র এসএসএলভি রকেট। মিশনটির পুরো নাম 'স্মল স্যাটেলাইট লঞ্চ ভেহিক্যাল'। তবে, শেষপর্যন্ত সফল হল না এই উৎক্ষেপণ। যান্ত্রিক গোলযোগের কারণে উৎক্ষেপণের মুহূর্তের বেশ কিছু তথ্য হারিয়ে যায়। সঙ্গে সঙ্গেই বিজ্ঞানীরা সেই তথ্য পুনরুদ্ধারের চেষ্টা শুরু করেন। তবে শেষপর্যন্ত তা সম্ভব হয়নি। এর ফলেই নির্দিষ্ট কক্ষপথে স্যাটেলাইট দু'টিকে স্থাপন করা যায়নি। পরে 'ইসরো'র তরফ থেকে জানানো হয়, স্যাটেলাইট দু'টি আর ব্যবহারযোগ্য নেই।




রোমানিয়ায় 'লিম্পিডিয়া ওপন' টুর্নামেন্ট জিতে, ভারতের ৭৫ তম গ্র্যান্ডমাস্টার হলেন চেন্নাইয়ের বাসিন্দা ১৫ বছর বয়সি প্রণব ভেঙ্কটেশ। ৯টি রাউন্ড থেকে ৭ পয়েন্ট নিয়ে এই টুর্নামেন্ট শেষ করেছেন তিনি। সেইসঙ্গে, তামিলনাড়ুর ২৭ তম গ্র্যান্ডমাস্টার হলেন তিনি।

❑ অরুণাচল প্রদেশের তৃতীয় বিমানবন্দর হতে চলেছে 'দোনি পোলো বিমানবন্দর', যা রাজ্যের রাজধানী শহর ইটানগরে তৈরি হচ্ছে। 'পাসিঘাট'ও 'তেজু' বিমানবন্দরের পর, রাজ্যের তৃতীয় বিমানবন্দর এটি, যা উত্তর-পূর্ব ভারতের ১৬ তম বিমানবন্দর।

❑ 'জাতীয় তাঁত দিবস' উপলক্ষ্যে, তাঁতিদের কল্যাণের জন্য 'নেথান্না বিমা প্রকল্প' চালু করলেন তেলেঙ্গানার মুখ্যমন্ত্রী কে.চন্দ্রশেখর রাও। এই প্রকল্পের অধীনে, দুর্ভাগ্যজনক মৃত্যুর ক্ষেত্রে তাঁতিদের পরিবারকে ৫ লাখ টাকার বিমার সুবিধা দেবে রাজ্য সরকার। এর ফলে, রাজ্যের প্রায় ৮০,০০০ তাঁতি পরিবার উপকৃত হবে বলে মনে করা হচ্ছে।

❑ বিশ্বের প্রথম কৃত্রিম ভ্রূণ তৈরি করলেন ইজরায়েলের একদল বিজ্ঞানী। এই কৃত্রিম ভ্রূণের জন্য শুক্রাণু ও ডিম্বাণুর নিষিক্তকরণের দরকার হবে না। ওই ভ্রূণে অন্ত্রের নালী থেকে শুরু করে মস্তিষ্কের প্রাথমিক গঠন ও হৃদস্পন্দনও থাকবে। এই গবেষণায় কিছু কোশকে রাসায়নিক দিয়ে প্রক্রিয়াজাত করা হয়, যা জেনেটিক প্রোগ্রাম চালু করে প্লাসেন্টা বা কুসুমের থলিতে পরিণত হয়। অন্য অঙ্গ বা টিস্যু ছাড়াই এই ভ্রূণ বিকাশ লাভ করে বলে গবেষণায় দেখা গেছে। অভ্যন্তরীণ গঠন ও কোশের জেনেটিক প্রোফাইলের পরিপ্রেক্ষিতে প্রাকৃতিক ইঁদুরের ভ্রূণের সঙ্গে তুলনা করলে এই কৃত্রিম ভ্রূণের ৯৫% মিল রয়েছে। গবেষকদের মতে, এই গবেষণার ফলে প্রাণীর ওপর পরীক্ষা-নিরীক্ষার হার কমানো সম্ভব। এছাড়াও, এই গবেষণা মানুষের কোশ ও টিস্যু প্রতিস্থাপনের জন্য নতুন পথ খুলে দেবে বলে মনে করা হচ্ছে।

❑ এই প্রথমবার মেরামতের জন্য ভারতের বন্দরে এসে ভিড়ল মার্কিন নৌবাহিনীর জাহাজ। 'ইউএসএনএস চার্লস ড্রিউ' নামে মার্কিন নৌবাহিনীর একটি মালবাহী জাহাজ চেন্নাইয়ের কাছে এন্নোরে 'লার্সেন অ্যান্ড টুব্রো'র 'কাট্টুপল্লি শিপইয়ার্ড'এ এসেছে। এর ফলে, এই মার্কিনি জাহাজের মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজ করবে ভারতীয় কোম্পানি 'লার্সেন অ্যান্ড টুব্রো'। ১১ দিন মেরামতির জন্য তামিলনাড়ুর এই শিপইয়ার্ডেই থাকবে মার্কিনি জাহাজটি। এর ফলে, ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্র দুই দেশের মধ্যে সম্পর্কও আরও ভালো হবে বলে মনে করা হচ্ছে।



প্রথম ভারতীয় হিসাবে, 'বার্মিংহাম কমনওয়েলথ গেমস'এ পুরুষদের ট্রিপল জাম্প বিভাগে সোনার পদক জিতে ইতিহাস গড়লেন এলডস পল। ১৭.০৩ মিটার লাফিয়ে প্রথম স্থান অধিকার করেছেন তিনি।

❑ 'বার্মিংহাম কমনওয়েলথ গেমস'এ মহিলাদের বক্সিংয়ের ৪৮ কেজি বিভাগে সোনার পদক পেলেন ভারতীয় বক্সার নীতু গাঙ্গাস। ইংল্যান্ডের বক্সার ডেমি-জেড রেজটানকে হারিয়েছেন তিনি।

❑ 'বার্মিংহাম কমনওয়েলথ গেমস'এ পুরুষদের বক্সিংয়ের ৫১ কেজি বিভাগে সোনার পদক পেলেন ভারতীয় বক্সার অমিত পাঙ্গাল। ইংল্যান্ডের বক্সার কিয়ারান ম্যাকডোনাল্ড ৫-০ ব্যবধানে হারিয়ে এই পদক পেলেন তিনি।

❑ 'বার্মিংহাম কমনওয়েলথ গেমস'এ মহিলাদের বক্সিংয়ের লাইট ফ্লাইওয়েট বিভাগে (৪৮-৫০ কেজি) সোনার পদক পেলেন ভারতীয় বক্সার নিখাত জারিন। নর্দার্ন আয়ারল্যান্ডের কার্লি এমসি নাউলকে ৫-০ ব্যবধানে হারিয়ে এই পদক পেলেন তিনি।

**৮ আগস্ট :** প্রথম ভারতীয় সামাজিক মনোবিজ্ঞানী হিসাবে, মার্কিন যুক্তরাষ্ট্রের 'সোসাইটি ফর পার্সোন্যালিটি অ্যান্ড সোশ্যাল সাইকোলজি'র 'হেরিটেজ ওয়াল অফ ফেম'এ স্থান পেলেন 'অম্রুত মোদী স্কুল অফ ম্যানেজমেন্ট, আহমেদাবাদ বিশ্ববিদ্যালয়'এর অধ্যাপক রমাধর সিং। সামাজিক মনোবিজ্ঞান ও ব্যবস্থাপনায় অসামান্য অবদানের জন্য এই সম্মান পেলেন তিনি।

❑ 'জুনিয়র চেম্বার ইন্টারন্যাশনাল হং কং'এর তরফ থেকে, 'ওয়ার্ল্ড উওমেন অঁত্রেপ্রেনিওরস পুরস্কার' পেলেন কেরালার অঁত্রেপ্রেনার সঙ্গীতা অভয়ন। রাষ্ট্রসঙ্ঘের সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোলস'এর সঙ্গে তাঁত ও হস্তশিল্প স্টার্টআপের কর্মক্ষমতার জন্য এই পুরস্কার পেলেন তিনি।

❑ 'কাকোরি ট্রেন অ্যাকশন'এর বার্ষিকী উপলক্ষ্যে, 'আজাদি কা অমৃত মহোৎসব'এর অংশ হিসাবে, 'রেডিও জয়ঘোষ' চালু করলেন উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। পারফর্মিং আর্ট, উত্তর প্রদেশের আঞ্চলিক বিশেষত্ব, লোকশিল্প ও বীরত্ব পুরস্কার প্রাপ্তদের প্রচার করার জন্য সম্প্রতি একটি কমিউনিটি রেডিও স্টেশন তৈরি করেছে রাজ্যের সংস্কৃতি বিভাগ ও 'রেডিও জয়ঘোষ' এরই একটি অংশ। 'রেডিও জয়ঘোষ' লখনউতে 'সঙ্গীত নাটক আকাদেমি'র মাধ্যমে ১০৭.৮ মেগাহার্টজে শোনা যাবে, যেখানে প্রতিদিন সকাল ৬টা থেকে রাত ১০টা পর্যন্ত অনুষ্ঠানগুলি সম্প্রচার করা হবে।

❑ ভিডিও কনফারেন্সের মাধ্যমে, উত্তর প্রদেশের চান্দৌলি জেলায় 'ইন্দো-ইজরায়েল সেন্টার ফর এক্সেলেন্স ফর ভেজিটেবলস'এর ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী নরেন্দ্র সিং তোমর। এটি তৈরি হলে উদ্যানপালন প্রযুক্তির প্রশিক্ষণে সুবিধা হবে। এছাড়াও, ফল ও সবজির চারা উৎপাদনের উৎস হিসাবে কাজ করবে এই সেন্টার অফ এক্সেলেন্স। পূর্বাঞ্চল ও চান্দৌলি অঞ্চলের উন্নয়নেও সহায়ক হবে এই কেন্দ্র।

এরপর ১২ পাতায়

ওষুধের ওপর নজরদারি করার লক্ষ্যে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে কর্মমুখী কোর্স

# ফার্মাকোভিজিলেন্স ইন ক্লিনিক্যাল রিসার্চ

ড. কেতুসেতুও কুণ্ডসু
ডিরেক্টর
ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার
যাদবপুর বিশ্ববিদ্যালয়

বিজ্ঞান শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা গতানুগতিকতার বাইরে বেরিয়ে অন্য ধরনের উজ্জ্বল কেরিয়ার গড়তে চাইলে ফার্মাকোভিজিলেন্সকে পেশা হিসাবে নিতে পারেন। জনস্বাস্থ্য সম্পর্কে সচেতনতার হার ভারতে ভালো নয়। ফলে, ওষুধের অব্যবহারজনিত কারণে নানা সময়ে অকারণ প্রাণহানি ও স্বাস্থ্যের অবনতির ঘটনা শোনা যায়। দরকারের অতিরিক্ত ওষুধ ব্যবহারের দায় ক্রেতার ওপর বর্তালেও পরিবেশক কিংবা বিক্রেতার ওপরেও কিন্তু সমান দায় বর্তায়। তাই সরকারি ও বেসরকারি উদ্যোগে ওষুধের গুণমান ও সঠিক ব্যবহারের উদ্দেশ্যে জনসচেতনতা বাড়ানোর উদ্যোগ নেওয়া দরকার। ফার্মাকোভিজিলেন্স আসলে সেই বিষয়েরই একটা অংশ মাত্র, যা শুধু ভারতে নয়, বিদেশেও গুরুত্বপূর্ণ পেশা হিসাবে আজ বিবেচ্য।

ফার্মাকোভিজিলেন্সের মাধ্যমে ওষুধ চিহ্নিতকরণ, তার মান বিচার ও পরিমাণ সম্পর্কে খেয়াল রাখা ও তার উন্নতি সাধনের চেষ্টা করা হয়। এককথায় এই পেশার প্রধান কাজ বাজার চলতি ওষুধের ওপর নজরদারি রাখা। রোগের সংখ্যা বাড়ার সঙ্গে সঙ্গে ওষুধের চাহিদা বাড়ছে। বাজারে যেসব ওষুধের বাহুল্য আছে, সেইসব ওষুধের গুণমান রক্ষার জন্য ফার্মাকোভিজিলেন্সে প্রশিক্ষিতদের একান্ত দরকার। কেন্দ্রীয় সরকারের এক সমীক্ষা অনুসারে, আগামী দিনে সারা দেশের ওষুধ শিল্পে অন্ততপক্ষে ৫০,০০০ ফার্মাকোভিজিলেন্সের পেশাদার দরকার হবে। অথচ চাহিদার তুলনায় যোগ্য প্রশিক্ষকের এখন যথেষ্ট অভাব।

এই ক্ষেত্রে যোগ্য পেশাদার তৈরির জন্য যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার ও আমরি হসপিটালের যৌথ উদ্যোগে পড়ানো হচ্ছে 'ফার্মাকোভিজিলেন্স ইন ক্লিনিক্যাল রিসার্চ' বিষয়ের কর্মমুখী কোর্স। পূর্ব ভারতে একমাত্র এখানেই প্রথম এই ধরনের কোর্স পড়ানো হয়।

**কারা পড়তে পারেন** : বায়োসায়েন্সের যে কোনো শাখার গ্র্যাজুয়েট বা, ফার্মাসি বা, মেডিক্যাল (এম.ডি, এম.বি.বি.এস, বি.ডি.এস, বি.এইচ.এম.এস) বা, নার্সিংয়ের গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা এই কোর্সে ভরতি হতে পারেন। এমনকি প্যারামেডিক্যাল কোর্সের ডিপ্লোমা কোর্স পাশ ছেলেমেয়েরাও ভরতির জন্য যোগ্য।

**প্রশিক্ষণের মেয়াদ** : মোট ৯ মাসের সার্টিফিকেট কোর্স। এর মধ্যে ৩ মাসের প্র্যাক্টিক্যাল ক্লাস হয়। ওষুধ শিল্পে নজরদারির জন্য একেবারে প্রাথমিক স্তরের ফার্মাকোভিজিলেন্স বিষয় থেকে শুরু করে ক্লিনিক্যাল রিসার্চ কীভাবে কাজে লাগানো যায়, সে ব্যাপারে শিক্ষা দেওয়া হয়। কেমন করে কোনো ফার্মাকোভিজিলেন্স সেন্টার তৈরি করে কাজ শুরু করা যায়, ফার্মাকোভিজিলেন্স বিষয়ের তথ্য বিশ্লেষণের পদ্ধতি কেমন বা, এই বিষয়ের রিস্ক ম্যানেজমেন্ট বা, ফার্মাকোপিডেমোলজি সবটাই এই কোর্সের অন্তর্গত। এছাড়াও এই কোর্সের অন্তর্ভুক্ত বিষয়ের মধ্যে আছে সি.আর.ও অপারেশন, ক্লিনিক্যাল ট্রায়াল, মেডিক্যাল রাইটিং, ডাটা ম্যানেজমেন্ট, সেফটি রিপোর্টিং, ড্রাগ ডিসকভারি, গুড ক্লিনিক্যাল প্র্যাক্টিস গাইডেন্স। ক্লাস হয় সপ্তাহে ১ দিন। শনিবার বেলা ১টা থেকে ৫টা পর্যন্ত ক্লাস। সীট : ২৫টি।

**কাজের সুযোগ** : পড়ার জন্য পড়ানো নয়, কোর্স শেষে সফল প্রার্থীদের কর্মসংস্থানেও সাহায্য করা হয়। গত ১১ বছর ধরে ক্লিনিক্যাল রিসার্চ কাজের একটি গুরুত্বপূর্ণ ক্ষেত্র হয়ে উঠেছে। ওষুধ শিল্পের প্রসার, উন্নয়ন ও ক্লিনিক্যাল ট্রায়ালের ক্ষেত্রে এই পেশাদারদের ভূমিকা দিন-দিন বাড়ছে। কোর্স শেষে চাকরির সুযোগ আছে এইসব ক্ষেত্রে : ফার্মাসিউটিক্যাল সংস্থা, ক্লিনিক্যাল রিসার্চ অর্গানাইজেশন, হাসপাতাল, রিসার্চ ল্যাবরেটরি, বিজনেস প্রসেস অর্গানাইজেশন সংস্থা ও নিয়ামক সংস্থা। এই কোর্সে ভরতির জন্য দরখাস্ত করতে হবে নির্ধারিত ফর্মে। হাতে-হাতে ফর্ম পাবেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সেলস কাউন্টার থেকে। ফর্ম পাওয়া যাবে ও পূরণ-করা দরখাস্ত জমা দিতে হবে ২৭ সেপ্টেম্বরের মধ্যে। ভর্তি হবে ২৯ সেপ্টেম্বর ও ১৪ অক্টোবর। ক্লাস শুরু হবে ২৯ অক্টোবর। কোর্স শেষে সফলদের ১০০% চাকরিতে সহায়তা করা হয়। যোগাযোগ : যাদবপুর বিশ্ববিদ্যালয়, ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার, বায়ো-ইকুইভ্যালেন্স সেন্টার বিল্ডিংয়ের চারতলায় (নজরুল ভবনের উল্টোদিকে), কলকাতা-৩২। ফোন : ৯০৮৮৪০১৩৫৪।

## ৭৮০ স্বাস্থ্য কর্মী

১ পাতার পর

পাব্লিক হেলথ ম্যানেজার, ব্লক ডাটা ম্যানেজার ইত্যাদি পদে ৭৮০ জন ছেলেমেয়ে নিচ্ছে। ডাক্তারি যোগ্যতা, নার্সিং যোগ্যতার প্রার্থীরা যোগ্য। দরখাস্ত করবেন করবেন অনলাইনে, ৭ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.north24parganashealth.org

JIS UNIVERSITY
B.Ed
স্নাতক ও স্নাতকোত্তর যে কোন বিষয়ে ন্যূনতম ৫০ শতাংশ নম্বর
আবেদন করুন www.jisuniversity.ac.in
অথবা সরাসরি যোগাযোগ করুন
86977 43361 | 96609 06163

CCPTR, Maulana Abul Kalam Azad University of Technology (MAKAUT)
ADMISSION OPEN
B.Sc. Agriculture Biotechnology
Eligibility : 10+2 Science / Vocational
BBA in Rural Management
Eligibility : 10 + 2 (Any)



☛ Best Faculty ☛ Best Infra ☛ 100% Placement*
☛ Live Industrial Training ☛ Hostel Facility
Gurukul Edutech Education & Research Foundation
Langalberia LASKUS Campus, Kolkata- 700145, Near Narendrapur Ramakrishna Mission
M : 9804720425 / 7059918186 / 9051352337
Website- www.gurukulinstitute.org.in

## MAKAUT ও গুরুকুলের যৌথ উদ্যোগে চাকুরিমুখী B.Sc. Agriculture Biotechnology ডিগ্রি কোর্সে ভর্তি চলছে

**নিজস্ব প্রতিনিধি** : উচ্চমাধ্যমিক রেজাল্ট বেরিয়ে যাওয়ার সাথে সাথে ছাত্রছাত্রী ও অভিভাবকরা চিন্তিত যে কী নিয়ে গ্র্যাজুয়েশন করলে সুনিশ্চিত কেরিয়ার পাওয়া যাবে, কোথায় ভর্তি হবে? CCPTR (MAKAUT), গুরুকুল এর যৌথ উদ্যোগে সায়েন্স (Bio / Pue) / ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছাত্রছাত্রীদের জন্য শুরু করেছে কর্মসংস্থানমুখী কোর্স বি.এসসি এগ্রিকালচার বায়োটেকনোলজি ডিগ্রি কোর্স। ভারতবর্ষের অর্থনীতি ও সমস্ত ক্ষেত্রের মুখ্য স্তম্ভ হল কৃষি ও বায়োটেকনোলজি। ভারতবর্ষের ৭০% এমপ্লয়মেন্ট কৃষি ও বায়োটেকনোলজি কেন্দ্রীক। বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় এর প্রাক্তন ডিন Prof. R. K. Ghosh ও IAS অফিসার ও প্রাক্তন মুখ্যসচিব শ্রী রায় জানালেন, 'Agriculture Biotechnology' সেক্টরে কাজ জানা প্রশিক্ষিতদের বিপুল চাহিদা সরকারি ও বেসরকারি এবং বৈদিশিক মাল্টি ন্যাশনাল সংস্থায়। এদের চাকুরি খুঁজতে হয় না, চাকুরি এদের খুঁজে নেয়। এই কোর্স করে তাই সহজেই শিক্ষার্থী চাকুরির সুযোগ পেতে পারে সরকারি ও বেসরকারি কৃষি ও বায়োটেকনোলজি সংস্থা, ব্যাঙ্ক, মাল্টি ন্যাশনাল সার, সীড, পেস্টিসাইড সংস্থা, রিসার্চ ল্যাবে ম্যানেজার, অ্যানালিস্ট, প্রোডাক্ট রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অফিসার বা সুপারভাইজর এবং অন্যান্য নানা পদে। গুরুকুলের কলকাতা ক্যাম্পাসে রয়েছে নিজস্ব অত্যাধুনিক ফার্ম, অত্যাধুনিক বায়োটেকনোলজি ও জেনেটিক্সের ল্যাব। কোর্সের প্রথম থেকেই ক্যাম্পাসে থিওরি ও প্র্যাক্টিক্যালের সঙ্গে সঙ্গে এগ্রিকালচার ও বায়োটেকনোলজি সম্পর্কিত শিল্পক্ষেত্রে হাতে-কলমে প্রশিক্ষণের মাধ্যমে ছাত্রছাত্রীদের জব রেডি করে তোলে। রয়েছে নিখরচায় সফট স্কিল, স্পোকেন ইংলিশ ও ইন্টারভিউ সেশন। সীমিত আসনে ভরতির জন্য এখনই যোগাযোগ করুন নিচের ঠিকানায়- গুরুকুল এডুটেক এডুকেশন অ্যান্ড রিসার্চ ফাউন্ডেশন, লাঙলবেড়িয়া, LASKUS ক্যাম্পাস, কলকাতা (নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের কাছে), ফোন- ৯৮০৪৭২০৪২৫, ৭০৫৯৯১৮১৮৬, ৯০৫১৩৫২৩৩৭, ওয়েবসাইট- www.gurukulinstitute.org.in

ITI-এ ভর্তি
NCVT অনুমোদিত
TIIME-ITI-এ 2022 সেশনে ভর্তির জন্য যোগাযোগ করুন :
কোর্স : ইলেকট্রিশিয়ান, সার্ভেয়র ও আমিন সার্ভেয়র
9143234509, 9143237745

জার্মানিতে কাজের সাথে
বিনামূল্যে পড়াশোনার সুযোগ
সঙ্গে আকর্ষণীয় টাকার মাইনে
নার্সিং পেশায় নিজেকে প্রতিষ্ঠিত করুন
• B.Sc. নার্সিং
• GNM নার্সিং
• হেলথকেয়ার ম্যানেজমেন্ট
• হোটেল ম্যানেজমেন্ট
• হসপিটাল ম্যানেজমেন্ট



Study Free Consultancy
9903456783 / 9748242777
৯/১, জাস্টিস চন্দ্র মাধব রোড, কলকাতা- ৭০০ ০২০
www.studyfreeconsultancy.in Email: studyfreeconsultancy@gmail.com

১৭ আগস্ট থেকে শুরু হওয়া
রেলের গ্রুপ-ডি
পরীক্ষায় সিলেবাসভিত্তিক 'Common' প্রশ্নোত্তর পেতে
WBCS Main 2022
(আগস্ট / সেপ্টেম্বর)
এছাড়াও পাবেন
রাজ্য পুলিশের কনস্টেবল, সাব-ইন্সপেক্টর, SSC CHSL, CGL সহ সব ধরনের পরীক্ষার Up-to-date স্টাডি মেটেরিয়াল পেতে আজই কিনুন
সাফল্য সাধারণ জ্ঞান
সাফল্য
Appointment & Career News
যোগাযোগ করুন : 9830624170

# সাধারণ জ্ঞান

**এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।**

## সাধারণ বিজ্ঞান

১। 'ওপন হার্ট সার্জারি' কে আবিষ্কার করেন — ক্যারেন্স ওয়ালটন লিলেহেই।

২। সালোকসংশ্লেষ ও শ্বসনের হার কখন সমান হয় — ভোরবেলায়।

৩। সালোকসংশ্লেষকারী অঙ্গাণু কোনটি — ক্লোরোপ্লাস্ট।

৪। অবাত শ্বসনকারী উদ্ভিদের নাম কী — ইস্ট।

৫। পুরনো পাণ্ডুলিপির লেখা পড়ার জন্য কোন রশ্মি ব্যবহার করা হয় — অবলোহিত রশ্মি।

৬। উদ্ভিদের পুষ্টির পর্যায়গুলি কী কী — সংশ্লেষণ ও আত্তীকরণ।

৭। প্রোটিন পরিপাকের শেষে কোন পদার্থের সৃষ্টি হয় — অ্যামাইনো অ্যাসিড।

৮। রক্তে বিলিরুবিনের পরিমাণ বাড়লে কী ঘটবে — জন্ডিস।

৯। রক্তের সঞ্চয়স্থল কোন গ্রন্থি — প্লীহা।

১০। কোন বিজ্ঞানী প্রথম দেখান, সব



জৈব যৌগের মধ্যে কার্বন আছে — অ্যান্টোইন ল্যাভয়সিয়ার।

## ইতিহাস

১১। পালযুগে বৌদ্ধ ধর্মের কোন মতবাদ সবথেকে বেশি গুরুত্ব পেয়েছিল — সহজযান বা, সহজিয়া।

১২। 'বিক্রমশীলা মহাবিহার' কার নাম অনুসারে প্রতিষ্ঠিত হয় — বিক্রমশীলা উপাধিকারী পাল রাজা ধর্মপাল।

১৩। 'অধীনতামূলক মিত্রতা নীতি' কে প্রবর্তন করেন — লর্ড ওয়েলেসলি।

১৪। সদর দেওয়ানি আদালত প্রথম কোথায় স্থাপিত হয় — ফোর্ট উইলিয়ামে।

১৫। 'মনসব' কথাটির অর্থ কী — পদমর্যাদা।

১৬। 'দার-উল-সাফা' কী — গরিবদের চিকিৎসার জন্য দাতব্য চিকিৎসালয়।

১৭। 'দার-উল-সাফা'র প্রতিষ্ঠাতা কে — সুলতান ফিরোজ শাহ তুঘলক।

১৮। 'দায়ভাগ' গ্রন্থটির রচয়িতা কে — জীমূতবাহন।

১৯। মহাকবি কালিদাস কোন যুগের কবি — গুপ্ত যুগ।

২০। পশুচিকিৎসার ওপর গুপ্ত যুগে লেখা ২টি গ্রন্থের নাম কী — হস্ত্যায়ুর্বেদ ও অশ্বশাস্ত্র।

## ভূগোল

২১। কোন নদী দাক্ষিণাত্য মালভূমি ও উত্তর ভারতকে আলাদা করেছে — নর্মদা।

২২। বিশ্ববিখ্যাত নায়াগ্রা জলপ্রপাত কোন নদী থেকে সৃষ্ট — সেন্ট লরেন্স।

২৩। বিজয়নগর রাজ্যের ধ্বংসাবশেষ কোন নদীর তীরে দেখতে পাওয়া যায় — তুঙ্গভদ্রা।

২৪। কোন পুণ্যতীর্থ আগে 'কপিল' নামে পরিচিত ছিল — হরিদ্বার।

২৫। ভারতের আমদানি বাণিজ্যে কলকাতা বন্দরের স্থান কত — দ্বিতীয়।

২৬। পক প্রণালী কোন দু'টি দেশকে আলাদা করেছে — ভারত ও শ্রীলঙ্কা।

২৭। ভুটানের দীর্ঘতম নদীর নাম কী — মানস।

২৮। যমুনা নদী কোন হিমবাহ থেকে উৎপন্ন হয়েছে — যমুনোত্রী।

২৯। 'মেটস্যাট' কী — ভারতের আবহাওয়া বিষয়ক উপগ্রহ।

৩০। ভারতের কোন রাজ্যে সবথেকে বেশি তামাক উৎপন্ন হয় — অন্ধ্র প্রদেশ।

## অর্থনীতি

৩১। ভারতের ৫জি স্পেকট্রাম এয়ারওয়েভসের ৭ দিনের নিলাম শেষে, কোন সংস্থা সম্প্রতি সবথেকে বেশি এয়ারওয়েভ কিনে নিল — মুকেশ আম্বানির মালিকানাধীন টেলিকম সংস্থা 'রিলায়েন্স জিও' (৮৮,০৭৮ কোটি টাকার প্রায় অর্ধেক এয়ারওয়েভ কিনে নিয়েছে তারা)।

৩২। রাজ্যের অর্থনীতির উন্নতির জন্য, ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'ডেলয়েট ইন্ডিয়া' সংস্থাকে পরামর্শদাতা হিসাবে নিয়োগ করল — উত্তর প্রদেশ।

৩৩। সম্প্রতি কেন্দ্রীয় সরকারের নতুন নিয়ম অনুযায়ী, কাদেরকে 'অটল পেনশন যোজনা' থেকে বাদ দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে — আয়করদাতাদের।

৩৪। 'ভারতী এয়ারটেল'এর ম্যানেজিং ডিরেক্টর এখন কে — গোপাল ভিত্তাল।

৩৫। বাংলাদেশে, 'ভারতীয় ভিসা অ্যাপ্লিকেশন সেন্টার' পরিচালনা করবে কোন ব্যাঙ্ক — ভারতীয় স্টেট ব্যাঙ্ক।

৩৬। 'রাষ্ট্রসঙ্ঘ'এর বাণিজ্য ও উন্নয়ন পর্ষদের রিপোর্ট অনুযায়ী, দেশবাসীর ক্রিপ্টোকারেন্সি হাতে রাখার ক্ষেত্রে ২০টি দেশের তালিকায় ভারতের স্থান কত — সপ্তম (করোনা অতিমারির মধ্যেও গত বছর ৭.৩% দেশবাসীর হাতে ছিল ক্রিপ্টোকারেন্সি)।

## রাষ্ট্রনীতি

৩৭। সংবিধানের কত নং ধারা অনুযায়ী, বিদেশি রাজ্যকে ভারতের অন্তর্ভুক্ত করা যায় ও নতুন রাজ্য গঠন করা যায় — ২।

৩৮। কম্পট্রোলার ও অডিটর জেনারেলকে কে নিয়োগ করেন — রাষ্ট্রপতি।

৩৯। 'সুপ্রিম কোর্ট'এর বিচারপতি তাঁর মেয়াদকাল পূর্ণ হওয়ার আগে দায়িত্ব থেকে অব্যাহতি চাইলে, কার কাছে তাঁর পদত্যাগপত্র জমা দেন — রাষ্ট্রপতি।

৪০। সংসদীয় পদ্ধতিতে ভারতীয় অবদান কোনটি — অ্যাডজর্নমেন্ট মোশন।

৪১। কোনো বিধেয়ক, অর্থ বিধেয়ক কিনা, তার সিদ্ধান্ত কে নেন — লোকসভার অধ্যক্ষ।

৪২। লোকসভার জিরো আওয়ারের মেয়াদকাল কতদিনের — অনির্দিষ্ট।

৪৩। রাষ্ট্রপতির বক্তৃতা কে তৈরি করেন — প্রধানমন্ত্রী ও তাঁর ক্যাবিনেট।

## সাম্প্রতিক ঘটনা

৪৪। সম্প্রতি ভারতের মোট ক'টি শহরে 'গুগল ম্যাপস'এর জনপ্রিয় ফিচার 'গুগল স্ট্রিট ভিউ' চালু করল 'গুগল ইন্ডিয়া' — ১০টি।

৪৫। কার্গিল সেক্টরের দ্রাসে 'পয়েন্ট ৫১৪০'এর নতুন নাম কী — গান হিল।

৪৬। ১৭ আগস্ট, নিজস্ব ই-ট্যাক্সি পরিষেবা চালু করছে কেরালা সরকার। এটির নাম কী — কেরালা সাভারি।

৪৭। দিল্লির পুলিশ কমিশনার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — সঞ্জয় অরোরা।

৪৮। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি অঙ্গনওয়াড়ি শিশুদের জন্য দুধ ও ডিম প্রকল্প চালু করল — কেরালা (প্রকল্পটির নাম পোশাকা বাল্যম')।

৪৯। বিশ্বের বৃহত্তম ভাসমান সৌর বিদ্যুৎ কেন্দ্র কোথায় তৈরি হতে চলেছে — মধ্য প্রদেশের খাণ্ডোয়া জেলায়।

৫০। পাক-ই-স্তান পুলিশের প্রথম মহিলা হিন্দু ডেপুটি সুপারিন্টেন্ডেন্ট হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — মনীষা রোপেতা।

৫১। শিশুদের ভিক্ষাবৃত্তি থেকে মুক্ত করতে ও তাদের শিক্ষার ব্যবস্থা করতে, ভারতের কোন রাজ্যের পুলিশ সম্প্রতি 'অপারেশন মুক্তি' নামে এক বিশেষ অভিযান শুরু করল — উত্তরাখণ্ড পুলিশ।

৫২। প্রতিরক্ষা প্রযুক্তির বিকাশ ও দেশীয় প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদনের লক্ষ্যে, সম্প্রতি কোন আইআইটি'র সঙ্গে যুক্ত হল 'ডিআরডিও' — আইআইটি রুরকি'।

৫৩। জুলাইয়ে, ভারতের তৃতীয় বৃহত্তম কয়লা সরবরাহকারী দেশে পরিণত হল কোন দেশ — রাশিয়া।

৫৪। জরুরি ভিত্তিতে পেট্রোলিয়াম পণ্য সরবরাহের জন্য, 'ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেড' সম্প্রতি কোন দেশের সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করল — বাংলাদেশ।

৫৫। 'সেন্ট্রাল ভিজিল্যান্স কমিশনার'এর প্রধান হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — সুরেশ এন.প্যাটেল।

৫৬। ভারতের প্রধান বিচারপতি কে



হতে চলেছেন — উদয় উমেশ ললিত।

৫৭। সম্প্রতি কত সালের মধ্যে, 'ভারতীয় বিমান বাহিনী'র সব 'মিগ-২১' যুদ্ধবিমান পুরোপুরি বাতিল করে দেওয়ার সিদ্ধান্ত নিল কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রক — ২০২৫ সাল।

৫৮। সহজে কাস্ট সার্টিফিকেট পেতে, ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'মিশন ভূমিপুত্র' প্রকল্প চালু করল — অসম সরকার।

৫৯। দেশে 'মাঙ্কিপক্স' পরিস্থিতি পর্যবেক্ষণ ও সংক্রমণ ছড়িয়ে পড়া নিয়ন্ত্রণ করতে, সম্প্রতি বিশেষ টাস্ক ফোর্স গঠন করল কেন্দ্রীয় সরকার। এই টাস্ক ফোর্সের নেতৃত্বে থাকছেন কে — 'নীতি আয়োগ'এর সদস্য ড. ভি.কে.পাল।

৬০। কে সম্প্রতি 'ড.সি.নারায়ণ রেড্ডি জাতীয় সাহিত্য পুরস্কার' পেলেন — বিশিষ্ট ওড়িয়া লেখিকা ড.প্রতিভা রায়।

৬১। ভারতের জন্য 'বিশ্বব্যাঙ্ক'এর নতুন কান্ট্রি ডিরেক্টর হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — অগাস্তে টানো কুয়ামে।

৬২। 'প্রেস ইনফর্মেশন ব্যুরো'র প্রিন্সিপাল ডিরেক্টর জেনারেল হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — সত্যেন্দ্র প্রকাশ।

৬৩। 'ইন্ডিয়ান কাউন্সিল অফ অ্যাগ্রিকালচারাল রিসার্চ'এর ডিরেক্টর জেনারেল হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ড.হিমাংশু পাঠক।

৬৪। সম্প্রতি পশ্চিমবঙ্গে নতুন ক'টি জেলার ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় — ৭টি।

৬৫। ধূমপান মুক্ত প্রজন্ম তৈরির লক্ষ্যে, বিশ্বে এই প্রথম কোন দেশ সম্প্রতি পার্লামেন্টে তামাক বিরোধী বিল পাস করল — নিউজিল্যান্ড।

৬৬। 'প্রাইম মিনিস্টার্স অফিস'এর ডিরেক্টর হিসাবে সম্প্রতি কে মনোনীত



হলেন — শ্বেতা সিং।

৬৭। সম্প্রতি শতাব্দী প্রাচীন 'লঙ্গত সিং কলেজ'এর জ্যোতির্বিদ্যা ল্যাব 'ইউনেস্কো'র হেরিটেজ অবজার্ভেটরির তালিকায় স্থান পেল। এটি ভারতের কোন রাজ্যে অবস্থিত — বিহার।

৬৮। কৃষি পরিকাঠামো তহবিলের ব্যবহারে ভারতের কোন রাজ্য সম্প্রতি শীর্ষ স্থান পেল — অন্ধ্র প্রদেশ।

৬৯। সম্প্রতি আনুষ্ঠানিকভাবে মোট কত স্টার্টআপকে স্বীকৃতি দিয়ে ঐতিহাসিক মাইলফলক ছুঁল ভারত — ৭৫,০০০।

৭০। কোন এয়ারলাইন্স সম্প্রতি নতুন নীতি চালু করল, যার মাধ্যমে অবসরপ্রাপ্ত পাইলটরা আবারও কাজে যোগ দেওয়ার সুযোগ পাবেন — এয়ার ইন্ডিয়া।

## খেলাধূলা

৭১। 'বার্মিংহাম কমনওয়েলথ গেমস'এ পুরুষদের ভারোত্তোলনের ৫৫ কেজি বিভাগে সম্প্রতি কোন পদক পেলেন ভারতের সঙ্কেত মহাদেব সরগর — রুপোর পদক।

৭২। কে সম্প্রতি আন্তর্জাতিক টোয়েন্টি-২০ ক্রিকেটের ইতিহাসে পরপর ২টি ম্যাচে শতরান করার নজির গড়লেন — ফ্রান্সের ক্রিকেটার গুস্তাভ ম্যাককিওন।

৭৩। 'বার্মিংহাম কমনওয়েলথ গেমস'এ মহিলাদের ভারোত্তোলনের ৪৯ কেজি বিভাগে কে সম্প্রতি সোনার পদক পেলেন — ভারতের সাইখোম মীরাবাই চানু।

৭৪। সম্প্রতি অবসর ঘোষণাকারী সেবাস্তিয়ান ভেটেল কোন খেলার সঙ্গে যুক্ত — কার রেসিং।

৭৫। 'বার্মিংহাম কমনওয়েলথ গেমস'এ মহিলাদের ভারোত্তোলনের ৫৫ কেজি বিভাগে ভারতের বিন্দিয়ারানি দেবী সম্প্রতি কোন পদক পেলেন — রুপোর পদক।

৭৬। 'বার্মিংহাম কমনওয়েলথ গেমস'এ পুরুষদের ভারোত্তোলনের ৬১ কেজি বিভাগে ভারতের গুরুরাজা পুজারি কোন পদক পেলেন — ব্রঞ্জ পদক।

৭৭। ২০২৪ সালের 'প্যারিস অলিম্পিক্স'এর অফিশিয়াল স্লোগান কী — গেমস ওয়াইড ওপেন।

৭৮। কে সম্প্রতি প্রথম ভারতীয় ক্রীড়াবিদ হিসাবে, হাই জাম্পে 'কমনওয়েলথ গেমস'এ পদক পেয়ে ইতিহাস গড়লেন — তেজস্বিন শঙ্কর (সর্বোচ্চ ২.২২ মিটার লাফিয়ে ব্রঞ্জ পদক পেলেন তিনি)।

৭৯। 'বার্মিংহাম কমনওয়েলথ গেমস'এ মহিলাদের জুডোর ৭৮ কেজি বিভাগে ভারতের তুলিকা মান সম্প্রতি কোন পদক পেলেন — রুপোর পদক।

৮০। বাংলার প্রথম ক্রীড়াবিদ হিসাবে, কে সম্প্রতি 'বার্মিংহাম কমনওয়েলথ গেমস'এ পুরুষদের ভারোত্তোলনের ৭৩ কেজি বিভাগে সোনার পদক পেয়ে নজির গড়লেন — অচিন্ত্য শিউলি।

৮১। কোন দল সম্প্রতি 'বার্মিংহাম কমনওয়েলথ গেমস'এ লন বলসে ঐতিহাসিক সোনার পদক জিতে ইতিহাস গড়ল — ভারতীয় মহিলা দল (দক্ষিণ আফ্রিকাকে ১৭-১০ ব্যবধানে হারিয়ে)।

৮২। ২০২২ সালে কে ফর্মুলা ওয়ান 'হাঙ্গেরিয়ান গ্র্যাঁ প্রি' জিতলেন — রেড বুলের ম্যাক্স ভারস্তাপেন।


৮৩। ২০২২ সালে কোন দল মহিলাদের ইউরো কাপ জিতল — ইংল্যান্ড (জার্মানিকে ২-১ গোলে হারিয়ে)।

৮৪। সম্প্রতি প্রয়াত জনি ফেমচন (৭৭ বছর) কোন খেলার সঙ্গে যুক্ত ছিলেন — বক্সিং।

৮৫। কে সম্প্রতি প্রথম ভারতীয় সিঙ্গলস স্কোয়াশ খেলোয়াড় হিসাবে, 'বার্মিংহাম কমনওয়েলথ গেমস'এ ব্রঞ্জ পদক পেয়ে ইতিহাস গড়লেন — ভারতের সৌরভ ঘোষাল।

৮৬। 'বার্মিংহাম কমনওয়েলথ গেমস'এ টেবল টেনিসে পুরুষদের দলগত বিভাগে কোন দল সম্প্রতি সোনার পদক পেল — ভারতের ছেলেদের টেবল টেনিস দল (সিঙ্গাপুরকে ৩-১ ব্যবধানে হারিয়ে)।

৮৭। কে সম্প্রতি কমনওয়েলথ গেমসের ইতিহাসে প্রথম ভারতীয় হিসাবে পুরুষদের হেভিওয়েট প্যারা



পাওয়ারলিফটিংয়ে সোনার পদক পেয়ে ইতিহাস গড়লেন — সুধীর।

৮৮। 'বার্মিংহাম কমনওয়েলথ গেমস'এ পুরুষদের ভারোত্তোলনের ৯৬ কেজি বিভাগে কে সম্প্রতি রুপোর পদক পেলেন — ভারতের বিকাশ ঠাকুর।

৮৯। কেন্দ্রীয় মন্ত্রী হরদীপ সিং পুরী সম্প্রতি কোথায় চতুর্থ 'ওএনজিসি প্যারা গেমস-২০২২'এর উদ্বোধন করলেন — নয়াদিল্লি।

৯০। বাংলাদেশের প্রথম ব্যাটসম্যান হিসাবে, কে সম্প্রতি একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে ৮,০০০ রানের মাইলফলক পেরোলেন — তামিম ইকবাল।

৯১। ২০২২ সালে কোন দল 'সাফ অনূর্ধ্ব-২০ চ্যাম্পিয়নশিপ' জিতল — ভারত (বাংলাদেশকে অতিরিক্ত সময়ে ৫-২ ব্যবধানে হারিয়ে)।

**সঙ্কলক : পলি দেওয়ান**

# ANY RANK DIRECT ADMISSION

১০০% ব্যাঙ্ক লোন ও স্টুডেন্ট ক্রেডিট কার্ডে ভর্তি হওয়ার সুবিধা

৩৫০ বেডের নিজস্ব হসপিটালে নার্সিং স্টুডেন্টদের প্র্যাক্টিক্যালের সুবিধা

## M.R. INSTITUTE OF NURSING

**Affiliated by INC, WBNC, WBUHS Approved**

## GNM ⊙ B.Sc. নার্সিং
## B.Pharm ⊙ D.Pharm



**For Direct Admission**
**8274091660**

৫০ হাজার থেকে ১ লাখ টাকা পর্যন্ত স্কলারশিপ পাওয়ার সুবিধা

পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর
ঝাড়গ্রাম, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া
9836902256

উঃ, দঃ ২৪ পরগনা,
হাওড়া, হুগলি, বর্ধমান
7595905107

অ্যাডমিশন ও এডুকেশন কনসালটেন্সি সংক্রান্ত যোগাযোগ
Mr. S. K. Mondal
(Chief Admission Officer) 9163297000

# যেকোনো র‍্যাঙ্কে কলেজে সরাসরি ভর্তির সুযোগ

১০০% ব্যাঙ্ক লোন ও স্টুডেন্ট ক্রেডিট কার্ডে ভর্তি হওয়ার সুবিধা

৩৫০ বেডের নিজস্ব হসপিটালে নার্সিং স্টুডেন্টদের প্র্যাক্টিক্যালের সুবিধা

## MOTHER RIJIYA INSTITUTE OF NURSING

**Affiliated by WBNC, WBUHS, INC (Applied) Approved**



4.5 লাখ টাকায় — 5 লাখ টাকায়

## GNM ⊙ B.Sc. নার্সিং
## B.Pharm ⊙ D.Pharm

এই কাটিংটি সঙ্গে আনলে অফারটি পাবেন

**For Direct Admission**
**8274091660**

১ লাখ টাকা পর্যন্ত স্কলারশিপ

অ্যাডমিশন ও এডুকেশন কনসালটেন্সি সংক্রান্ত যোগাযোগ
Mr. S. K. Mondal
(Chief Admission Officer) 9163297000

## ফুড কর্পোরেশনে ৫,০৪৩

১ পাতার পর

(জেনাঃ ৫০, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ১০, ও.বি.সি. ১৭, উচ্চবর্ণের সংরক্ষিত প্রার্থী ৫)। এর মধ্যে প্রতিবন্ধী ৩, প্রাঃসঃকঃ ১৩। দক্ষিণাঞ্চল ১৫৫টি (জেনাঃ ৭৪, তঃজাঃ ২১, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ৪০, উচ্চবর্ণের সংরক্ষিত প্রার্থী ১৫)। এর মধ্যে প্রতিবন্ধী ৬, প্রাঃসঃকঃ ২১। উত্তরাঞ্চলে ৪৫৩টি (জেনাঃ ১৯০, তঃজাঃ ৮৫, তঃউঃজাঃ ২০, ও.বি.সি. ১৩০, উচ্চবর্ণের সংরক্ষিত প্রার্থী ৩৮)। এর মধ্যে প্রতিবন্ধী ২০, প্রাঃসঃকঃ ৬৪। উত্তর-পূর্বাঞ্চল ৫৩টি (জেনাঃ ১৮, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ১৪, ও.বি.সি. ৮, উচ্চবর্ণের সংরক্ষিত প্রার্থী ৫)। এর মধ্যে প্রতিবন্ধী ২, প্রাঃসঃকঃ ৭। পোস্ট-কোড : D.

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড-।।। (টেকনিক্যাল)** : অ্যাগ্রিকালচারের বি.এসসি. কোর্স পাশরা আবেদন করতে পারেন। বটানি, জুলজি, বায়ো-টেকনোলজি, বায়ো-কেমিস্ট্রি, মাইক্রোবায়োলজি বা, ফুড সায়েন্সের বি.এসসি. কোর্স পাশরাও আবেদন করতে পারেন। ফুড সায়েন্স, ফুড সায়েন্স অ্যান্ড টেকনোলজি, অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং বা, বায়ো-টেকনোলজির ডিগ্রি (বি.ই. /বি.টেক.) কোর্স পাশরাও আবেদনের যোগ্য। কম্পিউটারে দক্ষতা থাকতে হবে। শূন্যপদ : পূর্বাঞ্চল ১৯৪টি (জেনাঃ ৮৭, তঃজাঃ ১৫, তঃউঃজাঃ ১৩, ও.বি.সি. ৬২, উচ্চবর্ণের সংরক্ষিত প্রার্থী ১৭)। এর মধ্যে প্রতিবন্ধী ৭, প্রাঃসঃকঃ ৫০। পশ্চিমাঞ্চল ২৯৫টি (জেনাঃ ১২১, তঃজাঃ ২৫, তঃউঃজাঃ ৩৪, ও.বি.সি. ৯১, উচ্চবর্ণের সংরক্ষিত প্রার্থী ২৫)। এর মধ্যে প্রতিবন্ধী ৯, প্রাঃসঃকঃ ৪২। দক্ষিণাঞ্চল ২৫৭টি (জেনাঃ ৪৬, তঃজাঃ ৪৪, তঃউঃজাঃ ১৭, ও.বি.সি. ১১৫, ই.ডব্লু. এস. ৩৫)। এর মধ্যে প্রতিবন্ধী ১০, প্রাঃসঃকঃ ৩৬। উত্তরাঞ্চলে ৬১১টি (জেনাঃ ৩৫২, তঃজাঃ ৮৩, তঃউঃজাঃ ৯, ও.বি.সি. ১১৩, উচ্চবর্ণের সংরক্ষিত প্রার্থী ৫৪)। এর মধ্যে প্রতিবন্ধী ২৩, প্রাঃসঃকঃ ৮৭। উত্তর-পূর্বাঞ্চল ৪৮টি (জেনাঃ ১৬, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১৩, ও.বি.সি. ১১, ই.ডব্লু.এস. ৫)। এর মধ্যে প্রতিবন্ধী ২, প্রাঃসঃকঃ ৭। পোস্ট-কোড : F.

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড-।।। (অ্যাকাউন্টস)** : কমার্স শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। কম্পিউটারে দক্ষতা থাকতে হবে। শূন্যপদ : পূর্বাঞ্চল ৭২টি (জেনাঃ ২৮, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ১৮, উচ্চবর্ণের সংরক্ষিত প্রার্থী ৭)। এর মধ্যে প্রতিবন্ধী ৪, প্রাঃসঃকঃ ১২। পশ্চিমাঞ্চল ৪৫টি (জেনাঃ ১৭, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১৪, ও.বি.সি. ৯, উচ্চবর্ণের সংরক্ষিত প্রার্থী ৩)। এর মধ্যে প্রতিবন্ধী ১, প্রাঃসঃকঃ ৬। দক্ষিণাঞ্চল ১০৭টি (জেনাঃ ৫৫, তঃজাঃ ১৬, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ২১, উচ্চবর্ণের সংরক্ষিত প্রার্থী ১১)। এর মধ্যে প্রতিবন্ধী ৪, প্রাঃসঃকঃ ১৪। উত্তরাঞ্চলে ১৪২টি (জেনাঃ ৮০, তঃজাঃ ১৯, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৩৫, উচ্চবর্ণের সংরক্ষিত প্রার্থী ৬)। এর মধ্যে প্রতিবন্ধী ৫, প্রাঃসঃকঃ ১৮। উত্তর-পূর্বাঞ্চল ৪০টি (জেনাঃ ২১, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ৬, উচ্চবর্ণের সংরক্ষিত প্রার্থী ৪)। এর মধ্যে প্রতিবন্ধী ২, প্রাঃসঃকঃ ৬। পোস্ট-কোড : E.

**অ্যাসিস্ট্যান্ট গ্রেড-।।। (ডিপো)** : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। কম্পিউটারে দক্ষতা থাকতে হবে। শূন্যপদ : পূর্বাঞ্চল ২৮৩টি (জেনাঃ ১০৯, তঃজাঃ ৭০, তঃউঃজাঃ ২৯, ও.বি.সি. ৪৬, উচ্চবর্ণের সংরক্ষিত প্রার্থী ২৯)। এর মধ্যে প্রতিবন্ধী ১৩, প্রাঃসঃকঃ ৪৮। পশ্চিমাঞ্চল ২৫৮টি (জেনাঃ ১১০, তঃজাঃ ৩০, তঃউঃজাঃ ৩৪, ও.বি.সি. ৫৯, উচ্চবর্ণের সংরক্ষিত প্রার্থী ২৫)। এর মধ্যে প্রতিবন্ধী ১০, প্রাঃসঃকঃ ৩৭। দক্ষিণাঞ্চল ৪৩৫টি (জেনাঃ ১৬৪, তঃজাঃ ৮৮, তঃউঃজাঃ ১৬, ও.বি.সি. ১১৭, উচ্চবর্ণের সংরক্ষিত প্রার্থী ৪৮)। এর মধ্যে প্রতিবন্ধী ১৭, প্রাঃসঃকঃ ৬২। উত্তরাঞ্চলে ১,০৬৩টি (জেনাঃ ৪৪৯, তঃজাঃ ২০৩, তঃউঃজাঃ ৩৬, ও.বি.সি. ২৮১, উচ্চবর্ণের সংরক্ষিত প্রার্থী ৯৪)। এর মধ্যে প্রতিবন্ধী ৪৪, প্রাঃসঃকঃ ১৫১। উত্তর-পূর্বাঞ্চল ১৫টি (জেনাঃ ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ১, উচ্চবর্ণের সংরক্ষিত প্রার্থী ২)। এর মধ্যে প্রতিবন্ধী ১, প্রাঃসঃকঃ ২। পোস্ট-কোড : G.

**জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল ইঞ্জিনিয়ারিং)** : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা অন্তত ১ বছর কাজের অভিজ্ঞতা থাকলেও যোগ্য। শূন্যপদ : পূর্বাঞ্চল ৭টি (তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ১, উচ্চবর্ণের সংরক্ষিত প্রার্থী ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৩। পশ্চিমাঞ্চল ৫টি (জেনাঃ)। দক্ষিণাঞ্চল ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ২)। উত্তরাঞ্চলে ২২টি (জেনাঃ ১৩, তঃজাঃ ৫, ও.বি.সি. ৪)। এর মধ্যে প্রতিবন্ধী ১, প্রাঃসঃকঃ ১। উত্তর-পূর্বাঞ্চল ৯টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১। পোস্ট-কোড : A.

**জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল / মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং)** : ইলেক্ট্রিক্যাল বা, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। ইলেক্ট্রিক্যাল বা, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা অন্তত ১ বছর কাজের অভিজ্ঞতা থাকলেও আবেদন করতে পারেন। শূন্যপদ : পূর্বাঞ্চল ২টি (জেনাঃ)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১। পশ্চিমাঞ্চল ২টি (জেনাঃ)। উত্তরাঞ্চলে ৮টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, ও.বি.সি. ২)। উত্তর-পূর্বাঞ্চল ৩টি (জেনাঃ ২, তঃজাঃ ১)। পোস্ট-কোড : B.

**স্টেনো গ্রেড-।।** : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা ডোয়েক থেকে 'ও' লেভেল কোর্স পাশ হলে আর ইংরিজি টাইপিং ও শর্টহ্যান্ডে মিনিটে অন্তত ৪০টি ও ৮০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন।

কম্পিউটার সায়েন্স বা, কম্পিউটার অ্যাপ্লিকেশনের ডিগ্রি কোর্স পাশরা ইংরিজি টাইপিং ও শর্টহ্যান্ডে মিনিটে অন্তত ৪০টি ও ৮০টি শব্দ তোলার গতি থাকলেও আবেদন করতে পারেন। শূন্যপদ : পূর্বাঞ্চল ৮টি (জেনাঃ)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২। পশ্চিমাঞ্চল ৯টি (জেনাঃ)। এর মধ্যে প্রতিবন্ধী ১, প্রাঃসঃকঃ ১। দক্ষিণাঞ্চল ৮টি (জেনাঃ)। উত্তরাঞ্চলে ৪৩টি (জেনাঃ ২৭, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৭, উচ্চবর্ণের সংরক্ষিত প্রার্থী ৩)। এর মধ্যে প্রতিবন্ধী ১, প্রাঃসঃকঃ ৪। উত্তর-পূর্বাঞ্চল ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১। পোস্ট-কোড : C.

জুনিয়র ইঞ্জিনিয়ার পদের বেলায় বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে আর অ্যাসিস্ট্যান্ট গ্রেড পদের বেলায় বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। সব পদের বেলায় বয়স গুণতে হবে ১-৬-২০২২'র হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : জুনিয়র ইঞ্জিনিয়ার পদের বেলায় ৩৪,০০০-১,০৩,৪০০ টাকা ও অ্যাসিস্ট্যান্ট গ্রেড পদের বেলায় ২৮,২০০-৭৯,২০০ টাকা।

পূর্বাঞ্চল জোনের মধ্যে পড়বে এইসব রাজ্য : পশ্চিমবঙ্গ, বিহার, ঝাড়খন্ড, ওড়িশা। উত্তর-পূর্বাঞ্চল জোনের মধ্যে পড়বে এইসব রাজ্য : অরুণাচল প্রদেশ, অসম, নাগাল্যান্ড, মণিপুর, উত্তর-পূর্বাঞ্চল (মিজোরাম, ত্রিপুরা ও মেঘালয়-সহ)। উত্তরাঞ্চল জোনের মধ্যে পড়বে : দিল্লি, হরিয়ানা, পঞ্জাব, হিমাচল প্রদেশ, জম্মু ও কাশ্মীর, রাজস্থান, উত্তর প্রদেশ, উত্তরাখন্ড। দক্ষিণাঞ্চল জোনের মধ্যে আছে : আন্ধ্রা প্রদেশ, কর্ণাটক, কেরল, তামিল নাড়ু, তেলেঙ্গানা। পশ্চিমাঞ্চল জোনের মধ্যে আছে : মহারাষ্ট্র, মধ্য প্রদেশ, ছত্তিশগড়, গুজরাট।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন পরীক্ষা হবে। পরীক্ষা হবে দু'টি ফেজে। পরীক্ষা হবে কলকাতা, আসানসোল, দুর্গাপুর, হুগলি, কল্যাণী, শিলিগুড়ি, বোকারো স্টিল সিটি, ধানবাদ, হাজারিবাগ, জামশেদপুর, রাঁচী, গুয়াহাটি, শিলং, দানাপুর, আহমেদাবাদ, ভুপাল, মুম্বাই ও রায়পুরে, বেঙ্গালুরু, চেন্নাই, হায়দরাবাদ, তিরুবনন্তপুরম, জম্মু, দেরাদুন, সিমলা, জয়পুর, নিউদিল্লি, লক্ষ্মৌ, চন্ডীগড়।

সব পদের বেলায় প্রথম ফেজে থাকবে ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন। এইসব বিষয়ে : (ক) ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন। (খ) রিজনিং এবিলিটি - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (গ) নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউট - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (ঘ) জেনারেল স্টাডিজ বিষয়ে ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় থাকবে ৬০ মিনিট।

এরপর হবে দ্বিতীয় ফেজের অনলাইন পরীক্ষা। পোস্ট কোড 'ডি' ও 'জি' পদের বেলায় শুধুমাত্র প্রথম পত্রের পরীক্ষা দিতে হবে।

পোস্ট কোড 'এ', 'বি', 'ই', 'এফ' ও 'এইচ' পদের বেলায় প্রথম ও দ্বিতীয় পেপারের পরীক্ষা দিতে হবে। প্রথম পেপারে থাকবে এইসব বিষয় : রিজনিং, ডাটা অ্যানালিসিস, ইংলিশ ল্যাঙ্গোয়েজ, কম্পিউটার প্রফিসিয়েন্সি, জেনারেল অ্যাওয়ারনেস, জেনারেল ইন্টেলিজেন্স, কারেন্ট ইভেন্টস, নিউমেরিক্যাল এবিলিটি, ডাটা ইন্টারপ্রিটেশন। ৯০ মিনিটের ১২০টি প্রশ্ন হবে। প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের।

দ্বিতীয় পেপারে 'এ', 'বি' পোস্ট কোডের বেলায় থাকবে ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার ওপর ৬০ মিনিটের ৬০টি প্রশ্ন। প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের।

দ্বিতীয় পেপারে 'ই' পোস্ট কোডের বেলায় থাকবে কমার্স শাখার ওপর ৬০ মিনিটের ৬০টি প্রশ্ন। প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের।

দ্বিতীয় পেপারে 'এইচ' পোস্ট কোডের বেলায় থাকবে বায়োলজিক্যাল সায়েন্স বিষয়ের ওপর ৬০ মিনিটের ৬০টি প্রশ্ন। প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের।

প্রথম ফেজে সফল হলে তবেই দ্বিতীয় ফেজের উত্তরপত্র দেখা হবে। এরপর হবে কম্পিউটার দক্ষতার পরীক্ষা। এই পরীক্ষায় ন্যূনতম কোয়ালিফাইং নম্বর পেতে হবে। পরীক্ষার তারিখ ঠিক হলে যথাসময়ে ওয়েবসাইটে দেওয়া হবে। পরীক্ষার ১৫ দিন আগে অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। যে কোনো একটি জোনের হয়ে যে কোনো একটি পদের জন্য দরখাস্ত করতে পারবেন।

দরখাস্ত করবেন শুধুমাত্র সরাসরি অনলাইনে, ৫ অক্টোবরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.fci.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও ফটো, সিগনেচার ও লেফট থাম্ব ইমপ্রেশন জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন ২০ থেকে ৪০ কে.বি.'র মধ্যে। এছাড়াও স্ক্যান করবেন এই টেক্সটি - 'I..... (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required'.

অনলাইনে দরখাস্ত করার আগে পরীক্ষা ফী বাবদ ৫০০ টাকা নেট ব্যাঙ্কিং, ইন্টারনেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ডে জমা দিতে হবে। তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের ফী লাগবে না। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। নাম রেজিস্ট্রেশন করার পর রেজিস্ট্রেশন নম্বর প্রিন্ট করে নেবেন। এরপর টাকা জমা দেওয়ার পর ফটো ও সিগনেচার, আপলোড করবেন।

# কোর্সের খবরাখবর

## হরিচাঁদ গুরুচাঁদ বিশ্ববিদ্যালয়ে

### জার্নালিজম ও মাস কমিউনিকেশন কোর্সে ভরতি

ঠাকুরনগরের 'হরিচাঁদ গুরুচাঁদ বিশ্ববিদ্যালয়' জার্নালিজম ও মাস কমিউনিকেশনের ২ বছরের পোস্ট গ্র্যাজুয়েট কোর্সে ভরতি নিচ্ছে। যে কোনো শাখার পাস/অনার্স বিষয়ে ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা ভরতির জন্য আবেদন করতে পারেন। সীট : ৫০টি। কোর্স পড়ার সময় বিশ্ববিদ্যালয় থেকে ছাত্রছাত্রীদের এইসব সুযোগ-সুবিধা দেওয়া হবে : (১) নিয়মিত ক্লাস ও নানা বিষয়ে ওয়ার্কশপ, (২) স্টিল ও ভিডিও ক্যামেরার সুবিধা, (৩) লাইব্রেরি পরিষেবা, (৪) স্টাডি ট্যুরের সুযোগ। অনলাইনে দরখাস্ত করতে হবে ১৫ সেপ্টেম্বরের মধ্যে এই ওয়েবসাইটে : www.harichandguruchanduniversity.com বিস্তারিত জানতে যোগাযোগ করতে পারেন এইনম্বরে ৮৯৬১৬৭২৭৩৬/ ৯১২৬৩০৩৫৯২। বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

**বাংলা, ইতিহাস ও এডুকেশনের পোস্ট গ্র্যাজুয়েট কোর্স**

একইসঙ্গে 'হরিচাঁদ গুরুচাঁদ বিশ্ববিদ্যালয়' ২০২২-২৩ সেশনে অনলাইনে বাংলা, এডুকেশন ও ইতিহাস বিষয়ে এম.এ কোর্সে ভরতি নিচ্ছে। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স নিয়ে ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা ভরতির জন্য আবেদন করতে পারেন। ২০০৮ সালে বা তার আগে পাশরা ভরতির যোগ্য নন। সব কোর্সের সীট : ৫০টি। অনলাইন আবেদনের শেষ দিন ১৫ সেপ্টেম্বর। মেধা তালিকা বেরোবে ১৯ সেপ্টেম্বর। বিভিন্ন বিষয়ে ভরতি নেওয়া শুরু হবে ১৯-২৪ সেপ্টেম্বর। আবেদন করতে হবে ওপরের ওয়েবসাইটে।

## যাদবপুর বিশ্ববিদ্যালয়ে

### এম.এ ও এম.এসসি কোর্সে ভরতি

'যাদবপুর বিশ্ববিদ্যালয়' ২০২২-'২৩ সেশনে দিবা ও সান্ধ্য বিভাগে বিভিন্ন বিষয়ে এম.এ কোর্সে ভরতি নিচ্ছে। দিবা বিভাগে ২ বছরের এম.এ কোর্সে ভরতি নিচ্ছে এইসব বিষয়ে : বাংলা, ইংরিজি, কম্পারেটিভ লিটারেচার, ইকনমিক্স, ফিল্ম স্টাডিজ, এডুকেশন, পলিটিক্যাল সায়েন্স সঙ্গে ইন্টারন্যাশনাল রিলেশন্স, ইতিহাস, সংস্কৃত, লিঙ্গুইস্টিক্স, ফিলোজফি ও সোশিওলজি। সান্ধ্য বিভাগে ২ বছরের এম.এ কোর্সে পড়ানো হবে বাংলা, ইতিহাস ও সংস্কৃত। অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হয়েছে ও আবেদনের শেষ তারিখ : ১৫ সেপ্টেম্বর। আবেদন করতে হবে এই ওয়েবসাইটে : www.jaduniv.edu.in বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ২০২২-'২৩ সেশনে দিবা বিভাগে ২ বছরের এম.এসসি কোর্সে ভরতি নেওয়া হচ্ছে এইসব বিষয়ে : ফিজিক্স, কেমিস্ট্রি, ইলেক্ট্রিনিক্স সায়েন্স, ম্যাথমেটিক্স, অ্যাপ্লায়েড জিওলজি, বায়ো টেকনোলজি, ইন্সট্রুমেন্টেশন, জিওগ্রাফি। সান্ধ্য বিভাগে ৩ বছরের এম.এসসি কোর্সে ভরতি নেওয়া হচ্ছে এইসব বিষয়ে : ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স। অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হয়েছে ও আবেদনের শেষ দিন ১৫ সেপ্টেম্বর। আবেদন করতে হবে এই ওয়েবসাইটে : www.jaduniv.edu.in

## কল্যাণী বিশ্ববিদ্যালয়ে

### বি.এড, এম.পি.এড ও ফাইন আর্টসের মাস্টার ডিগ্রি কোর্সে ভরতি

'কল্যাণী বিশ্ববিদ্যালয়' ২০২২-'২৩ সেশনে বি.এড কোর্সে অনলাইনে ভরতি নিচ্ছে। যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। অনলাইনে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে : www.klyuniv.ac.in

চলতি সেশনে এম.পি.এড কোর্সে ভরতি নেওয়া হচ্ছে। বি.এড কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। অনলাইনে আবেদন করতে হবে ১২ সেপ্টেম্বরের মধ্যে এই ওয়েবসাইটে : www.klyuniv.ac.in

কল্যাণী বিশ্ববিদ্যালয়ে ভিশুয়াল আর্টস বিভাগ ২০২২-'২৩ সেশনে মাস্টার অফ ফাইন আর্টস (এম.এফ.এ) কোর্সে অনলাইনে ভরতি নিচ্ছে। ১৫ সেপ্টেম্বরের মধ্যে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে : www.klyuniv,ac.in

## কলকাতা বিশ্ববিদ্যালয়ে

### পোস্ট গ্র্যাজুয়েট কোর্সে ভরতি

'কলকাতা বিশ্ববিদ্যালয়' ২০২২-২৩ সেশনে অনলাইনে ভরতি নিচ্ছে এম.এ, এম.এসসি, এম.কম, বিলিব, এমলিব, এম.এসসি (অ্যাগ্রিকালচারাল সায়েন্স) কোর্সে। অনলাইনে আবেদনের শেষ দিন ১৫ সেপ্টেম্বর। অবেদন করতে হবে এই ওয়েবসাইটে : www.caluniv.ac.in ও www.caluniv_ucsta.net

## পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়

### পোস্ট গ্র্যাজুয়েট কোর্সে ভরতি

পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয় অনলাইনে ২ বছরের এমএ, এম.এসসি, এমকম ও এমআরএস কোর্সে ভরতি নিচ্ছে। সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রি কোর্স বা সমতুল কোর্স পাশ ছেলেমেয়েরা ভরতির জন্য আবেদন করতে পারেন। এছাড়াও এবছর থেকে এই ৩টি নতুন কোর্সে ভরতি নেওয়া হচ্ছে : মাস্টার অফ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (এমবিএ), ২ বছরের রেগুলার কোর্স, এমএ ইন অ্যারাবিক, ২ বছরের পূর্ণ সময়ের রেগুলার কোর্স ও ব্যাচেলার্স ইন লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সেস। ১ বছরের কোর্স। সব কোর্সের ক্ষেত্রে অনলাইনে আবেদন করতে হবে ১৫ সেপ্টেম্বরের মধ্যে এই ওয়েবসাইটে : http://www.wbsupgadmission.com, https://www.wbsu.ac.in, http://www.wbsubregistration.org

## যাদবপুর বিশ্ববিদ্যালয়ে

### বি.এড কোর্সে ভরতি

'যাদবপুর বিশ্ববিদ্যালয়' ২০২২-'২৩ সেশনে ২ বছরের বি.এড কোর্সে ভরতি নিচ্ছে। যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা ভরতির জন্য আবেদন করতে পারেন। অনলাইনে দরখাস্ত করতে হবে ১৫ সেপ্টেম্বরের মধ্যে এই ওয়েবসাইটে : www.jaduniv.edu.in বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

TV9 বাংলা

## চ্যানেল দ্বারা Academic 2022 Excellence Award 2021-2022 ও Education Conclave Award 2022 'Uttaran' প্রাপ্ত প্রতিষ্ঠান

# বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টার

An ISO 9001 : 2015 Certified, Govt.. Regn. No [MAS-1/471, L-76204], Maslandapur, North 24 Parganas

## SSC GD 2023

এর বিজ্ঞপ্তি আসন্ন। ক্লাস শুরু হয়ে গেছে। ইংরেজি, হিন্দি উভয় মাধ্যমে ক্লাস চলছে। আজই ভর্তির জন্য যোগাযোগ করুন।

**কলকাতা পুলিশ, পশ্চিমবঙ্গ পুলিশের**

পরবর্তী ব্যাচে ভর্তি চলছে

**Head Constable**-এ ভর্তি চলছে

**আমাদের নতুন ব্রাঞ্চ**

জয়নগর, দক্ষিণ ২৪ পরগনা

ফোন : 9733894444

## শংকর দার কোচিং

জীবন যুদ্ধে থাকবো পাশে

২৪ বছর

**An Iustitute with 6500+ Students**

## বারাসাত শাখায় WBCS এর ক্লাস শুরু হয়ে গেছে।

ক্লাস করাবেন WBCS এর অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকা এবং WBCS অফিসাররা। হেড অফিসে Jenopas ANM / GNM এর ক্লাস শুরু হয়ে গেছে। বিশদ জানতে ফোন করুন — 9091003392

এক ঝাঁক অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকা মণ্ডলীর তত্ত্বাবধানে চলছে আমাদের এই বৃহৎ পরিবার। জীবন যুদ্ধে সফল হতে আপনিও আমাদের পরিবারের সাথে সামিল হন। ভবিষ্যৎ আপনার, তাই সিদ্ধান্ত নেওয়ার দায়িত্বও আপনার। কোথায় ভর্তি হলে সঠিক গাইডেন্স পাবেন, সেটা ভাবুন তারপর ভর্তি হন।

## সেনাবাহিনীর অগ্নিবীর

ব্যারাকপুর, বহরমপুর, কলকাতা, শিলিগুড়ি র‍্যালি আসন্ন। মেডিকেল ফিট এর পর লিখিত পরীক্ষার কোচিং এর জন্য ভর্তি হন। প্রতিদিন দুটি থেকে তিনটি করে ক্লাস, আলাদা আলাদা Trade অনুযায়ী। বিগত দিন গুলিতে সব চেয়ে বেশী সেনাবাহিনীতে চাকরী পেয়েছে এই প্রতিষ্ঠান থেকে। হেড অফিসে থাকা-খাওয়ার ব্যবস্থা আছে। অগ্নিবীরদের থাকা ফ্রি।

আসন্ন শূন্যপদ : পশ্চিমবঙ্গ পুলিশ কনস্টেবল, WBP SI, আবগারি ASI, আবগারি কনস্টেবল, মহিলা কনস্টেবল, রাজ্য খাদ্যদপ্তর, Railway Protection Force, Primary TET, SLST ইত্যাদি সব বিষয়ে ভর্তি চলছে

## Primary TET

ক্লাস শুরু 10th September

M: 9091003392

CGL, CHSL এর ক্লাস শুরু 10ই সেপ্টেম্বর 2022, ক্লাস করাবেন বিভিন্ন বিষয়ে অভিজ্ঞ Expert-রা। ক্লাস শুধুমাত্র হেড অফিসে হবে। ভর্তির জন্য ফোন করুন এই নম্বরে — 9091003392

## BSF Tradesman

হিন্দি ও ইংরাজিতে ক্লাস চলছে।

বর্তমানে সরকারী চাকরী পেতে হলে প্রয়োজন সঠিক প্রস্তুতি, নিয়মিত মক-টেস্ট। তাই দেরী না করে এখনই ভর্তির জন্য যোগাযোগ করুন

প্রতি পরীক্ষার আগে প্রচুর মকটেস্ট নেওয়া হয়।

হেড অফিসে Physical ও ক্যারাটে শিক্ষণের ব্যবস্থা আছে।

দূরবর্তী ছাত্র ও ছাত্রীদের থাকা ও খাওয়ার জন্য হেড অফিসে রয়েছে নিজস্ব 4টি হোস্টেল।

**পুলিশ ও সেনাবাহিনীতে সবচেয়ে বেশি চাকরী পায় এই প্রতিষ্ঠান থেকে**

প্রতিটি শাখায় প্রয়োজন হলে আগে **Demo Class** করুন তারপর ভর্তি হন।

NAVY | স্কুল সার্ভিস SLST | SSC MTS | AIRFORCE X & Y | WBP SI | R.P.F | সেনাবাহিনী | SSC আটবাহিনী | Railway Gr-D

BSF Tradesman | WBP (MAIN) | Primary TET | Railway Gr-D | স্কুল সার্ভিস গ্রুপ C ও D | কলকাতা পুলিশ | Coast Guard | Upcoming WBP

### হেড অফিস (সপ্তাহে ৭ দিনই খোলা)

মছলন্দপুর, উত্তর ২৪ পরগনা (শিয়ালদহ থেকে বনগাঁ লোকালে মছলন্দপুর স্টেশন সংলগ্ন জাগরণী সংঘের সন্নিকটে)

Admission Helpline 9733894444, 9547004388

### বারাসাত শাখা (শুক্রবার বন্ধ)

বারাসাত ১২ নং রেলগেট এর পাশে নন্দন প্লাজা এর ৩য় তল (Lords রেস্টুরেন্টের বিপরীতে ডঃ লাল প্যাথ ল্যাব এর উপরে)

Admission Helpline 9635428886

### বাঁকুড়া শাখা

কাটজুড়িডাঙ্গা, বাঁকুড়া (বাসস্ট্যান্ডের সন্নিকটে সরস্বতী ক্লাবের দোতলায়)

Admission Helpline 8001693133

### সিমলাপাল শাখা

ঠিকানা : সিমলাপাল স্কুল মোড়, MLA অফিসের ৩য় তল।

Admission Helpline 7001867319

### তমলুক শাখা

ঠিকানা : নিমতৌড়ি তমলুক, কালীবাড়ি, পূর্ব মেদিনীপুর নিমতৌড়ি বাসস্ট্যান্ডে নেমে তমলুকের দিকে কুলবেড়্যা স্টপেজ। অনুরাগ Xerox এর উপরে।

Admission Helpline 8328770363

### বসিরহাট শাখা

বসিরহাট স্টেশন রোড (ময়লাখোলা), বসিরহাট ১ নং প্ল্যাটফর্মের পাশে

Admission Helpline 9647303005

### বারুইপুর শাখা

ঠিকানা : বারুইপুর রেল গেট ও কোর্টের মাঝখানে প্রমীলা হাউস, ৫ম তল, মহানাম বস্ত্রালয়ের পাশে

Admission Helpline 7557050701

### খড়গপুর শাখা

ঠিকানা : মাদপুর বিডিও অফিস থেকে ২ মিনিট হাঁটা পথ এবং মাদপুর রেলস্টেশন থেকে উত্তরে ৫ মিনিট, পশ্চিম মেদিনীপুর

Admission Helpline 8670644061


## সাম্প্রতিক ঘটনাবলি

৬ পাতার পর

❑ ১২ থেকে ১৪ আগস্ট পর্যন্ত, উত্তরাখণ্ডে 'জাতীয় ক্রীড়া পর্বতারোহণ চ্যাম্পিয়নশিপ' আয়োজন করল 'নেহেরু ইনস্টিটিউট অফ মাউন্টেনিয়ারিং'। সারা দেশ থেকে প্রায় ২৫০ জন পর্বতারোহী এই ইভেন্টে অংশ নিয়েছেন। 'ইন্ডিয়ান মাউন্টেনিয়ারিং ফাউন্ডেশন'ও 'নেহেরু ইনস্টিটিউট অফ মাউন্টেনিয়ারিং' যৌথভাবে এই ইভেন্টটি আয়োজন করেছে।

**৯ আগস্ট** :এই নিয়ে দ্বিতীয়বার পাপুয়া নিউ গিনির প্রধানমন্ত্রী হিসাবে মনোনীত হলেন জেমস মারাপে।

❑ 'পাওয়ার গ্রিড কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড'এর চিফ ফিনান্সিয়াল অফিসার হিসাবে মনোনীত হলেন প্রমোদ কুমার।



২০২১-'২২ মরসুমে, 'অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন'এর তরফ থেকে 'বর্ষসেরা পুরুষ ফুটবলার'এর সম্মান পেলেন সুনীল ছেত্রী। এই নিয়ে সপ্তমবার (২০০৭, ২০১১, ২০১৩, ২০১৪, ২০১৭ ও ২০১৮-'১৯) এই সম্মান পেলেন তিনি। অন্যদিকে, 'বর্ষসেরা মহিলা ফুটবলার'এর সম্মান পেলেন মনীষা কল্যাণ।

❑ প্রথম দক্ষিণ এশিয়ান হিসাবে, ২০২২ সালে 'লিসবন আর্কিটেকচার ট্রাইনাল'এ 'মিলেনিয়াম জীবনকৃতি সম্মান'এর জন্য মনোনীত হলেন প্রখ্যাত বাংলাদেশি স্থপতি, গবেষক ও শিক্ষাবিদ মারিনা তাবাসসুম। এর আগে, পর্তুগালের আলভারো সিজা (২০১০ সাল), যুক্তরাজ্যের কেনেথ ফ্র্যাম্পটন (২০১৩ সাল), ও মার্কিন যুক্তরাষ্ট্রের ডেনিস স্কট ব্রাউনের (২০১৯ সাল) মতো বিখ্যাত স্থপতিরা এই পুরস্কার পেয়েছেন।

❑ ভারতে নতুন শপিং অ্যাপ খোলার পরিকল্পনা নিয়ে, 'ওপেন নেটওয়ার্ক ফর ডিজিটাল কমার্স' প্ল্যাটফর্মে যোগ দিল 'মাইক্রোসফট'। 'মাইক্রোসফট'ই হল প্রথম আন্তর্জাতিক বড় সংস্থা, যারা ওএনডিসি'তে যোগ দিল। ওএনডিসি'র সাহায্য নিয়েই ভারতীয় গ্রাহকদের জন্য নতুন শপিং অ্যাপ আনতে চলেছে তারা। প্রসঙ্গত উল্লেখ্য, ওএনডিসি হল এমন একটি ই-কমার্স প্ল্যাটফর্ম, যা অনলাইন প্ল্যাটফর্মে খোলা বাজার তৈরির লক্ষ্য নিয়ে গঠন করা হয়েছে। প্রথম ধাপে প্রাথমিক প্রকল্প হিসাবে দেশের ৫টি শহর - দিল্লি, বেঙ্গালউরু, কোয়েম্বাটোর, ভোপাল ও শিলংয়ে কাজ শুরু করে ওএনডিসি। এরপর গত জুনে লখনৌয়েও পরিষেবা চালু করে তারা।

❑ কাজাখ-ই-স্তানে, রাশিয়ার লিজ নেওয়া বাইকোনুর উৎক্ষেপণ কেন্দ্র থেকে 'সয়ুজ' রকেটের মাধ্যমে ইরানের উপগ্রহকে সফলভাবে কক্ষপথে উৎক্ষেপণ করল রাশিয়া। পারস্য বিজ্ঞানী ওমর খৈয়ামের (যিনি ১১ ও ১২ শতকে ইরানে বসবাস করতেন) নামানুসারে উপগ্রহটির নাম রাখা হয়েছে 'খৈয়াম'। উচ্চ রেজোলিউশন ক্যামেরা দিয়ে সজ্জিত এই উপগ্রহটি পরিবেশগত পর্যবেক্ষণের জন্য ব্যবহার করা হবে, যা সম্পূর্ণভাবে নিজের নিয়ন্ত্রণে থাকবে। এই উপগ্রহটি সফলভাবে কাজ করলে তা ইরানকে, ইজরায়েল ও মধ্যপ্রাচ্যের অন্যান্য দেশগুলির ওপর নজরদারি চালানোর ক্ষমতা দেবে।

❑ 'ল্যাংইয়া হেনিপাভাইরাস' (লেভি) নামে এক নয়া প্রজাতির ভাইরাসের খোঁজ মিলল চিনে। পূর্ব চিনের হেনান ও শানডং প্রদেশে এই ভাইরাসের প্রাদুর্ভাব লক্ষ্য করা গেছে। মূলত মানবদেহের গলায় এই ভাইরাস আক্রমণ করে বলে জানা গেছে। বিজ্ঞানীদের প্রাথমিক ধারণা, ছাগলের মতো গবাদি পশু বা পোষা কুকুর থেকে মানবদেহে ছড়াচ্ছে এই ভাইরাস। এখনও পর্যন্ত এই ভাইরাসে কারো মৃত্যু না হলেও এটি অত্যন্ত শক্তিশালী ও মারণ ক্ষমতাযুক্ত বলেই জানানো হয়েছে।

❑ চলতি বছরের শেষ গ্র্যান্ডস্লাম 'ইউএস ওপন'এর পর টেনিস থেকে অবসরের সিদ্ধান্ত নিলেন মার্কিনি টেনিস কিংবদন্তি সেরেনা উইলিয়ামস। ১৯৯৫ সাল থেকে পেশাদার টেনিস খেলোয়াড় হিসাবে খেলছেন তিনি। মহিলাদের সিঙ্গলসে ২৩টি গ্র্যান্ডস্লামের মালিক তিনি।

❑ ২০২২ সালে ৪৪ তম 'দাবা অলিম্পিয়াড'এর পুরুষ বিভাগে সোনার পদক পেল উজবেক-ই-স্তান দল। অন্যদিকে, মহিলা বিভাগে সোনার পদক পেল ইউক্রেন দল।


❑ আইসিসি র‍্যাঙ্কিংয়ে মহিলা টোয়েন্টি-২০ ব্যাটারদের তালিকায় শীর্ষে স্থান পেলেন অস্ট্রেলিয়ান ব্যাটার বেথ মুনি। এই তালিকায় ভারতীয়দের মধ্যে প্রথম তথা বিশ্বর‍্যাঙ্কিংয়ে ৪ নম্বরে রয়েছেন স্মৃতি মন্ধানা। বিশ্বর‍্যাঙ্কিংয়ে শেফালি বর্মা রয়েছেন ৬ নম্বরে ও জেমিমা রডরিগেজ রয়েছেন ১০ নম্বরে।

❑ নেপাল ক্রিকেট দলের প্রধান কোচ হিসাবে মনোনীত হলেন মনোজ প্রভাকর।

**১০ আগস্ট** : 'ন্যাশনাল ইন্টেলিজেন্স গ্রিড'এর চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন আইএএস অফিসার পীযূষ গোয়েল।

❑ আরও ২ বছরের জন্য বাংলাদেশে, 'ভারতীয় ভিসা অ্যাপ্লিকেশন সেন্টার' পরিচালনা করবে 'ভারতীয় স্টেট ব্যাঙ্ক'। এদিন এসবিআই ও ঢাকায় ভারতীয় হাইকমিশনের কর্মকর্তাদের মধ্যে কার্যক্রম আরও ২ বছর বাড়ানোর চুক্তি স্বাক্ষরিত হয়। 'ভারতীয় ভিসা অ্যাপ্লিকেশন সেন্টার' শীঘ্রই কয়েকটি অতিরিক্ত পরিষেবাও চালু করবে, যার মধ্যে রয়েছে অনলাইন ফর্ম পূরণ ও ফর্ম জমা দেওয়ার সুবিধা, স্লট বুকিং ও মোবাইল অ্যাপ চালু করা। প্রসঙ্গত উল্লেখ্য, এখন সারা বাংলাদেশে মোট ১৫টি 'ভারতীয় ভিসা অ্যাপ্লিকেশন সেন্টার' চালনা করে এসবিআই। ঢাকার যমুনা ফিউচার পার্কে ২০১৮ সালে চালু হয় 'ভারতীয় ভিসা অ্যাপ্লিকেশন সেন্টার', যেটি বৃহত্তম 'ভারতীয় ভিসা অ্যাপ্লিকেশন সেন্টার'। ২০০৫ সালে ঢাকায় প্রথম 'ভারতীয় ভিসা অ্যাপ্লিকেশন সেন্টার' চালু করেছিল এসবিআই।

❑ 'প্রধানমন্ত্রী আবাস যোজনা'র (শহরাঞ্চল) মেয়াদ ২ বছরের জন্য বাড়ালো কেন্দ্রীয় সরকার। এর ফলে, ২০২৪ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত চালু থাকবে এই প্রকল্পটি। এই সময়কালের মধ্যেই এখনও পর্যন্ত অনুমোদিত হওয়া ১২২.৬৯ লাখ বাড়ির নির্মাণকাজ সম্পূর্ণ করার লক্ষ্যমাত্রাও নিয়েছে কেন্দ্র। প্রসঙ্গত উল্লেখ্য, দেশের প্রতিটি মানুষ যাতে পাকা ছাদের নীচে বাস করতে পারেন, সেই লক্ষ্যে ২০১৫ সালের ২৫ জুন এই প্রকল্পটি চালু করেছিল কেন্দ্রীয় সরকার।



বিহারের মুখ্যমন্ত্রী হিসাবে শপথ নিলেন নীতিশ কুমার।

❑ 'বায়োলজিক্যাল ই. লিমিটেড'এর তৈরি 'কর্বেভ্যাক্স' টিকাকে বুস্টার ডোজ হিসাবে স্বীকৃতি দিল কেন্দ্রীয় সরকার। 'কোভ্যাক্সিন' বা 'কোভিশিল্ড' দ্বিতীয় ডোজ হিসাবে দেওয়ার পরেও এই 'কর্বেভ্যাক্স'কে সতর্কতামূলক ডোজ হিসাবে ব্যবহার করা যাবে। এই প্রথম দেশে বুস্টার ডোজের জন্য 'মিক্স অ্যান্ড ম্যাচ'এর অনুমোদন দেওয়া হল। ১৮ বছরের বেশি যে কেউ এই টিকা নিতে পারবেন। প্রসঙ্গত উল্লেখ্য, 'কর্বেভ্যাক্স' হল ভারতের একমাত্র আরবিডি প্রোটিন সাব-ইউনিট টিকা।

❑ 'বিশ্ব জৈব জ্বালানি দিবস' উপলক্ষ্যে, হরিয়ানার পানিপথে দ্বিতীয় প্রজন্মের (২জি) ইথানল প্ল্যান্ট জাতির উদ্দেশ্যে উৎসর্গ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। দেশে জৈব জ্বালানির উৎপাদন ও ব্যবহার বাড়াতে গত কয়েকবছর ধরে সরকার যে বিভিন্ন পদক্ষেপ নিয়েছে, এটি তারই অংশবিশেষ। ৯০০ কোটি টাকা খরচে এটি তৈরি করা হয়েছে, যা গড়ে তোলার দায়িত্বে ছিল 'ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেড'। বছরে ৩ কোটি লিটার ইথানল উৎপাদনে ব্যবহার করা হবে প্রায় ২ লাখ টন ধানের খড়, যা থেকে তরল বর্জ্য নিষ্ক্রমণের কোনো আশঙ্কা থাকবে না। এটি বাস্তবায়িত হলে, বছরে প্রায় ৩ লাখ টন কার্বন ডাই অক্সাইডের সমপরিমাণ দূষিত গ্যাস নির্গমনের আশঙ্কা কমবে, যা দেশের সড়কগুলি থেকে বছরে ৬৩,০০০টি পুরনো গাড়ি তুলে দেওয়ার সমান হবে।



'কমনওয়েলথ ফেন্সিং চ্যাম্পিয়নশিপ'এ সোনার পদক পেলেন ভারতীয় ফেন্সার ভবানী দেবী। অস্ট্রেলিয়ার ফেন্সার ভেরোনিকা ভাসিলেভাকে ১৫-১০ ব্যবধানে হারিয়ে, সিনিয়র মহিলা সাব্রে ব্যক্তিগত বিভাগে এই পদক পেলেন তিনি।

❑ আইনট্র্যাখট ফ্র্যাঙ্কফুর্টকে ২-০ গোলে হারিয়ে, ২০২২ সালে 'উয়েফা সুপার কাপ' জিতল রিয়াল মাদ্রিদ।

**১১ আগস্ট** : 'ইউনাইটেড নেশনস মিলিটারি অবজার্ভার গ্রুপ ইন ইন্ডিয়া অ্যান্ড পাক-ই-স্তান'এর মিশন হেড ও চিফ মিলিটারি অবজার্ভার হিসাবে মনোনীত হলেন আর্জেন্তিনার নৌ অফিসার গুইলারমো পাবলো রিওস।

❑ উত্তরাখণ্ডের প্রচারদূত হিসাবে মনোনীত হলেন ভারতীয় উইকেটকিপার-ব্যাটার ঋষভ পন্থ।

❑ ফ্রান্সের সর্বোচ্চ অসামরিক সম্মান "শেভালিয়র দে লা লিজিয়ন দি'অনার" বা "দ্য লিজিয়ন অফ অনার"এর জন্য মনোনীত হলেন রাজনীতিবিদ তথা কথাশিল্পী শশী থারুর। তাঁর লেখা ও বক্তৃতার পারদর্শিতার জন্যই তাঁকে এই সম্মান দিচ্ছে ফরাসি সরকার। প্রসঙ্গত উল্লেখ্য, ১৮০২ সালে ফরাসি 'অর্ডার অফ মেরিট' পুরস্কার চালু করেছিলেন ফরাসি সামরিক জেনারেল নেপোলিয়ন বোনাপার্ট। অসামরিক বা সামরিক ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য 'অর্ডার অফ মেরিট' সম্মান দেওয়া হয়। তারই অংশ হল 'দ্য লিজিয়ন অফ অনার'।

❑ রাজ্যের অনাথ শিশুদের জন্য 'মুখ্যমন্ত্রী বাল আশীর্বাদ যোজনা' নামে একটি আর্থিক সহায়তা প্রকল্প চালু করার সিদ্ধান্ত নিল মধ্য প্রদেশ সরকার।

❑ 'অটল পেনশন যোজনা'য় বদল আনল কেন্দ্রীয় সরকার। কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের তরফ থেকে জারি করা একটি বিজ্ঞপ্তি অনুসারে, আয়কর প্রদানকারী ব্যক্তিরা আর এই প্রকল্পে যোগ দিতে পারবেন না। যদি কোনো ব্যক্তি ১ অক্টোবর বা তারপরে এই প্রকল্পে যোগ দেন ও পরে আবেদনের তারিখে বা তার আগে আয়করদাতা ছিলেন বলে প্রমাণিত হয়, তাহলে তার ওই অ্যাকাউন্ট বন্ধ করে দেওয়া হবে। সেই তারিখ পর্যন্ত জমা হওয়া পেনশন দিয়ে দেওয়া হবে। ১ অক্টোবর থেকে এই নিয়ম কার্যকরী হবে। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৫ সালে এই প্রকল্পটি চালু করেছিল কেন্দ্রীয় সরকার।

❑ ভারতের স্বাধীনতার ৭৫ বছর পূর্তিতে, পেডাংয়ে আজাদ হিন্দ বাহিনীর স্মৃতিস্তম্ভকে 'জাতীয় স্মৃতিস্তম্ভ' হিসাবে ঘোষণা করে নেতাজী সুভাষচন্দ্র বসুকে সম্মান জানালো সিঙ্গাপুর সরকার। ১৯৪৩ সালের জুলাইয়ে, ঐতিহাসিক 'দিল্লি চলো' স্লোগান দিয়েছিলেন নেতাজী।

❑ বিশ্বের প্রথম ক্রিকেটার হিসাবে, টোয়েন্টি-২০ ক্রিকেটে ৬০০ উইকেট নিয়ে ইতিহাস গড়লেন ওয়েস্ট ইন্ডিজের ক্রিকেটার ডোয়েন ব্র্যাভো। ইংল্যান্ডে দ্য হান্ড্রেড প্রতিযোগিতায় 'ওভাল ইনভিন্সিবল'এর বিরুদ্ধে 'নর্দার্ন সুপার চার্জার্স'এর হয়ে খেলতে নেমে এই নজির গড়লেন তিনি। এদিন খেলতে নামার আগে টোয়েন্টি-২০ ক্রিকেটে ৫৯৮টি উইকেট ছিল তাঁর। রিলি রোসোউকে আউট করে ৫৯৯ তম উইকেট নেন ব্র্যাভো। তারপর স্যাম কারেনকে আউট করে ৬০০ উইকেটের মাইলফলক ছুঁলেন তিনি। টোয়েন্টি-২০ ক্রিকেটে মোট উইকেট সংখ্যায় দ্বিতীয় স্থানে রয়েছেন আফগান-ই-স্তানের স্পিনার রশিদ খান। এখনও পর্যন্ত ৩৩৯টি ম্যাচে ৪৬৬টি উইকেট নিয়েছেন তিনি।

**১২ আগস্ট** : অসম সরকারের মুখ্য সচিব হিসাবে মনোনীত হলেন পবন কুমার বরঠাকুর।

❑ 'ডাবর ইন্ডিয়া লিমিটেড'এর পরিচালনা পর্ষদের নন-এক্সিকিউটিভ চেয়ারম্যান হিসাবে মনোনীত হলেন মোহিত বর্মন।

❑ কর ফাঁকি রুখতে, 'লাকি বিল' মোবাইল অ্যাপ চালু করল কেরালা সরকারের পণ্য ও পরিষেবা কর বিভাগ। যেসব গ্রাহকরা পণ্য কেনার পর তাঁদের জিএসটি বিল আপলোড করবেন, তাঁদের জন্য আকর্ষণীয় পুরস্কারের ব্যবস্থাও করা হয়েছে।

❑ ভারতের স্বাধীনতার ৭৫ বছর পূর্তি উপলক্ষ্যে, 'আজাদি কা অমৃত মহোৎসব' উদযাপনের অংশ হিসাবে 'SPARK' নামে একটি ৩ডি ভার্চুয়াল স্পেস প্রযুক্তি চালু করল ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা 'ইসরো'। এই ভার্চুয়াল স্পেস মিউজিয়ামে ইসরো লঞ্চ ভেহিক্যাল, ইসরোর বিভিন্ন কৃতিত্ব, স্যাটেলাইট ও বৈজ্ঞানিক মিশনগুলির পাশাপাশি ভারতের মহাকাশ সেক্টরের সঙ্গে সম্পর্কিত বেশ কয়েকটি নথি, ছবি ও ভিডিও রয়েছে। ইসরোর অফিশিয়াল ওয়েবসাইট https://spacepark.isro.gov.in'এর মাধ্যমে এই ৩ডি ভার্চুয়াল স্পেস প্রযুক্তি অ্যাক্সেস করতে পারবেন।

❑ 'রাষ্ট্রসঙ্ঘ'এর বাণিজ্য ও উন্নয়ন পর্ষদের রিপোর্ট অনুযায়ী, দেশবাসীর ক্রিপ্টোকারেন্সি হাতে রাখার ক্ষেত্রে ২০টি দেশের তালিকায় সপ্তম স্থান পেল ভারত। করোনা অতিমারির মধ্যেও গত বছর ৭.৩% দেশবাসীর হাতে ছিল ক্রিপ্টোকারেন্সি। এই তালিকায় প্রথম ও দ্বিতীয় স্থানে রয়েছে যথাক্রমে ইউক্রেন (১২.৭%) ও রাশিয়া (১১.৯%)।

❑ তামিলনাড়ুর পঞ্চম হাতি সংরক্ষণাগারের স্বীকৃতি পেল অগস্ত্যমালাই। এই হাতি সংক্ষণাগারটি ১,১৯৭.৪৮ বর্গ কিলোমিটার এলাকা জুড়ে বিস্তৃত, যা কন্যাকুমারী ও তিরুনেলভেলি এলাকা জুড়ে থাকবে।

❑ মোট ৭৩৭.৫ কেজি ওজন তুলে পাওয়ারলিফটিংয়ে 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড' গড়লেন মার্কিন যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ডের পাওয়ারলিফটার তামারা ওয়ালকট। ৩টি কম্পাউন্ড লিফট - স্কোয়াট, বেঞ্চ প্রেস ও ডেডলিফট মিলিয়ে এই ওজন তুলেছেন তিনি।

❑ ২০২৩ সালের মার্চে শুরু হতে চলেছে প্রথম মহিলাদের আইপিএল। এই কারণে মহিলাদের ঘরোয়া ক্রিকেটের সূচি ১ মাস এগিয়ে আনল বোর্ড। এতদিন নভেম্বর থেকে এপ্রিল পর্যন্ত মহিলাদের ক্রিকেট অনুষ্ঠিত হত। এবার তা হবে অক্টোবর থেকে ফেব্রুয়ারি। ১১ অক্টোবর টোয়েন্টি-২০ প্রতিযোগিতা দিয়ে মরসুম শুরু হবে। ফেব্রুয়ারিতে আন্তঃআঞ্চলিক একদিনের প্রতিযোগিতা দিয়ে মরসুম শেষ হবে।

❑ ভারতের স্বাধীনতার ৭৫ বছর পূর্তিকে স্মরণীয় করে রাখতে, উত্তর আমেরিকার সান দিয়েগো পোতাশ্রয়ে পৌঁছালো ভারতীয় নৌ বাহিনীর যুদ্ধজাহাজ 'সাতপুরা'। ১৫ আগস্ট, ভারতের স্বাধীনতার ৭৫ বছর পূর্তির ঐতিহাসিক অনুষ্ঠানে ভারতীয় প্রবাসী ও উত্তর আমেরিকা মহাদেশের বিশিষ্ট স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের উপস্থিতিতে ভারতীয় পতাকা উত্তোলন করে এই জাহাজটি। এটি একটি ঐতিহাসিক ঘটনা, কারণ এটিই প্রথম কোনো ভারতীয় নৌ যুদ্ধজাহাজ, যেটি উত্তর আমেরিকার পশ্চিম উপকূলে পৌঁছেছে। এই ইভেন্টটি স্বাধীনতার ৭৫ বছর পরে ভারতীয় নৌবাহিনীর সক্ষমতা ও অগ্রগতি প্রদর্শন করে।

☞ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

# রেলের গ্রুপ 'ডি'

রেলের গ্রুপ-ডি পদের দ্বিতীয় ফেজ'এর পরীক্ষা চলবে ৮ সেপ্টেম্বর পর্যন্ত। তৃতীয় ফেজ'এর পরীক্ষা হবে ৮ থেকে ১৯ সেপ্টেম্বর পর্যন্ত। এই পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল সায়েন্স - ২৫ নম্বর, (২) অঙ্ক - ২৫ নম্বর, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩০ নম্বর, (৪) জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স - ২০ নম্বর। সময় থাকবে মোট দেড় ঘণ্টা। এই পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলায়। এই পরীক্ষায় ঠিক যেমন ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১০০টি প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করে দেখালেন **'কর্মসংস্থান' পত্রিকার সহ-সম্পাদক রঞ্জিৎ ঘোষ।**



1. দু'টি সংখ্যার গ.সা.গু. ও ল.সা.গু. যথাক্রমে 8 ও 270. একটি সংখ্যা 54 হলে অন্য সংখ্যাটি কত?

(A) 40 (B) 45 (C) 50 (D) 55

2. দু'টি সংখ্যার অনুপাত 3 : 4. তাদের গ.সা.গু. 4. তাদের ল.সা.গু. কত?

(A) 50 (B) 56 (C) 48 (D) 60

3. 7, 11, 13 দিয়ে সম্পূর্ণরূপে বিভাজ্য 5 অঙ্কের বৃহত্তম সংখ্যাটি কত?

(A) 99900 (B) 99099 (C) 99909 (D) 99990

4. একটি সংখ্যাকে 65 দিয়ে ভাগ করলে ভাগশেষ থাকে 48. 13 দিয়ে ভাগ করলে কত ভাগশেষ থাকবে?

(A) 7 (B) 8 (C) 6 (D) 9

5. 60 জন ছেলেমেয়ের মধ্যে 320টি মিষ্টি ভাগ করে দেওয়া হল। প্রত্যেকটি ছেলে 6টি, প্রত্যেকটি মেয়ে 5টি মিষ্টি পেল। ছেলেদের সংখ্যা কত?

(A) 20 (B) 30 (C) 35 (D) 40

6. 9999 থেকে লঘিষ্ঠতম কোন পূর্ণসংখ্যা বিয়োগ করলে বিয়োগফল একটি পূর্ণবর্গ হবে?

(A) 196 (B) 197 (C) 198 (D) 190

7. দু'টি সংখ্যার অনুপাত 5 : 7. তাদের ল.সা.গু. 105. বড় সংখ্যাটি কত?

(A) 21 (B) 15 (C) 35 (D) 105

8. একটি দেওয়াল ঘড়িতে 6টা বাজতে 6 সেকেন্ড সময় লাগে। 9টা বাজতে কত সেকেন্ড সময় লাগবে?

(A) 9 (B) $8\frac{3}{4}$ (C) $9\frac{3}{5}$ (D) 8

9. দু'টি ক্রমিক জোড় সংখ্যার গুণফল 528. সংখ্যা দু'টি কী কী?

(A) 24, 42 (B) 52, 54 (C) 34, 32 (D) 22, 24

10. দু'টি সংখ্যার যোগফল 10 ও তাদের গুণফল 24. সংখ্যা দু'টির অনোন্যকের সমষ্টি কত?

(A) $\frac{7}{12}$ (B) $\frac{5}{12}$ (C) $\frac{5}{24}$ (D) $\frac{12}{5}$

11. একটি ব্যাঙ্কে টাকা, আধুলি ও সিকির অনুপাত 3 : 4 : 5 ও মুদ্রাগুলির মোট মূল্য 100 টাকা। প্রত্যেক প্রকার মুদ্রার সংখ্যা যথাক্রমে কত হবে?

(A) 48, 64, 80 (B) 48, 60, 70
(C) 55, 78, 90 (D) 44, 68, 80

12. কোনো টাইপিস্ট 3 ঘণ্টা 30 মিনিটে 70 পাতা টাইপ করে। 300 পাতা টাইপ করতে তাঁর কত ঘণ্টা সময় লাগবে?

(A) 12 (B) 14 (C) 15 (D) 16

13. একটি গাড়ির চাকা 1.980 কিলোমিটার যেতে 700 বার ঘোরে। চাকার ব্যাস কত সেন্টিমিটার?

(A) 70 (B) 45 (C) 60 (D) 90

14. বার্ষিক সরল সুদের হারে 4 বছরে মোট সুদ হয় আসলের $\frac{8}{25}$ অংশ। বার্ষিক সরল সুদের হার কত?

(A) 8% (B) 16% (C) $3\frac{2}{25}$% (D) 4%

15. শতকরা কত হার সুদে 360 টাকা 5 বছরে 522 টাকা হবে?

(A) 8% (B) $8\frac{1}{2}$% (C) 9% (D) $9\frac{1}{2}$%

16. যদি কোনো আসলের 3 বছরের সরল সুদের ও চক্রবৃদ্ধি সুদের পার্থক্য হয় 31 টাকা ও উভয় সুদের হার 10%, তবে আসল কত টাকা?

(A) 500 (B) 1,000 (C) 750 (D) 1,250

17. দু'টি ট্রেনের গতিবেগের অনুপাত 7 : 8 হলে, দ্বিতীয় ট্রেনটির 400 কিলোমিটার যেতে সময় লাগে 5 ঘণ্টা। প্রথম ট্রেনটির গতিবেগ ঘণ্টায় কত কিলোমিটার?

(A) 60 (B) 55 (C) 70 (D) 75

18. দুই ভাইয়ের বয়সের অনুপাত 5 : 6. দু'বছর পরে তাদের বয়সের অনুপাত হয় 7 : 8. 12 বছর পর তাদের বয়সের অনুপাত কত হবে?

(A) $\frac{22}{24}$ (B) $\frac{15}{16}$ (C) $\frac{17}{18}$ (D) $\frac{11}{12}$

19. সরলতম মান নির্ণয় করুন :

$\sqrt{.04} \div \sqrt[3]{.008}$ এর 0.2

(A) 1 (B) 2 (C) 5 (D) 0.5

20. $1\frac{1}{2}$, $\frac{3}{4}$ ও $\frac{9}{16}$ এর গ.সা.গু. ও ল.সা.গু. নির্ণয় করুন।

(A) $\frac{9}{4}, \frac{3}{16}$ (B) $\frac{3}{16}, \frac{9}{2}$ (C) $\frac{27}{64}, \frac{1}{2}$ (D) $\frac{1}{2}, \frac{27}{64}$

21. নির্ণয় করুন :

$99\frac{1}{2} + 99\frac{2}{7} + 99\frac{3}{7} + 99\frac{4}{7} + 99\frac{5}{7} + 99\frac{6}{7}$

(A) 697 (B) 579 (C) 590 (D) 597

22. একটি ঘরের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে 5 মিটার, 4 মিটার ও 3 মিটার। সর্বাধিক কত মিটার দৈর্ঘ্যের বাঁশের লাঠি ঘরটিতে প্রবেশ করানো যাবে?

(a) $5\sqrt{2}$ মিটার (b) 9 মিটার (c) 12 মিটার (d) 25 মিটার

23. চার অঙ্কের বৃহত্তম সংখ্যা নির্ণয় করুন, যা 12, 18, 27 দিয়ে ভাগ করলে প্রতিক্ষেত্রে যথাক্রমে 10, 16, 25 ভাগশেষ থাকে।

(A) 9936 (B) 9934 (C) 9938 (D) 9999

24. $\sqrt{40+\sqrt{9\sqrt{111}}}$ এর মান নির্ণয় করুন।

(A) 9 (B) 7 (C) 11 (D) $\sqrt{111}$

25. $999\frac{998}{999} \times 999$ এর মান নির্ণয় করুন।

(A) 993999 (B) 989999 (C) 999899 (D) 999989

26. খালি চোখে দেখা যায় এইরকম কোশের সাইজ কত মাইক্রন?

(A) 1 (B) 10 (C) 100 (D) 1000

27. প্রাণীদের দীর্ঘতম কোশ কোনটি?

(A) স্নায়ুকোশ (B) যকৃৎকোশ (C) রক্তকোশ (D) পেশিকোশ

28. নীচের প্রাণীদের মধ্যে কোনটির দেহখণ্ডক সর্বাপেক্ষা কম?

(A) কৃমি (B) কেঁচো (C) চিংড়ি (D) আরশোলা

29. ডারউইনের মত অনুযায়ী, প্রাকৃতিক নির্বাচনের একক কী?

(A) ব্যক্তি (B) গোষ্ঠী (C) জন (D) প্রজাতি

30. একটি ডিম পাড়া স্তন্যপায়ী প্রাণীর নাম লিখুন।

(A) টালপা (B) একিডনা (C) টেরোপাস (D) লেমুর

31. নীচের কোনটি অ্যান্টিবডি উৎপন্ন করে?

(A) অস্থিমজ্জা (B) প্লাজমা ও লসিকা (C) যকৃত (D) বৃক্ক

32. একজন প্রাপ্তবয়স্কের হৃদপিণ্ড প্রতি ঘণ্টায় প্রায় কত লিটার রক্ত পাম্প করে?

(A) 150 (B) 200 (C) 300 (D) 340

33. 100 মিলিলিটার বিশুদ্ধ রক্ত কত মিলিলিটার অক্সিজেন বহন করতে পারে?

(A) 40 (B) 10 (C) 20 (D) 30

34. একটি সেলাই মেশিনের গতি নীচের কোন প্রকার গতি?

(A) বৃত্তাকার গতি (B) সরলরৈখিক গতি
(C) দোলন গতি (D) ঘূর্ণন গতি

35. জলকে 7°C থেকে 0°C ঠান্ডা করলে কী ঘটবে?

(A) শুধু সংকোচন ঘটবে
(B) শুধু প্রসারণ ঘটে
(C) প্রথমে সংকুচিত হয়, পরে প্রসারিত হয়
(D) প্রথমে প্রসারিত হয়, পরে সংকুচিত হয়

36. নীচের কোন অবস্থায় মলিকিউলে গতিশীল শক্তির পরিমাণ সর্বাধিক হয়?

(A) গ্যাস (B) কঠিন (C) তরল (D) দ্রবণীয়

37. বিশুদ্ধ জলে লবণ মেশালে এর স্ফুটনাঙ্ক কী হবে?

(A) বাড়বে (B) কমবে (C) একই থাকবে (D) কোনোটিই নয়

38. অপটিক্যাল ফাইবারের কার্যনীতি নীচের কোনটির ক্ষেত্রে ঘটে?

(A) প্রতিসরণ (B) আভ্যন্তরীণ পূর্ণ প্রতিফলন
(C) বিক্ষেপ (D) প্রতিফলন

39. একটি দণ্ড চুম্বকের কেন্দ্রের চুম্বকত্ব কেমন?

(A) সর্বনিম্ন (B) সর্বোচ্চ (C) শূন্য (D) সর্বনিম্ন বা সর্বোচ্চ

40. জার্মেনিয়াম ও সিলিকনকে কী বলা হয়?

(A) অপরিবাহী (B) পরিবাহী (C) ধাতু (D) অর্ধপরিবাহী

41. নীচের কোনটি সব তড়িৎ চুম্বকীয় তরঙ্গের সমান?

(A) কম্পাঙ্ক (B) বিস্তার
(C) শূন্যস্থানে তরঙ্গ দৈর্ঘ্য (D) শূন্যস্থানে বেগ

42. নীচের কোন ধর্মের জন্য জল কৈশিক নল বেয়ে উঠে যায়?

(A) স্থিতিস্থাপকতা (B) পৃষ্ঠটান
(C) সান্দ্রতা (D) জলের ঘনত্ব

43. নীচের বস্তুগুলির মধ্যে কোনটি মৌলিক পদার্থ?

(A) খাদ্য লবণ (B) জল (C) গ্রাফাইট (D) কাচ

44. বায়ুমণ্ডলে কোন বিরলতম গ্যাসটি সর্বাধিক?

(A) হিলিয়াম (B) নিয়ন (C) আর্গন (D) জেনন

45. $H^+$-এ উপস্থিত ইলেক্ট্রনের সংখ্যা কত?

(A) শূন্য (B) এক (C) দুই (D) তিন

46. সবথেকে নমনীয় ধাতু কোনটি?

(A) প্লাটিনাম (B) রুপো (C) লোহা (D) সোনা

47. কোন বস্তুর উত্তাপের ফলে 'প্লাস্টার অফ প্যারিস' তৈরি হয়?

(A) গ্রাফাইট (B) জিপসাম (C) জিঙ্ক (D) লেড

48. গড়ে বায়ুতে জলীয় বাষ্পের পরিমাণ ....%।

(A) ১ (B) ৩ (C) ৫ (D) ৭

49. কোন পদ্ধতিতে এলপিজি সিলিন্ডার থেকে গ্যাস মুক্ত হয়?

(A) ডিফিউসন (B) এফিউসন
(C) প্রেসার (D) ডেস্টিলেশন

50. একটি 100 W, 200 V বিজলীবাতির প্রবাহমাত্রা কত অ্যাম্প?

(A) 2.2 (B) 1.1 (C) $\frac{5}{11}$ (D) 22000

51. কোন প্রতিরক্ষা বাহিনী সম্প্রতি 'PADMA' নামে সেন্ট্রালাইজড পেমেন্ট সিস্টেম চালু করল?

(A) ইন্ডিয়ান আর্মি (B) ইন্ডিয়ান এয়ারফোর্স
(C) ইন্ডিয়ান কোস্ট গার্ড (D) ইন্ডিয়ান নেভি

52. কোন দেশ সম্প্রতি ইউক্রেনকে ১ বিলিয়ন পাউন্ড মিলিটারি সহযোগিতা দিল?

(A) মার্কিন যুক্তরাষ্ট্র (B) জাপান
(C) যুক্তরাজ্য (D) চিন

53. 'বিশ্ব ইউএফও দিবস' কবে পালিত হয়?

(A) 2 জুলাই (B) 3 জুলাই (C) 4 জুলাই (D) 5 জুলাই

54. সম্প্রতি মহারাষ্ট্রের ঔরঙ্গাবাদের নাম বদল করে নতুন নাম কী রাখা হল?

(A) শিবাজীনগর (B) বালাপুর
(C) সম্ভাজীনগর (D) সেনানগর

55. 'গেইল (ইন্ডিয়া) লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন?

(A) বিকাশ কুমার (B) সন্দীপ কুমার গুপ্ত
(C) নেয়াজ আহমেদ (D) মহেশ্বর সিংহ

56. 2022 সালে কে 'ইন্ডিয়ান স্পোর্টস ফ্যান পুরস্কার' পেলেন?

(A) কার্তিকেয় শর্মা (B) পি. উদয়কুমার
(C) সতীশ চন্দ্র (D) দীপায়ন সামন্ত

57. ভারতের কোন রাজ্য ৫১ ফুট লম্বা ব্রঞ্জের ভগবান পরশুরামের মূর্তি তৈরি করা হচ্ছে?

(A) হিমাচল প্রদেশ (B) অরুণাচল প্রদেশ
(C) উত্তরাখণ্ড (D) জম্মু-কাশ্মীর

58. 'FanCode' কোম্পানির প্রচারদূত এখন কে?

(A) বিরাট কোহলি (B) সৌরভ গঙ্গোপাধ্যায়
(C) রবি শাস্ত্রী (D) কপিল দেব

59. 2022 সালে কে যুক্তরাজ্য সংসদের তরফ থেকে 'আয়ুর্বেদ রত্ন পুরস্কার' পেলেন?

(A) বাবা রামদেব (B) তনুজা নেসারি
(C) আচার্য গোপালকৃষ্ণ (D) রামনারায়ণ স্বামী

60. মুম্বইয়ের পুলিশ কমিশনার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন?

(A) সঞ্জয় পাণ্ডে (B) নীতিন গুপ্ত
(C) বিবেক ফানসালকর (D) তপন ডেকা

61. ভারতের কোন রাজ্য সরকার প্রতিটি পরিবারের জন্য 'Family Card' চালু করতে চলেছে?

(A) কেরালা (B) উত্তর প্রদেশ
(C) মিজোরাম (D) মেঘালয়

62. কোন শিক্ষা বোর্ড সম্প্রতি 'পরীক্ষা সঙ্গম' পোর্টাল চালু করল?

(A) WBBSE (B) ICSE
(C) WBCHSE (D) CBSE

63. 'ন্যাশনাল ফুড সিকিউরিটি অ্যাক্ট'এর বাস্তবায়নে ভারতের কোন রাজ্য শীর্ষস্থানে আছে?

(A) ওড়িশা (B) গুজরাত (C) তেলেঙ্গানা (D) হরিয়ানা

64. 'অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়ান ইউনিভার্সিটিস'এর প্রেসিডেন্ট হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন?

(A) পঙ্কজ মিত্তাল (B) সুরঞ্জন দাস
(C) মদনবাগ (D) কাশিনাথ চক্রবর্তী

65. মস্তিষ্কের Occipital অংশকে উদ্দীপ্ত করলে কোন সংবেদনের বোধটি জেগে ওঠে?

(A) দৃষ্টি (B) স্বাদ (C) গতি (D) স্পর্শ

66. ভ্রান্ত বিশ্বাস, যা যুক্তি দিয়ে ভাঙা যায় না তাকে কী বলে?

(A) ভ্রান্ত ধারণা (B) কল্পনা
(C) অমূলক প্রত্যক্ষণ (D) ভ্রান্ত প্রত্যক্ষণ

67. সম্পূর্ণ নষ্ট হয়ে যাওয়া স্মৃতিকে কী বলা হয়?

(A) তীব্র আঘাতপ্রাপ্ত স্মৃতি (B) স্মৃতিক্ষয়
(C) সম্পূর্ণ চেতনারোহিত অবস্থা (D) আংশিক স্মৃতিক্ষয়

68. কেন্দ্রীয় মন্ত্রী জিতেন্দ্র সিং সম্প্রতি কোন ক্ষেত্রে 'ডঃ রাজেন্দ্র প্রসাদ মেমোরিয়াল পুরস্কার' দেওয়ার কথা ঘোষণা করেছেন?

(A) সমাজসেবা (B) রাজনীতি
(C) শিক্ষা (D) সাংবাদিকতা

69. ভারতের নতুন 'জি-২০ শেরপা' হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন?

(A) পীযূষ গোয়েল (B) অমিতাভ কান্ত
(C) হেমেন দাস (D) ব্রজেশ শর্মা

70. ড্রাগ পাচার রুখতে, কারা সম্প্রতি 'অপারেশন নারকোস' চালু করল কে?

(A) BSF (B) CRPF (C) RPF (D) কেউই নয়

71. সম্প্রতি কোথায় স্বামী রামানুজাচার্যের 'শান্তির মূর্তি' স্থাপিত হয়েছে?

(A) হায়দরাবাদ (B) শ্রীনগর (C) জম্মু (D) নাগপুর

72. ভারতের প্রথম রাজ্য হিসাবে ১৩টি এক্সপ্রেসওয়ে তৈরি হচ্ছে কোথায়?

(A) গুজরাত (B) উত্তর প্রদেশ (C) হরিয়ানা (D) পঞ্জাব

73. 'বিশ্ব জনসংখ্যা দিবস' কবে পালিত হয়?

(A) 11 জুলাই (B) 12 জুলাই (C) 13 জুলাই (D) 14 জুলাই

74. কোথায় সম্প্রতি দীর্ঘতম ডবল ডেকার সেতু তৈরি করে বিশ্বরেকর্ড করল ভারত?

(A) কানপুর (B) মুম্বই (C) নাগপুর (D) কোচি

75. সম্প্রতি বাহরাইনে অনুষ্ঠিত 'অনূর্ধ্ব-২০ এশিয়ান কুস্তি চ্যাম্পিয়নশিপ'এ ভারত মোট ক'টি পদক জিতেছে?

(A) 14টি (B) 18টি (C) 22টি (D) 11টি

76. 336, 210, ?, 60, 24 — শূন্যস্থানে সংখ্যা বসান।

(A) 200 (B) 120 (C) 180 (D) 90

☞ এরপর ১৫ পাতায়

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

**চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।**

**এইবিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।**

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর পদের বিজ্ঞপ্তি এ বছর বেরোবে কি? — শুভঙ্কর পাল, কাঞ্চনপল্লী, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।*

■■ পশ্চিমবঙ্গ পুলিশে গতবারের কনস্টেবল পদের ইন্টারভিউ চলছে। আর সাব-ইন্সপেক্টর পদের মেন পরীক্ষা হয়েছে। এই দুই পরীক্ষার ফল বেরোনোর পর নতুন বিজ্ঞপ্তি বেরোনোর সম্ভাবনা আছে। তবে কনস্টেবল পদের বিজ্ঞপ্তি আগে বেরোবে।

■ *পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের বয়স বেড়ে ৩০ বছর হয়েছে। কলকাতা ও রাজ্য পুলিশের সাব-ইন্সপেক্টর ও সার্জেন্ট পদের বয়স কি বেড়েছে? — প্রিয়া দত্ত, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।*

■■ শুধুমাত্র পুলিশের কনস্টেবল পদে বয়স বেড়ে ৩০ বছর হয়েছে। সাব-ইন্সপেক্টর পদের বয়স বাড়েনি।

## কলেজে চাকরির

■ *নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে ৭৫% নম্বর পেয়ে বাংলায় এম.এ. পাশ করেছি। নেট বা, সেট পরীক্ষা দিতে পারব কি? — তপন মাইতি, বাসুদেবপুর, হাওড়া।*

■■ হ্যাঁ, পারবেন।

■ *সরকারি ও বেসরকারি বি.এড. কলেজে বি.এড.-এর লেকচারার পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা লাগবে? প্রার্থী বাছাই কীভাবে হয়? — নাজমুন নাহার, আমডাঙা, উত্তর ২৪ পরগনা।*

■■ সরকার অনুমোদিত 'বি.এড কলেজ ও সাধারণ ডিগ্রি কলেজের বি.এড. বিভাগের 'অ্যাসিস্ট্যান্ট প্রফেসর' পদের বেলায় যে বিষয়ে ৩ বছরের ডিগ্রি / অনার্স পাশ করেছেন, সেই বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশরা মোট ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। এছাড়াও মোট অন্তত ৫৫% (তপশিলী, শারীরিক প্রতিবন্ধী ও দৃষ্টিহীন প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে এম.এড. কোর্স পাশ হতে হবে। সব ক্ষেত্রেই পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের 'স্লেট' / 'সেট' পরীক্ষা কিংবা ইউ.জি.সি. /সি.এস.আই.আর. (নেট)'এর নেওয়া 'জুনিয়র রিসার্চ ফেলো (জে.আর.এফ.) /লেকচারশিপ পরীক্ষায় কোয়ালিফাই (সফল) করে থাকতে হবে। প্রার্থী বাছাই করে পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন। সরকারি বি.এড. কলেজের লেকচারার পদের বেলায় ওই একই যোগ্যতা লাগে। প্রার্থী বাছাই করে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন।

## স্টাফ সিলেকশনের

■ *কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেলের জন্য কেমন যোগ্যতা ও বয়স লাগে? প্রার্থী বাছাই পদ্ধতি জানাবেন। নিয়োগ হতে কতদিন সময় লাগে? সফল হলে কোন কোন দফতরে চাকরি হয়? — মৌপ্রিয়া দত্ত, ঠাকুরনগর, বনগাঁও, উত্তর ২৪ পরগনা।*

■■ যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি শব্দ তোলার গতি থাকলে 'পোস্টাল অ্যাসিস্ট্যান্ট/সর্টিং অ্যাসিস্ট্যান্ট' ও 'লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট / জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট' পদের জন্য আবেদন করতে পারেন। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে ডাটা এন্ট্রির কাজে ঘন্টায় অন্তত ৮,০০০ কী ডিপ্রেশনে গতি থাকলে 'ডাটা এন্ট্রি অপারেটর (ডাটা এন্ট্রি অপারেটর গ্রেড-এ কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল অফ ইন্ডিয়া ছাড়া) পদের জন্য আবেদন করতে পারেন। অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে ডাটা এন্ট্রির কাজে ঘন্টায় অন্তত ১৫,০০০ কী ডিপ্রেশনে গতি থাকলে 'ডাটা এন্ট্রি অপারেটর গ্রেড-এ কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল অফ ইন্ডিয়া' পদের জন্য আবেদন করতে পারেন।

সব পদের বেলায়ই উচ্চতর যোগ্যতার প্রার্থীরাও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৮ (তপশিলী হলে ১৩, ও.বি.সি. হলে ১১) বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : লোয়ার ডিভিশন ক্লার্ক /জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট পদে ১৯,৯০০-৬৩,২০০ টাকা। পোস্টাল অ্যাসিস্ট্যান্ট, ডাটা এন্ট্রি অপারেটর পদে ২৫,৫০০-৮১,১০০ টাকা।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। প্রার্থী বাছাইয়ের জন্য দু'টি পর্যায়ের পরীক্ষা হবে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড পরীক্ষা হবে। তারপর দ্বিতীয় পর্যায়ের ডেসক্রিপ্টিভ টাইপের পরীক্ষা। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এই ৪টি পার্টে : (ক) জেনারেল ইন্টেলিজেন্স - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (খ) ইংলিশ ল্যাঙ্গোয়েজ (বেসিক নলেজ) - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (গ) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (বেসিক অ্যারিথমেটিক স্কিল) - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (ঘ) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় থাকবে ৬০ মিনিট। লিখিত পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। সফল হলে দ্বিতীয় পর্যায়ের পরীক্ষা। এই পরীক্ষায় ১০০ নম্বরের ১ ঘন্টার পেন পেপার মোডের পরীক্ষায় থাকবে প্রবন্ধ লেখা / চিঠি লেখা /অ্যাপ্লিকেশন লেখা / প্রেসি লেখা। এরপর স্কিল টেস্টবা, টাইপিং টেস্ট। ডাটা এন্ট্রি অপারেটর পদের বেলায় স্কিল টেস্ট হবে। কম্পিউটারে ঘন্টায় ৮,০০০/(১৫,০০০ ডাটা এন্ট্রি অপারেটর গ্রেড-এ পদের বেলায়) কী ডিপ্রেশন গতি থাকতে হবে। ১৫ মিনিটের এই টেস্টে ইংরিজিতে প্রিন্টেড ম্যাটার দেওয়া হবে। পোস্টাল অ্যাসিস্ট্যান্ট /সর্টিং অ্যাসিস্ট্যান্ট ও লোয়ার ডিভিশন ক্লার্ক পদের বেলায় মিনিটে ৩৫টি শব্দ তোলার গতি থাকতে হবে। পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.nic.in এই পরীক্ষার বিজ্ঞপ্তি প্রতি বছরই বেরোয়। বিজ্ঞপ্তি বেরোনো থেকে নিয়োগ হতে প্রায় দু'বছর সময় লাগে।

## পি.এস.সি.'র

■ *স্কুলের সাব-ইন্সপেক্টর পদের জন্য প্রতি বছরই কি বিজ্ঞপ্তি বেরোয়? যোগ্যতা ও সিলেবাস জানাবেন। —অর্পিতা ব্যানার্জী, হুগলি। তাপস দাস, সোনারপুর ঘোষপাড়া, দক্ষিণ ২৪ পরগনা। জয়দীপ সরকার, সাউথ নেতাজী রোড, আলিপুরদুয়ার।*

■■ এই পরীক্ষার মাধ্যমে প্রায় প্রতি বছরই দরখাস্ত নেওয়া হয়। তবে কয়েক বছর সেই নিয়মে পরীক্ষা হয়নি। ওই পদের শেষ বিজ্ঞপ্তি বেরিয়েছিল ২০১৮ সালে। ২০২১ সালে বিজ্ঞপ্তি বেরোয়নি। এবছর বিজ্ঞপ্তি বেরোবে কিনা তা এখনো ঠিক হয়নি। এই পদের জন্য শিক্ষাগত যোগ্যতা দরকার — দ্বিতীয় শ্রেণির অনার্স গ্র্যাজুয়েট বা, দ্বিতীয় শ্রেণির মাস্টার ডিগ্রি কোর্স পাশ হতে হবে। বি.টি. কিংবা বি.এড. কোর্স পাশ থাকা দরকার। বয়স হতে হবে ৩৬ বছরের মধ্যে। প্রার্থী বাছাই হবে স্ক্রীনিং টেস্ট / লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে।

প্রথমে স্ক্রীনিং টেস্টে লিখিত পরীক্ষা হবে। প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। ২০০ নম্বরের দেড় ঘন্টার পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) এডুকেশন বিষয়ে ৫০টি প্রশ্ন, (২) জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিক বিষয়ে ৫০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। এডুকেশন বিষয়ের প্রশ্ন হবে বি.এড. কোর্সের সিলেবাস অনুযায়ী। জেনারেল স্টাডিজ বিষয়ে থাকবে সাম্প্রতিক ঘটনা ও সাধারণ অভিজ্ঞতা সংক্রান্ত প্রশ্ন। অ্যারিথমেটিক বিষয়ের প্রশ্ন থাকবে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের মাধ্যমিকের সিলেবাস অনুযায়ী।

■ *২০১৯ সালের পি.এস.সি. ক্লার্কশিপের যে চূড়ান্ত ফল বেরিয়েছে, তাতে ৬,৩৪৯ জনের নাম আছে। অথচ শূন্যপদ ছিল ৭,২২৭টি। তাহলে বাকি ৮৭৮টি শূন্যপদের জন্য কি নতুন তালিকা বেরোবে?— অনুপকুমার মণ্ডল, ১৭নং ৬ লেন, অনুকূল চন্দ্র রোড, গড়িয়া স্টেশন, কলকাতা।*

■■ পি.এস.সি. সূত্রে খবর, সব প্রার্থীদের নিয়োগের পর শূন্যপদ থাকলে পরবর্তী তালিকা বেরোতে পারে।

■ *২০২২ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলি. পরীক্ষার ফল কবে বেরোবে? মেন পরীক্ষা কোন মাসে হতে পারে? — সায়ন্তন ভট্টাচার্য, আলিপুরদুয়ার।*

■■ ২০২২ সালের প্রিলি. পরীক্ষার ফল শিঘগিরই বেরোবে। তবে পুজোর পরই বেরোনোর সম্ভাবনা আছে। মেন পরীক্ষা ডিসেম্বর-জানুয়ারিতে হবে।

■ *আই.সি.ডি.এস. থার্ড ফেজের ইন্টারভিউ কবে থেকে শুরু হবে? চূড়ান্ত ফল কবে বেরোতে পারে? — অন্তরা দত্ত, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ থার্ড ফেজের ইন্টারভিউ হবে অক্টোবরের মাঝামাঝি থেকে। সব ক্যাটেগরির ইন্টারভিউ হয়ে চূড়ান্ত ফল বেরোতে ২০২৩ সালের মার্চ-এপ্রিল মাস লাগবে।

## প্রাইমারি চাকরির

■ *বি.এড. কোর্স পাশ করেছি। প্রাইমারি টিচার পদের 'টেট'এর যে বিজ্ঞপ্তি বেরোবে তাতে দরখাস্ত করতে পারব কি? — মৌমিতা দত্তগুপ্ত, অশোকনগর, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, পারবেন।

■ *প্রাইমারি 'টেট' পরীক্ষা কবে হতে পারে? দরখাস্ত নেওয়া কবে থেকে শুরু হবে? — পরিমল ঘোষ, বারাসাত, উত্তর ২৪ পরগনা। প্রিয়া দত্ত, আরামবাগ, হুগলি।*

■■ প্রাইমারি 'টেট'এর বিজ্ঞপ্তি বেরোনোর বিষয়ে বিস্তারিত বৈঠক হবে অ্যাড হক কমিটিকে নিয়ে, এ মাসের দ্বিতীয় সপ্তাহে। তখনই বিজ্ঞপ্তি বেরোনোর তারিখ ও পরীক্ষার দিনক্ষণ ঠিক হবে। তবে ডিসেম্বরের মধ্যে পরীক্ষা নেওয়া যায় তার ব্যবস্থা চলছে।

■ *প্রাইমারি 'টেট'এর পরীক্ষা পদ্ধতি কি এবার বদলাবে? — দোলন চ্যাটার্জী, বিরাটী, কলকাতা।*

■■ পরীক্ষা পদ্ধতি আগের মতোই থাকবে।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| জিওলজিক্যাল সার্ভেতে ড্রাইভার | মাধ্যমিক ও ড্রাইভিং | ৬৪ | ১২-৯-২২ | www.gsi.gov.in |
| ITBP-তে অ্যাসিঃ কমান্ড্যান্ট | গ্র্যাজুয়েট | ১১ | ৯-৯-২২ | www.recruitment.itbpolice.nic.i |
| হেডকোয়ার্টার্স আন্দামান-নিকোবর কম্যান্ডে ট্রেডসম্যান | আই.টি.আই. | ১১২ | ৬-৯-২২ | http://erecruitment.andaman.gov.in |
| আই.টি.বি.পি.-তে কনস্টেবল | আই.টি.আই. | ১০৮ | ১৭-৯-২২ | www.recruitment.itbpolice.nic.in |
| ন্যাশনাল হাইওয়ে অথরিটিতে ইয়ং প্রফেশনাল | আইনের গ্র্যাজুয়েট | ৩০ | ৯-৯-২২ | www.nhai.gov.in |
| ন্যালকোয় গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার | গ্র্যাজুয়েট | ১৮৯ | ১১-৯-২২ | www.nalcoindia.com |
| আই.টি.বি.পি-তে কনস্টেবল | মাধ্যমিক | ৫২ | ২৭-৯-২২ | www.recruitment.itbpolice.nic.in |
| বর্ডার রোডস অর্গানাইজেশনে ড্রাফটসম্যান, সুপারভাইজর | মাধ্যমিক,HS আই.টি.আই. | ২৪৬ | - | www.bro.nic.in |
| সেনাবাহিনীতে মহিলা অগ্নিবীর | মাধ্যমিক | - | ৭-৯-২২ | www.joinindianarmy.nic.in |
| কলেজ সার্ভিসের 'সেট' পরীক্ষার মাধ্যমে সহ-অধ্যাপক | পোস্ট-গ্র্যাজুয়েট | - | ১৫-৯-২২ | www.wbcsconline.in |
| NCC পাশদের আর্মিতে চাকরি | গ্র্যাজুয়েট | ৫৫ | ১৫-৯-২২ | www.joinindianarmy.nic.in |
| বোকারো স্টিল প্ল্যান্টে টেকনিশিয়ান ট্রেনি | মাধ্যমিক ও আই.টি.আই. | ১৪৬ | ১৫-৯-২২ | www.sail.co.in |
| আর্মি পাব্লিক স্কুলে শিক্ষক | গ্র্যাজুয়েট ও মাস্টার ডিগ্রি | - | ৫-১০-২২ | www.awesindia.com |
| কোচবিহারে আশা কর্মী | মাধ্যমিক | - | ১২-৯-২২ | www.coochbehar.nic.in |
| ফুড কর্পোরেশনে ম্যানেজার | গ্র্যাজুয়েট | ১০৯ | ২৬-৯-২২ | www.fci.gov.in |
| ডি.আর.ডি.ও.-তে অ্যাসিস্ট্যান্ট টেকনিশিয়ান | আই.টি.আই., ডিগ্রি, ডিপ্লোমা | ১৮৮১ | ২৩-৯-২২ | www.drdo.org |
| আর্মিতে বি.টেক. পড়িয়ে অফিসার | উচ্চমাধ্যমিক | ৯০ | ২১-৯-২২ | www.joinindianarmy.nic.in |
| বি.এস.এফ.-এ হেড কনস্টেবল অফিসার | মাধ্যমিক আই.টি.আই. | ১৩১২ | ১৯-৯-২২ | http://rectt.bsf.gov.in |

এখন থেকে নতুন ভাবে
WBCS / IAS
পাশ করতে গেলে লাগবেই...
Appointment & Career News
রাজ্য ও কেন্দ্রীয় সরকারের সিভিল সার্ভিস পরীক্ষায় গত ২ বছরে চাকরি পাওয়া আধিকারিকদের পরীক্ষা প্রস্তুতি, টিপস, স্টাডি মেটেরিয়াল, পরীক্ষা হলের স্ট্র্যাটেজি সহ একগুচ্ছ প্রতিবেদন নিয়ে বেরোল
ঘরে বসে সরাসরি পেতে যোগাযোগ করুন : 9830624170

## রেলের গ্রুপ ডি

১৩ পাতার পর

77. বেমানান শব্দটি বেছে নিন।
(A) লাইন্সম্যান (B) হেমার (C) আম্পায়ার (D) রেফারি

78. নীচের কোনটি অন্যদের থেকে আলাদা চিহ্নিত করুন।
(A) ব্রাসিলিয়া (B) ক্যানবেরা (C) নিউইয়র্ক (D) ওটোয়া

79. জোড় শব্দের মধ্যে পৃথকটি আলাদা করুন।
(A) বিদ্যুৎ চমক : বৃষ্টি (B) ভোট : সরকার
(C) জন্ম : মৃত্যু (D) সাফল্য : পরিশ্রম

80. শূন্যস্থান পূরণ করুন।
আন্দামান দ্বীপপুঞ্জ : ভারত মহাসাগর : : ফকল্যান্ড : ?
(A) ভারত মহাসাগর (B) আটলান্টিক মহাসাগর
(C) প্রশান্ত মহাসাগর (D) সুমেরু মহাসাগর

81. নীচের দেশগুলির মধ্যে কোনটি অন্যদের তুলনায় আলাদা?
বাংলাদেশ, ভুটান, আলজেরিয়া, নামিবিয়া, অ্যাঙ্গোলা
(A) অ্যাঙ্গোলা (B) ভুটান (C) নামিবিয়া (D) বাংলাদেশ

82. শূন্যস্থান পূরণ করুন।
পরিবর্তিত বয়সের সঙ্গে ব্যক্তির আয়তন বৃদ্ধিকে বলা হয় ___
(A) বৃদ্ধি (B) বিকাশ (C) পরিপক্কতা (D) পরিবর্তন

83. অভ্যাস নির্ভর করে ____ এর ওপর।
(A) শিক্ষণ (B) অনুকরণ (C) চিন্তন (D) কল্পনা

84. বিসদৃশটি নির্ণয় করুন।
(A) কলা (B) আপেল (C) মুলো (D) পেয়ারা

85. নীচের কোন জোড়াটি আলাদা?
(A) উৎপাদন : সমৃদ্ধি (B) জীবাণু : রোগ
(C) খরা : দুর্ভিক্ষ (D) ভূমিকম্প : বিধ্বংসতা

86. Gardner'এর বুদ্ধিতত্ত্ব নীচের কোন ধরনের বুদ্ধিকে গ্রহণ করে না?
(A) সামাজিক দক্ষতা (B) ভাষা দক্ষতা
(C) সঙ্গীত দক্ষতা (D) G-উপাদান

87. EGIK = FILO হলে, FHJL =
(A) GJMP (B) GJPM (C) HGMN (D) GMJO

88. KOLKATA-কে সাংকেতিক ভাবে 11151211012001 লেখা হলে, BENGALI-কে কী লেখা হবে?
(A) 020514070112 (B) 023014210311
(C) 031721250710 (D) ওপরের কোনোটিই নয়

89. মণিপুর : Dance, তাহলে উর্দু : ?
(A) মুসলিম (B) ড্রামা (C) পোয়েট্রি (D) ল্যাংগুয়েজ

90. কোনটি আলাদা?
(A) স্ট্রবেরি (B) ব্ল্যাকবেরি (C) গুজবেরি (D) বেরিবেরি

91. লুপ্ত সংখ্যাগুলি কী কী?
1, 4, 9, 25, 49, 121, ?, ?, 361
(A) 169, 289 (B) 169, 225 (C) 144, 289 (D) 144, 225

92. নীচের কোন সংখ্যাটি ভুল?
4, 16, 36, 64, 100, 144, 200
(A) 4 (B) 100 (C) 200 (D) 144

93. $6 \times 6 = 33$, $7 \times 2 = 36$, $4 \times 8 = 24$ হলে $8 \times 4 = ?$
(A) 24 (B) 48 (C) 84 (D) 42

94. $0.1 - 0.01$ সমান কত?
(A) 0.1 (B) 0.01 (C) 10 (D) 100

95. 5 এর 10% ও 10 এর 5% যোগ করলে কত হবে?
(A) 0.25 (B) 0.10 (C) 1.0 (D) 2.5


96. 1, 2, 6, 15, 31 .... এই সংখ্যা সারিটির পরবর্তী সংখ্যাটি কত?
(A) 47 (B) 50 (C) 56 (D) 63

97. ভারতের বৃহত্তম উপকূলীয় লবণাক্ত জলের উপহ্রদ কোথায় অবস্থিত?
(A) ওড়িশার চিল্কা (B) মহারাষ্ট্রের শিবাজী সাগর
(C) মণিপুরের লেকতাক লেক (D) আন্ধ্রপ্রদেশের পুলিকট লেগ

98. ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত ভারত কতগুলি ওয়ান ডে ম্যাচ খেলোর রেকর্ড বানিয়েছে?
(A) 100 (B) 90
(C) 60 (D) 50 আন্ধ্রাপ্রদেশের পুলিকট লেগ

99. ফাইনান্স কমিশনের চেয়ারম্যান কে?
(A) এন.কে.সিং (B) অজয় নারায়ন ঝা
(C) প্রফেসর অনুপ সিং (D) অরবিন্দ মেহতা

100. নীচের চিত্র রেখাঙ্কিত অংশের পরিসীমা ও বৃত্তের পরিধির অনুপাত কত?



(A) $\frac{3}{4}$ (B) $\frac{4+\pi}{4\pi}$ (C) $\frac{2\pi}{4+\pi}$ (D) $\frac{4+\pi}{2\pi}$

### উত্তর

1(A). 2(B). 3(C). 4(D). 5(A). 6(C). 7(A). 8(C). 9(D). 10(B). 11(A). 12(C). 13(D). 14(A). 15(C). 16(B). 17(C). 18(C). 19(C). 20(B). 21(D). 22(A). 23(A). 24(B). 25(A). 26(C). 27(A). 28(D). 29(D). 30(B). 31(B). 32(C). 33(C). 34(C). 35(C). 36(A). 37(A). 38(B). 39(C). 40(D). 41(D). 42(B). 43(C). 44(C). 45(A). 46(D). 47(B). 48(A). 49(A). 50(C). 51(C). 52(C). 53(A). 54(C). 55(B). 56(A). 57(B). 58(C). 59(B). 60(C). 61(B). 62(D). 63(A). 64(B). 65(C). 66(A). 67(B). 68(C). 69(B). 70(C). 71(B). 72(B). 73(A). 74(C). 75(C). 76(B). 77(B). 78(C). 79(C). 80(D). 81(D). 82(A). 83(A). 84(C). 85(A). 86(D). 87(A). 88(A). 89(D). 90(D). 91(A). 92(C). 93(D). 94(C). 95(C). 96(C). 97(A). 98(A). 99(A). 100(B).

## এখনই ৮৯ হাজার শিক্ষক-শিক্ষিকা

১ পাতার পর

শিক্ষক ও অশিক্ষক পদে ২ লাখ ৬৩ হাজার নিয়োগ হয়েছে। এতদিনে অনেক পদেই নিয়োগ হয়ে যেত। কিন্তু একের পর এক জনস্বার্থ মামলার জন্য তা সম্ভব হচ্ছে না। কিছু কিছু লোক আছে, যাঁরা নিজেও খায় না অন্যকেও খেতে দেয় না। একটা করে মামলা ঠুকে দেয়। এরপরই তিনি বলেন, শুধু শিক্ষক পদে নয়, নিয়োগ হবে দক্ষতাভিত্তিক পদেও। রাজ্যের তরফে ট্রেনিং দিয়ে রাজ্যের ৩০ হাজার যুবক-যুবতীকে চাকরি দেওয়া হবে। আগামী ১৫ দিনের মধ্যেই তাঁদের হাতে নিয়োগপত্র তুলে দেওয়া হবে।

## ভারত পেট্রোলিয়মে ১০২ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা :** ভারত পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেড 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস' হিসাবে ১০২ জন লোক নিচ্ছে। কেমিক্যাল, সিভিল, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, সেফটি ইঞ্জিনিয়ারিং, সেফটি অ্যান্ড ফায়ার ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল, ইন্সট্রুমেন্টেশন, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইন্সট্রুমেন্টেশন টেকনোলজি, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, মেটালার্জি ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। বয়স হতে হবে ১-৯-২০২২'এর হিসাবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ২৫,০০০ টাকা। শূন্যপদ : কেমিক্যাল-৩১টি, সিভিল-৮টি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং-৯টি, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং-৫টি, সেফটি ইঞ্জিনিয়ারিং, সেফটি অ্যান্ড ফায়ার ইঞ্জিনিয়ারিং-১০টি, মেকানিক্যাল-২৮টি, ইন্সট্রুমেন্টেশন, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইন্সট্রুমেন্টেশন টেকনোলজি, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং-৯টি, মেটালার্জি ইঞ্জিনিয়ারিং-২টি। ওপরের সব ক্ষেত্রে ইঞ্জিনিয়ারিং কোর্স পাশ হতে হবে ২০২০, ২০২১ ও ২০২২ সালের মধ্যে।

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। এরপর হবে ইন্টারভিউ।

আগ্রহী প্রার্থীদের প্রথমে 'NATS' পোর্টালে গিয়ে দরখাস্ত করতে হবে, এই ওয়েবসাইটে : www.boat-srp.com আগে যাঁরা নাম রেজিস্ট্রেশন করেছেন, তাঁদের বেলায় ভারত পেট্রোলিয়াম কর্পোরেশনে গিয়ে দরখাস্ত করতে হবে, ১৩ সেপ্টেম্বরের মধ্যে। যাঁরা নাম রেজিস্ট্রেশন করেননি, তাঁদের বেলায় 'NATS' পোর্টালে গিয়ে দরখাস্ত করতে হবে ৮ সেপ্টেম্বরের মধ্যে।

## রৌরকেলা স্টিল প্লান্টে

১ পাতার পর

নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**অপারেটর কাম টেকনিশিয়ান ট্রেনি (বয়লার) :** মাধ্যমিক পাশরা ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে আর বয়লার কম্পিটেন্সির প্রথম শ্রেণির সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৩৯টি (জেনাঃ ১৮, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৪, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৮)। এর মধ্যে অস্থি প্রতিবন্ধী ২, বধির ২, দৃষ্টিহীন ১, অন্যান্য ১।

**অ্যাটেন্ড্যান্ট কাম টেকনিশিয়ান (ট্রেনি) :** মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, মেশিনিস্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ফিটার ৯টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২)। ইলেক্ট্রিশিয়ান ১০টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২)। মেশিনিস্ট ১২টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২)।

**অ্যাটেন্ড্যান্ট কাম টেকনিশিয়ান (ট্রেনি) (এইচ.এম.ভি.) :** মাধ্যমিক পাশরা ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স বা, ট্রান্সপোর্ট লাইসেন্স থাকলে আর এক বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। হেভি আর্থ মুভিং মেশিনারি সংক্রান্ত কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন। শূন্যপদ : ৩০টি (জেনাঃ ১৩, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৬, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ৩)।

**অপারেটর কাম টেকনিশিয়ান (ট্রেনি) :** মাধ্যমিক পাশরা পলিটেকনিক থেকে ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, মেটালার্জি, সিভিল, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। শূন্যপদ : মেকানিক্যালে ১৫টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ২)। মেটালার্জি ১৫টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ২)। ইলেক্ট্রিক্যালে ৪০টি (জেনাঃ ১৬, ই.ডব্লু.এস. ৪, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৮, ও.বি.সি. ৫)। সিভিল ৫টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, তঃউঃজাঃ ১)। ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ৫টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১)।

**ফায়ারম্যান কাম ফায়ার ইঞ্জিন ড্রাইভার (ট্রেনি) :** মাধ্যমিক পাশরা ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে আর গাড়ি চালানোর কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। শূন্যপদ : ৩৬টি (জেনাঃ ১৭, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ৩)।

**ফায়ার অপারেটর (ট্রেনি) :** যে কোনো শাখার গ্র্যাজুয়েট বা, ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা নাগপুরের ন্যাশনাল ফায়ার সার্ভিস কলেজ থেকে সাব-অফিসার কোর্স পাশ হলে যোগ্য। ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে। শূন্যপদ : ২৫টি (জেনাঃ ১২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ২)।

**মাইনিং মেট :** মাধ্যমিক পাশরা বৈধ মাইনিং মেট কম্পিটেন্সি সার্টিফিকেট কোর্স পাশ হলে ও মাইনিং মেটের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। শূন্যপদ : ৫৫টি (জেনাঃ ২৩, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ১২, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ৫)।

**মাইনিং ফোরম্যান :** মাধ্যমিক পাশরা মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে আর মাইন্স ফোরম্যান সার্টিফিকেট অফ কম্পিটেন্সি সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪০%) নম্বর পেয়ে থাকতে হবে। এছাড়াও এক বছরের পোস্ট কোয়ালিফিকেশন যোগ্যতা থাকতে হবে। শূন্যপদ : ২৪টি (জেনাঃ ১০, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ২)।

সব পদের বেলায় শুরুতে ২ বছরের ট্রেনিং। ফায়ার অপারেটর (ট্রেনি) ও অপারেটর কাম টেকনিশিয়ান (ট্রেনি) পদের বেলায় স্টাইপেন্ড প্রথম বছর মাসে ১৬,১০০ টাকা ও দ্বিতীয় বছর মাসে ১৮,৩০০ টাকা আর অন্যান্য পদের বেলায় প্রথম বছর স্টাইপেন্ড মাসে ১২,৯০০ টাকা ও দ্বিতীয় বছর স্টাইপেন্ড মাসে ১৫,০০০ টাকা। সফল হলে ১ বছরের প্রবেশন। সফল হলে মূল মাইনে ২৬,৬০০-৩৮,৯২০ টাকা আর ২৫,০৭০-৩৫,০৭০ টাকা।

অপারেটর কাম টেকনিশিয়ান ট্রেনি, অ্যাটেন্ড্যান্ট কাম টেকনিশিয়ান ট্রেনি, সার্ভেয়র, মাইনিং ফোরম্যান, মাইনিং মেট পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় — লম্বায় অন্তত ১৫৫ সেমি আর ওজন অন্তত ৪৫ কেজি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৫ সেমি ও ফুলিয়ে ৭৯ সেমি। মেয়েদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৪৩ সেমি ও ওজন অন্তত ৩৫ কেজি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭০ সেমি ও ফুলিয়ে ৭৩ সেমি। দৃষ্টিশক্তি হতে হবে দূরের বেলায় উভয় চোখে চশমা ছাড়া ৬/৯। আর কাছের বেলায় J-1. ফায়ার অপারেটর পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় — লম্বায় অন্তত ১৬৭ সেমি আর ওজন অন্তত ৫০ কেজি, বুকের ছাতি না-ফুলিয়ে ৮১ সেমি ও ফুলিয়ে ৮৬ সেমি।

সব পদের বেলায় বয়স হতে হবে ৩০-৯-২০২২'এর হিসাবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে (অপারেটর কাম টেকনিশিয়ান (বয়লার অপারেশন) পদের বেলায় বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে)। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 01/2022. Dt : 29.08.22.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ১০০ নম্বরের পরীক্ষায় প্রশ্ন হবে অ্যাটেন্ড্যান্ট কাম টেকনিশিয়ান (ট্রেনি) (এইচ.এম.ভি.) ও ফায়ারম্যান কাম ফায়ার ইঞ্জিন ড্রাইভার (ট্রেনি) পদের বেলায় ২০ নম্বরের টেকনিক্যাল নলেজ টেস্ট ও ৮০ নম্বরের জেনারেল অ্যাপ্টিটিউট টেস্ট। আর অন্যান্য পদের বেলায় ৫০ নম্বরের টেকনিক্যাল নলেজ টেস্ট ও ৫০ নম্বরের জেনারেল অ্যাপ্টিটিউট টেস্ট। পরীক্ষা হবে কলকাতা, রাঁচী, জামশেদপুর, ভুবনেশ্বর। দরখাস্ত করবেন অনলাইনে, ৩০ সেপ্টেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.sail.co.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার ৫০০ কে.বি.'র মধ্যে জে.পি.জি. বা, জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নিয়ে যাবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে Apply Online-ক্লিক করে যাবতীয় তথ্য দেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ অপারেটর কাম টেকনিশিয়ান (বয়লার অপারেটর), মাইনিং ফোরম্যান, সার্ভেয়র, ফায়ার অপারেটর (ট্রেনি), অপারেটর কাম টেকনিশিয়ান ট্রেনি পদের বেলায় ৫০০ (তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী হলে ১৫০) আর মাইনিং মেট, অ্যাটেন্ড্যান্ট কাম টেকনিশিয়ান ট্রেনি, ফায়ারম্যান কাম ফায়ার ইঞ্জিন ড্রাইভার (ট্রেনি), অ্যাটেন্ড্যান্ট কাম টেকনিশিয়ান (ট্রেনি) পদের বেলায় ৩০০ (তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী হলে ১০০) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা এস.বি.আই. চালানে বা, অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## চাকরির টুকরো খবর

### ডাকবিভাগে এজেন্ট

ভারতীয় ডাক বিভাগের উত্তর কলকাতা কাশীপুর ও বড় বাজার হেড পোস্ট অফিসে পি.এল.আই. ও আর.পি.এল.আই.-এ ১৮ থেকে ৫০ বছর বয়সী মাধ্যমিক পাশদের কমিশনভিত্তিক ডাক বিমা এজেন্ট নিচ্ছে। প্রার্থী বাছাইয়ের সরাসরি ইন্টারভিউ হবে ২৩ সেপ্টেম্বর, বেলা ১১টায়। এই ঠিকানায় : The Sr. Superintendent of Post Office, North Kolkata Division, 5A, Indra Biswas Road, Belgachhia, Kol-37.

### পুরসভায় চাকরি

মেদিনীপুর পুরসভা হেলথ অফিসার পদে ১ জন লোক নিচ্ছে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.midnaporemunicipality.com

### কেন্দ্রীয় সংস্থায় চাকরি

আই.সি.এ.আর.-অ্যাগ্রিকালচারাল টেকনোলজি অ্যাপ্লিকেশন রিসার্চ ইনস্টিটিউট ইউং প্রফেশনাল-। পদে ২ জন লোক নিচ্ছে। সরাসরি ইন্টারভিউ হবে ২০ সেপ্টেম্বর। বিস্তারিত পাবেন এই ওয়েবসাইটে : www.atarikolkata.org

সাফল্যের সহজপাঠ

RICE EDUCATION | ricesmart
TOGETHER IN SUCCESS

স্বপ্ন সত্যি
এখন আরও সহজে

RICE-এর বিশেষ ক্যাম্প
সাফল্যের সহজপাঠ

অভিভাবকদের সঙ্গে নিয়ে
যোগ দাও আজই।

- অফলাইন কোর্সে এনরোল করলে
  - অনলাইন কোর্স ফ্রি
  - TET কোর্স ফ্রি
- আকর্ষণীয় ডিসকাউন্ট

১ – ১৫ সেপ্টেম্বর

অফার সীমিত।
দেরি না করে যোগাযোগ করো আজই।



62921 90230 | ricesmart.in

হেড অফিস বেলঘরিয়া
১১/১, বি টি রোড, রথতলা, (ডানলপের কাছে), বেলঘরিয়া, কলকাতা - ৭০০০৫৬
84799 02085/84799 18051

সিটি অফিস শিয়ালদহ
A. K. Point Premises ৬৮ বি, এ পি সি রায় রোড, কলকাতা-৯, টাকি হাউজ স্কুল এবং শিয়ালদহ ESI হাসপাতালের বিপরীতে
84799 18013 / 84799 02091

অন্যান্য ব্রাঞ্চ
বেহালা 84799 17961 | সোনারপুর 84799 17962 | হাওড়া ময়দান 84799 17956 | বারাসাত 84799 00574 | শিলিগুড়ি 84799 17965
কোচবিহার 84799 00576 | দুর্গাপুর 84799 00578 | আসানসোল 84799 00577 | বর্ধমান 84799 00575 | বহরমপুর 84799 17952
মালদহ 84799 17953 | মেদিনীপুর 84799 17954 | খড়গপুর 84799 17955 | তমলুক 84799 17957

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. Phone No. : (033) 2460 6211/12, Fax No. : (033) 2460-8233. E-Mail : karmsang@gmail.com